নবম বার্ষিক পত্রিকা

With Best Compliments from

TMC INSTITUTE OF LEARNING

H.O. & Workshop	**Study Centre**
39/3, Canal West Road Kolkata 700004 Ph. 033 25556842 Fax 033 25335528 e-mail : tmcil@tmcgroupindia.com	Sudha Abasan Ground Floor (NW) 12/2, Dakshin Para Road Kolkata 700 028 Ph. 09748906685 (Mob.)

A NAME TO RECKON WITH FOR

★ **Vocational Level Courses**

On Industrial Practices in the fields of (a) Heat Treatment and (b) Non Destructive Testing (NDT) of Metals

Approved by Jadavpur University

Of Six Months duration tailor made & highly recommended for persons who could not continue education after Madhyamik and awaiting for job opportunity in industry as well as for experienced persons with inadequate academic background

Backed by thorough theoretical input & shop floor practices

Moderate fees

Golden opportunity : For candidates registered with Employment Exchange, 50% of course fee will be subsidized by Govt. of West Bengal.

★ **Short Term Courses and workshops**

In association with leading Educational Institutions & professional bodies in the fields of Heat Treatment & Non Destructive Testing (NDT) of metals

Recommended for Engineering Graduates & Diploma holders

সম্পাদকীয়

নতুন বছরে বিগত চার বছরের মতন 'সাঁকো'র নবম সংখ্যা পৌঁছে যাবে ২০১২-র TMC Group-এর ক্যালেন্ডারের সাথে আমাদের শুভাকাঙ্খী ও সদস্যদের হাতে। আজকের ইংরাজী কালেন্ডারের শুরু দু'হাজার পঞ্চাশ বছরের কিছু আগে আর শেষ জানা নেই। পৃথিবীর সূর্যকে একপাক ঘোরা সম্পূর্ণ হলে নতুন বাৎসরিক কালেন্ডার এসে পড়ে আমাদের জীবনে। যাইহোক ধারাবাহিকতা নিয়ে অতি কল্পনা থাক। পত্রিকার বিষয়বস্তুর গভীরতা বা বৈচিত্র্যকে বাড়িয়ে যেতে হবে যাতে লেখক ও পাঠকের মধ্যে ছোট হলেও যে সুন্দর ও সুদৃঢ় পরিমন্ডল তৈরি হয়েছে তা ক্রমবর্ধমান থাকে।

গত বছর আমাদের আপনজনেরা কেউ আমাদের ছেড়ে যাননি। অবসরের পর শম্ভুদা আর. জি. করের কাছে কয়েকমাস আগে অটোর ধাক্কায় রাস্তায় অচৈতন্য হয়ে পড়লেও কারখানার সদস্যদের সাথে পুলিশ ও পথচারীদের তৎপরতায় সময়মত চিকিৎসার ব্যবস্থা হওয়ায় ফের স্বাভাবিক জীবনে ফেরত এসেছেন। আবার অনেকেই বার্ধক্যজনিত কারণে সরাসরি যুক্ত না হতে পারলেও তাঁদের স্নেহ ও আশীর্বাদ থেকে আমরা বঞ্চিত হইনি। পল্লবদার বাবার কাছ থেকে 'অমূল্য' উপহার (স্বরচিত কবিতা) এবারও আমরা পেয়েছি, যা তাঁর শারীরিক অবস্থানুযায়ী আশাতীত ছিল।

প্রবাদ প্রতিম বেশ কয়েকজন শিল্পীকে আমরা হারিয়েছি এই বছরে—রবীন্দ্র সঙ্গীতের 'স্বর্ণকণ্ঠী' সুচিত্রা মিত্র, উচ্চাঙ্গ সঙ্গীতের পিতৃপুরুষ ভীমসেন যোশী, সিনেমার চিরকুমার 'গাইড' দেব আনন্দ, ভিন্নধর্মী নাট্যধারার রূপকার বাদল সরকার, নৃত্যের 'রানার' শম্ভু ভট্টাচার্য্য, প্রখ্যাত ও বিতর্কিত চিত্রশিল্পী মকবুল ফিদা হুসেন, 'গজলশ্রেষ্ঠ' জগজিত সিং অরোরা, অন্যতম শ্রেষ্ঠ কার্টুনিষ্ট কুট্টি, সঙ্গীতের 'যাযাবর' ভূপেন হাজারিকা, বলিউডের রোমান্টিক নায়ক শাম্মী কাপুর, টলিউডের হাসিখুশি 'জটায়ু' বিভু ভট্টাচার্য্য প্রমুখ। এঁদের শিল্পসৃষ্টিগুলি চিরদিনের, মৃত্যুর ক্ষমতা নেই এগুলিকে শেষ করার। তবে সারা বিশ্বের লোক সঙ্গীতের এক পতাকাবাহক উৎপলেন্দু চৌধুরীর অকালমৃত্যু বড়ই বেদনার। এছাড়া ভারতের ক্রিকেট ইতিহাসে সর্বকালের কণিষ্ঠ অধিনায়ক মনসূর আলি খান (পাতৌদি) কেও আমরা এই সময়ে হারিয়েছি। দুর্ঘটনায় ওনার একচোখ নষ্ট হয়ে গিয়েছিল। এই অবস্থাতেও তাঁর ব্যাটিং এবং ফিল্ডিং দক্ষতা সারা বিশ্বকে আলোড়িত করেছিল। নবাবী অভিজাত্যের সঙ্গে এক সংবেদনশীল মনের মানুষ ছিলেন। সকলকে শ্রদ্ধা জানাই।

নামকরণ বা নিবন্ধীকরণ পরে হলেও 'সাঁকো'র জন্ম ২০০১ সালে তপনদার স্মরণসভাতে। প্রকাশনার মতনই গান, শ্রুতিনাটকের মধ্যদিয়ে আমরা আমাদের সম্পূর্ণ অজনা একটা দিককে জানতে পেরেছিলাম। বিশ্বাস অর্জন করেছিলাম যে, তাপ প্রক্রিয়াকরণ বা Piling-র জ্ঞান ও দক্ষতার মত আমরা মানুষের মন স্পর্শ করার মত গান নাটকও করতে পারি কারখানার টিনের চালের তলায়। অবশ্যই অগ্রণী কয়েকজন ছিলেন কিন্তু ভিন্নমাত্রা পেয়েছিল বাকী সাধারণ সদস্যদের অতি প্রিয়জন হারানোর ব্যাথিত হৃদয়ের স্পর্শে। সেই শুরুর পথচলা সময়ের সাথে সাথে অনেকটাই পরিনত হয়েছে। দুঃখের সাথে আনন্দ, প্রতিবাদ, প্রশ্ন, পরীক্ষা-নিরীক্ষা—সব মিলিয়ে সাংস্কৃতিক চর্চার বিষয়বস্তু ও বৈচিত্র্য বেড়েছে। এই ক'বছরে ছোট, বড় মিলে শ'য়ের উপর মানুষ নাচ, গান, আবৃত্তি, নাটকে অংশ নিয়েছে। এরা সবাই আমাদের আপনজন, কেউ অপরিচিত নয়। দর্শকের সংখ্যা কয়েক হাজার ছাড়িয়ে গেছে। আর এই দর্শকও সব আমাদের পরিচিত। 'ভালতে হাততালি-খারাপে গালাগালি' দেওয়া শিল্পচর্চার পৃষ্ঠপোষক দর্শক। শিল্পীদের এক অমূল্য রত্নভান্ডার। সব মিলেয়ে শিল্পচর্চায় 'শত ফুল বিকশিত' হচ্ছে 'সাঁকো'র মধ্যে। সব প্রয়োজনীয় ফুলকে যত্ন করে বাঁচিয়ে রেখে নাচ-গান-আবৃত্তি-নাটকের সুন্দর ডালি সমাজে পেশ করতে হবে। আর এই বিষয়েই চিন্তাভাবনা-আলোচনা- বিতর্ক-দ্বন্দ্ব শুরু হয়েছে কয়েক বছর যা শুভ লক্ষণ।

সমাজে অস্থিরতার বিষয়ে বিগত কয়েকটি সংখ্যায় উৎকণ্ঠা প্রকাশিত হয়েছিল সম্পাদকীয়তে। অস্থিরতা অনেক সময় শুভ পরিবর্তনের পূর্বাভাষ দেয়। পশ্চিমবঙ্গের মানুষ এই আশাতেই মনে হয় বিগত বিধানসভা নির্বাচনে স্পষ্ট পরিবর্তনের পক্ষে রায় দিয়েছেন। দীর্ঘ ৩৪ বছরের টানা বাম শাসনের অবসান হয়েছে। 'মা-মাটি-মানুষ'-র সরকার প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু অস্থিরতা কমার প্রাথমিক লক্ষণ তেমন আশাপ্রদ নয়। জিনিষপত্রের দাম অল্প কিছুদিন হল একটু স্থিতিশীল হলেও সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার প্রায় বাইরে ছিল বিগত মাসগুলিতে, অথচ গ্রামে উৎপাদন খরচা বেড়ে গেলেও চাল-আলু-আনাজপাতি-পাটের বিক্রয় মূল্য গত বছরের তুলনায় নিম্নমুখী, ফলে কৃষকের আত্মহত্যার ঘটনা অন্যান্য রাজ্যের মত এখানেও ঘটছে। আমাদের রাজ্যে শিশুমৃত্যুর হার নিম্নমুখী ছিল দু এক দশক, তা পাল্টাচ্ছে—বিগত কয়েক মাসে রাজ্যের বিভিন্ন হাসপাতালগুলিতে অনেকগুলি শিশুর একসঙ্গে মৃত্যুর ঘটনা ঘটেছে। ঢাকুরিয়ার AMRI হাসপাতালের ঘটনার নিন্দার কোনও ভাষাই বোধহয় যথেষ্ট নয়। এই ঘটনায় ৯৬ জনের মৃত্যুর মাত্র দু এক দিনের মধ্যেই ১৭০-এর বেশি মানুষ (সরকারি হিসেব অনুযায়ী) মারা গেল চোলাই মদের বিষে। জ্ঞানেশ্বরীর আন্তর্ঘাত থেকে যে শবের মিছিল রাজ্যে শুরু হয়েছে, তা কবে শেষ হবে বোঝা যাচ্ছে না। এছাড়া বিদ্যুৎ, রেল, সড়ক পরিবহনের মত অতি আবশ্যিক ও জরুরী পরিষেবাগুলির রক্ষণাবেক্ষণের হাল দ্রুত নিম্নমুখী হয়ে ক্রমেই বিপজ্জনক হয়ে উঠছে। সরকারী সড়ক পরিবহণ সংস্থার কর্মীদের বেতন এবং অবসর প্রাপ্তদের পেনশন অনিয়মিত হয়ে পড়েছে। পরিবর্তনের নামে ছাত্র ইউনিয়ন বা পরিচালন ব্যবস্থার দখল নেওয়ার প্রয়াস অবশিষ্ট শিক্ষা কাঠামোকে আরও কমজোরি করে তুলছে। সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকের জমি ফেরত পাবার আশা আইনের জালে মরীচিকায় পরিণত হয়েছে। দার্জিলিঙ সহ পাহাড়ের বিচ্ছিন্ন হবার আশঙ্কা জোরালো হয়েছে গোর্খাল্যান্ড চুক্তির মধ্য দিয়ে, '৭৭ সালের মত দলমত নির্বিশেষে সমস্ত রাজনৈতিক বন্দীর মুক্তির বদলে বিরোধী দলগুলির রাজনৈতিক বন্দীর সংখ্যা বাড়ছে। বিনাবিচার বা অভিযোগ প্রমাণ না হওয়ার ঘটনাও আছে। রাজনৈতিক আক্রমণ বা হত্যা বন্ধ হয়নি। বিরোধীদের অভিযোগ বেড়ে চলেছে। শিল্পে বিনিয়োগ থমকে পড়েছে। সবমিলিয়ে অস্থিরতা, উৎকণ্ঠা, উদ্বেগ বেড়ে যাচ্ছে। ফলে পরিস্থিতিটা অসহনীয় হয়ে উঠেছে আমাদের মত সাধারণ মানুষের কাছে।

আমাদের অস্থিরতা বা অনিশ্চয়তার মধ্যে পথচলার অভিজ্ঞতা থেকে বুঝেছি যে, একসাথে নিজেদের মিলিত জ্ঞান, বুদ্ধি ও দক্ষতার মিশ্রণ ঘটালে টিঁকে থাকা বা এগোনো যায়। আবার যখনই নিজেরা এক থাকতে পারিনি তখনই অস্থিরতা বা অনিশ্চয়তার প্রভাবে পিছিয়ে পড়েছি বা কাজের ক্ষেত্রগুলি শেষ হয়ে গেছে। আমরা বুঝতে পারছি বাইরের মন্দার প্রভাবে আমরা গত বছরের তুলনায় কিছুটা পিছিয়ে পড়েছি। ফলে সতর্কতার বিশেষ প্রয়োজন রয়েছে, না হলে কাজের নিশ্চয়তা থাকবে না আর কাজের নিশ্চয়তা না থাকলে নূন্যতম প্রয়োজনীয় উপার্জন সময়মত হবে না আর এটা হলে বাইরের অস্থিরতা আমরা সামলাতে পারব না।

সাঁকো, ৩৯/৩ ক্যানাল ওয়েস্ট রোড, কোলকাতা-৭০০ ০০৪ হইতে প্রকাশিত ও লেজার ম্যাট কর্তৃক মুদ্রিত।

সূচীপত্র

কবিতা

ঘন্টি	*অমূল্য ভূষণ পাল*	৫
যাবতীয় ভালোবাসাবাসি	*সাইদা সারমিন রুমা*	৫
রাস্তা	*অভিষেক মজুমদার*	৬
বেমানান	*রাত্রি সেনগুপ্ত*	৬
আদেশ ফেরাও, আপেল খাবো	*সোমনাথ মিত্র*	৬
শেষ লাইন	*পারমিতা*	৭
কবিতা	*রঙ্গিত মিত্র*	৭
অশান্ত ঘূর্ণি	*শুভ্রা পাল*	৮
উন্নয়ন	*ইন্দ্রনাথ সিংহ*	৮
ছলাৎ	*সোমনাথ মিত্র*	৮
বালুকা বেলায় একদিন	*অনুপা (রায়) গুড়িয়া*	৯
হে কিষেণজী.....	*সঞ্জয় দাশগুপ্ত*	৯
৪-রকম	*শ্যামল*	১০
কবিতা গুচ্ছ	*পল্লববরন পাল*	১১
পাঁজির পাঁচালি	*অয়ন ঘোষাল*	১২
শুভেচ্ছা	*সিদ্ধার্থ দত্ত*	১৪

শিশু ও কিশোর বিভাগ

একটি অসমাপ্ত ভ্রমণ কাহিনী	*অর্কপ্রিয়া দাশ*	১৫
একটি গ্রামে	*রোদ্দুর*	১৫
পৃথিবী ছাড়িয়ে ক্রেনিয়াসে	*অর্ক দাশগুপ্ত*	১৬
An Appeal To a Dusty Oblivion	***Surya Shekhar Chakraborty***	**18**
The Perfect Lady...	***Surya Shekhar Chakraborty***	**18**
The Night before Final Term	***Surya Shekhar Chakraborty***	**19**
True education—the medicine of life	***Sunny Roychoudhury***	**19**
বন্ধুত্ব	*কৃশানু ভট্টাচার্য্য*	২০
জল	*কৃশানু ভট্টাচার্য্য*	২১

পাখি	*মুদ্রা (শ্রীধন্যা ভট্টাচার্য)*	২১
The Day	***Raddur Samaddar***	**22**
Path	***Raddur Samaddar***	**22**

প্রবন্ধ, গল্প ও অনান্য

স্বর্গে চক্রটেবিল বৈঠক	*রবীন্দ্রনাথ ঠাকুর*	২৪
এক-চোখো সংস্কার	*রবীন্দ্রনাথ ঠাকুর*	২৫
নির্জলা সত্য	*অধ্যাপক ডঃ মধুসূদন ভট্টাচার্য্য*	২৮
পথ দেখালেন আনন্দ	*রামকৃষ্ণ ভট্টাচার্য*	৩২
অনু গল্প	*পারমিতা*	৩৪
পাহাড়তলি...শহরতলি	*দেবযানী ভট্টাচার্য*	৩৪
মরুভূমির রাজ্যে	*শর্মিষ্ঠা দাস*	৩৫
ছোট্ট মানুষ টিনটিন	*শ্রীমতি কল্যানী দাশগুপ্ত*	৪০
মূল্যবোধ ও আমরা	*অমিত হবিষ্যাসী*	৪১
নিষ্ঠুর মজা	*অজয় মল্লিক*	৪৩
বর্তমান সমাজের সামাজিক অবক্ষয় এবং তার প্রতিকার	*অসিত মজুমদার*	৪৫
পুঁজিবাদের টানে সমাজের বিবর্তন	*জগন্নাথ রায়*	৪৬
চুল নিয়ে চুলোচুলি	*শ্যামল*	৪৯
The Importance of Communication	***Ananya Chakraborty***	**51**
Stay Hungry, Stay Foolish	***Prasun Ray***	**52**
Real Myth	***Aritra Bhattacharya***	**54**
SMILE AS A LYRICAL EVALUATION.....:	***Souravi Chatterjee***	**55**
The Impact of Social & Environmental Crisis on Women in North East India (*With Special Reference to Meghalaya*)	***Dr. (Mrs) Manjari De***	**56**

স্থায়ী বিভাগ

● পশ্চিমবঙ্গের শিল্পায়ন একটি বিকল্প		
কারিগরী ক্ষেত্রে জীবনভর অবিরাম শিক্ষা কি সম্ভব?	*প্রণব রায়*	৬১
Temper কারখানার চোখে পশ্চিমবঙ্গের শিল্পায়ণ— *পর্ব-৪, বিষয় - পরিকল্পনা*	***Temper** কারখানার পক্ষে বিপ্লব ভড়*	৬৫
Energy - Present & Future- Few questions	**A collating initiative by TMC group**	**70**

কবিতা

ঘন্টি

অমূল্য ভূষণ পাল

কেউ যেন কড়া নেড়ে গেলো
দরজায় ঘন্টি বাজালো—
বৈষয়িক নানাবিধ তৈজসাদি নিয়ে
আমার তখন হাত জোড়া;
আভাসে জেনেছি মনে তবু
খাঁ খাঁ রোদে জৈষ্ঠ্যের দুপুরে
নির্ঘাৎ অতিথি এসেছিলো।

কোনো চিঠি টেলিফোন ফ্যাক্সবার্তা
পাঠাইনি তাকে
আঁকাবাঁকা পথে তবু জীবনের বন্ধুর বিপাকে
আমার আপন কেউ অনিবার্য থাকে—
সেই এসে অসময়ে ডাকে।

আমাদের পৃথিবীর অলিগলি
দুয়ারে দুয়ারে ঘুরে ঘুরে
প্রাচীন পিওন আসে এপাড়ার পড়ন্ত দুপুরে—
তারই পিছু পিছু
আরো কেউ, আরো যেন কিছু
আসে আর ছুঁয়ে যায় হঠাৎ আমাকে।

জীবনের যাবতীয় বিস্ময়চিহ্ন দিয়ে আঁকা
কোনো এক অন্তর্গত স্বপ্ন-সাগরিকা
সামাজিক মাপে কোনো নেই চেনাজানা
তবু তার সর্বনাশা এই আনাগোনা

সব কিছু ভেঙেচুরে যায়
ঘুর্ণির ঘন্টি বাজায়।

যাবতীয় ভালোবাসাবাসি

সাইদা সারমিন রুমা
(International Director at Canadian Educational Services, Toronto, Ontario)

আসলে পৃথিবীতে যাবতীয়
ভালোবাসাবাসির ঝামেলা না থাকাই ভালো
গভীর রাতে কথাগুলো ভাবতে ভাবতে
আমি বিছানা ছেড়ে উঠে বসি ঈষ
হঠাৎ হৃদপিন্ডটা মুচরে উঠে
আর মনের গহীনে জেগে উঠে অভিমান
ঘুমের মাঝে ডুবে আছে
এই আধো ডোবা শহরটা
আমি জানালার পাশে এসে দাঁড়াই
ভালোবাসা আর ঈর্ষা-এ দুটো
কখনই পাশাপাশি চলে না
ভালোবাসা বলতে যেখানে থাকবে বিশ্বাস
আর মুক্ত আকাশের মতো মন
অথচ দেখা যায় ভালোবাসার অর্থ
অনর্থেই হারিয়ে যায়
তাই ভালোবাসাবাসির ঝামেলা
না থাকাই ভালোই
যে ভালোবাসায় পুর্নিমার চাঁদটাকে
পেড়ে আনতে চায় হাতের মুঠোয়
সে হাতটাই একদিন হয়ে যায়
বড্ড বেশি অপরিচিত
যে আকাশ বাতাস পাহাড় নদীরা
কথা বলে ভালবাসার সময়ে
ওরাই একদিন হয়ে যায় মৌন
আমি আবার জানালা থেকে ফিরে আসি বিছানায়
আর দৃঢ়ভাবে বুঝে নিই
আসলেই পৃথিবীতে যাবতীয়
ভালোবাসাবাসির ঝামলা না থাকাই ভালো।

রাস্তা

অভিষেক মজুমদার

অধিকারের লড়াই আজ রাস্তাতে,
বেঁচে থাকার লড়াই কোনো দিন
বিক্রি হয় না সস্তাতে,
লড়াই যে আজ রাস্তাতে।
শ্রমিকের শ্রম হচ্ছে চুরি
আজ শিক্ষাকে কিনছে অর্থ,
মূল্যবৃদ্ধি দুনিয়া জুড়ে
সাধারণের বেঁচে থাকা আজ বড় কষ্ট।
তাই প্রতিবাদ আজ রাস্তাতে।
বিদ্রোহ আজ কবিতায়
বিপ্লব গানে গানে,
কত শত মানুষ এক হচ্ছে আজ
মেলাচ্ছে গলা শ্লোগানে।
তাই প্রতিরোধ আজ রাস্তাতে।
পুলিস আজ এসে চালাক গুলি
তাতে কার কি বা এসে যায়,
পুঁজিবাদ কে কবর দিতে
নেমেছি যে আজ রাস্তায়।
তাই প্রতিশোধও আজ রাস্তাতে।

বেমানান

রাত্রি সেনগুপ্ত

কেন দূর থেকে দূরে অনিমেষ চলে যাচ্ছে?
চিঠি, ডাকবাক্সেই অনন্তকাল থাকছে।
ফাঁকা, মাঠ দেখে কেন মেঘ করে এল মনে
কেন, ত্রিভুজ আঁকি খাতার বাঁদিক কোনে?

কোন, সবুজ ঘাসের মাথায় জিরোয় ফড়িং,
কিস্তি, শোধের দিকেই সুলভ গৃহের ঋণ।
আজ শ্যাম্পু মেখেছি, চুল আঁচড়াবো কাল।
আজ, কুমির এনেছি, পরশু কাটবো খাল।

দিব্যি সাবান মেখেই ফর্সা হলাম আমি।
পড়ে, পাওয়া চৌদ্দআনার মতই দামি।
কোন, অলংকারে বাক্য রচনা করব?
আমি, মরণ কালে হরির কোলেই মরব।

কি দারুণ কিছু নিদারুণ ফটোগ্রাফি,
বনের, মোষ তাড়িয়েও সময় থাকে কাফি।
জুন মালিয়াকে যদি 'মাল্য' লেখা হয়,
শোলের কালিয়া তবে 'কাল্য' কেন নয়?

কেন চোখের জলে গাল ভেজালাম, ইশ্!
অঙ্ক মেলেনি, তাই ইঁদুর মারার বিষ!
বেঞ্চে খোদাই করে ভালোবাসার সই,
নিজের কাছেই নিজে সুপারহিরো হই।

আদেশ ফেরাও, আপেল খাবো

সোমনাথ মিত্র

অনন্ত এক ব্যাথা আছে বুকে
অনন্ত এক স্বেচ্ছাচারী মানুষ
আদেশ দিচ্ছে খুল্লতাত কেউ
সঙ্গে ইচ্ছা লেগেই আছে ফেউ।

দুটো পা-ই দুই নৌকায় রাখা
একটা পুবে আর একটা পশ্চিমে
খুল্লতাত, নাকি স্বেচ্ছাচারী
কোন দিকে সেই ভালবাসার নারী।

একটা শুধু ব্যাথাই আছে জেগে
মন কেমনের বিকেল বেলার ছাদে
আদেশ মেনে দিচ্ছি গাছে জল
ফুল ফুটলেও কোথায় আপেল ফল?

আপেল খাবো ছোট্টবেলার সখ
খুল্লতাত তর্জনী বার করে
স্বেচ্ছাচারী মানুষ মুক্তি চায়
তর্জনী নয়, আপেল খেতে চায়।।

শেষ লাইন

পারমিতা

এখনো শেষ লাইন লেখা হয়নি চিঠিটার,
এমনই ছিল মজার ব্যাপার—
বয়স ষোলো কি সতেরো
আবছায়ায় আলোতে মনের কথা
সেই শুরুর দিন,
শ্রীচরণেষু, নানা যা তবে! 'আমার তুমি'
বেশী বেশি বাড়াবাড়ি হবে।
নামটি দিয়েই সম্মোধন,
তারপর কি লিখব—
'কেমন আছ তুমি'?
লিখব তবে 'আমার কথা তোমার মনে...'
না, সে টা আমার না জানাই ভালো।
'আজ যখন চোখের দিকে তাকিয়ে...'
দূর, যদি ও না ভাবে।
লজ্জা হল, সংকোচ ছিল সাথে
কি বলব আবার কি লিখব হাতে।
আশঙ্কা ও ছিল অনেক,
যদি এভাবে না ভাবে।
দেখতে দেখতে দিন গেল, সপ্তাহটা এল
মাসের পরে মাসকে নিয়ে
বছর ঘুরে গেল।
বছর বছর চলে গেলো
এখন তুমি ব্যস্ত,
বৌ আর ছেলেমেয়ে
সংসার একটা আস্ত।

আমি এখন জনকল্যাণে
বয়স্কদের পড়াই,
যে মায়েরা ভাত পায়না
তাদের খাবার জোগাই।
লেখার ছিল অনেক কথা
কোথায় লেখা হল
দেখতে দেখতে সেই চিঠিটার
শেষ লাইনটাও এল।
চিঠিটা তো বদলে গেছে
বদলেছে তার ভাব,
শেষ লাইনটা লিখতে চাইছি
কিন্তু শব্দের বড় অভাব।

কবিতা

রঙ্গিত মিত্র

(১)

এলে বেলে বাসগুলো যারা সকাল বেলা এসেছিলো,
তারাও বাড়ি চলে গেলো
আর আমি আমার পাশে বসা সহকর্মিনীর মোবাইলে 'ওয়ে'
এফ এম দেখছি
বাদামের গন্ধে বিভোর বাসস্টপ;
ওপাশে একটি বাচ্চা মেয়ে, চিপস কেনার আনন্দ উত্তাল
তার মায়ের চোখে, সকালে বাবুদের ইস্কুল...
সিগনাল লাফাচ্ছে জানলায়
ঢেউ থেকে মাথাতুলে আছে বাস...যেভাবে একজন মানুষ
অন্যের উপর ভর দিয়ে এগিয়ে চলে যায়...

(২)

পুর ও কি ঘরোয়া হয়
আবার আড্ডা মারার রক;
রকের পাশের বাড়ি থেকে তুমি রিক্সায় চলে গেলে,
বাসস্ট্যান্ডপুর
সেই মেয়েলিআদর আসে পাতার উপর
স্বপ্নের আগুন জ্বালা...পুরুষ প্রহর

আমাদের ঘুম নেই...ঘুমের ভান করে নিজেদের বুঝে নিই
নিজেদের সব আবেদন
এখন প্রশ্ন একটাই...প্রেম কি বয়স নির্ভর!!!

(৩)

প্রত্যেকটা সুযোগ হারিয়ে যায়
টিনটিন চলে আসে আমার ডাকবাক্সে
বিদেশ থেকে আসা চিঠির স্ট্যাম্প আমার প্রিয়
প্রিয় সেই সব অক্ষরের প্রেত, আমার স্বপ্ন দেখায়
কিন্তু তোমায় কখনো সেটা বলতে পারিনি
তোমাকে জমিয়ে রেখেছি আমার এম-এম-এসে,
আমার ডাইরির পাতায়

ট্রাম লাইন পেরিয়ে তোমার লেটার বক্সে চিঠি পাঠাবার আগেই দেখি, রনির বাইকে তুমি গোলপার্ক দিয়ে ছুটে চলে যাচ্ছো...

অশান্ত ঘূর্ণি

শুভ্রা পাল

পরিশ্রান্ত দিনের বৈকালিক অবসরে
নীল আকাশকে সঙ্গী করে
কল্পলোকে যখন ভেসে যেতে চায় মন,
ঠিক তখনই — হৃদয় কোনে,
'দুর্ভাবনা' দোল খেতে খেতে -
হুল ফুটিয়ে দেখিয়ে দ্যায়—
রুক্ষ-কঠিন বাস্তবের যন্ত্রণায়
পৃথিবীটা কত বদলে যাচ্ছে প্রতিদিন,
'জাতি-বিদ্বেষ' আজো সমঝোতাহীন।

অমানবিকতার-
অবাঞ্ছিত কীটানু সংখ্যা -
কলুষিত করছে সবুজ মনোরাজ্য,
ভাবনার অস্থিরতায় জন্ম নিচ্ছে অবিশ্বাস।

কে জানে —
আগামী প্রজন্ম
গড়বে কোন নতুন ইতিহাস—
ভাবতেও শিউরে ওঠে মন,
জানি না কখন - কোনরূপে
মৃত্যু এসে দাঁড়াবে শিয়রে.....

উন্নয়ন

ইন্দ্রনাথ সিংহ

(১)
আমার শ্বশুরবাড়ির পাড়ায়,
বাড়ছে আড়ে, বাড়ছে দাড়ায়,
ইমারত এক গগনচুম্বি।
দিনরাত তার হম্বিতম্বি,
পারলে আমাদের সে তাড়ায়
দেখি, ব্যাপারটা কি দাঁড়ায়।

(২)
ছিল টিবি হাসপাতাল।
দেখে এলাম কাল
ডাক্তার বানানোর
নার্সিং শেখানোর
হয় সেথা কারবার।
একবার ভেবে দেখ হাল।

(৩)
হাওয়া টাওয়া ইদানীং
বেশ যায় বোঝা।
জয় ইঞ্জিনীয়ারিং,
পতিত জমি, সহজ হল খোঁজা।
বেড়ে উঠল, গড়ে উঠল, South City Mall
ইঞ্জিনীয়ারিং-এর জয়-জয়কার
ঘটল কিনা বল।

ছলাৎ

সোমনাথ মিত্র

খরস্রোতা নাই বা হলে তুমি
স্রোতস্বিনী হলেই আমার হবে
একটা শুধু জোয়ার পেলেই রাত
কাটবে হাবুডুবুর মহোৎসবে।

ভাঁটায় যদি ভাসাও, তবে যাবো
সোহাগ মাথা তোমার ছলাৎ বুকে
ভাসবো, নাকি ডুববো অকারনে
তার কোন দায় নেই আজ সম্মুখে।

তোমার ঘোলা জলেই যদি নামি
মাছ ধরতে কিংবা সুখের স্নানে
ভয় পাইনা কোনই ভয়ঙ্করে
পা ধরে সেই কুমির যদি টানে।

কারন তোমার স্রোতের মায়া ছেড়ে
মাটি আমায় টান দেয়নি আজো
আমার বুকে তুমিই স্রোতস্বিনী
রাত্রি দুপুর ছলাৎ ছলাৎ বাজো।।

বালুকা বেলায় একদিন

অনুপা (রায়) গুড়িয়া

(১) স্বর্গদ্বারে

পুরীধামে নির্জনে
দুপুরেতে বসে আছি একেলা—
সাগরজলের শব্দের
ঢেউ গুণে;
উদাস মনে কাল গুণছি।।
প্রকৃতির এই আনন্দেরি খেলা দেখে
মন চলে গিয়েছে - সুদূরে
কোনখানে?
জানি না।।
বিজন অলিন্দে বসে
নিজেকে মনে হচ্ছে
কবি, শিল্পী, আরো কত কি!
জানি
আমি নিতান্ত সাধারণ বালা
তবুও
মানুষের ভাবনায় দোষ কি?

(২) সাগরতীরের কথা

অগণিত মানুষ চলেছে
সমুদ্রের বালুতটে—
মধ্যাহ্নেও সৈকতের
বিশ্রাম নেই আর।
জনস্রোত তাকে মাড়িয়ে চলেছে—
তার দেহবেদনা কে-বা-বোঝে?
সাগরের উত্তাল তরঙ্গের মাথায়,
মাঝে মাঝে দেখা যায়—
পালতোলা নৌকা
বালকেরা ঢেউয়ের তালে তালে;
জল নিয়ে করছে খেলা।

হে কিষেণজী.....

সঞ্জয় দাশগুপ্ত

ছিলেনা আমার বন্ধু কখনো
মতেও বিশাল ফারাক,
তবুও কখনো চাইনি মনেতে
কমরেড কোনোও
ভ্রষ্টপথেই পথ হারাক।

কমরেড,
তুমি চেয়েছিলে ''চে'' হতে
হয়েছিলে শত্রু সেনানী
এ দেশের শেষ আদমশুমারি
তোমাকে গোনেনি।

হে, কিষেণজী.....
তুমি চাপিয়ে ছিলে
কার্তুজ হাতে নিজের মত,
দানবী বানিয়েছ নিজের হাতে
ভুলে গিয়ে সব সহবত।

কমরেড,
অবশেষে হলে হেনরী তুমি
আর মতগুলো ফ্রাংকেনস্টাইন
ভুলে গেলে কেন?
দেশে জারী আছে—সেই হীরক রাজারই আইন।

হে, কিষেণজী.....
যে দেশে এখনও রামের নামে
ভোট দেয় নর-নারী,
সে দেশে এখনই বিপ্লব খোঁজা
সত্যিই বাড়াবাড়ি।

কিষেণজী
তোমার মৃত্যু খবরে আমি
শান্তি ও দুঃখ পেলাম,
ঘৃণা ভরা বুকে - তবুও জানাই
লক্ষ্যকে সেলাম।

৪-রকম

শ্যামল

ধূসর স্মৃতি

মেঘলা আকাশ
কখনো গুমোট, কখনো এলোমেলো হাওয়া
কখনো ঝিরিঝিরি, কখনো ঝমঝম।
জানলায় বসে
ক্লান্ত নয়নে পথ চেয়ে থাকা
হঠাৎ, তোমায় মনে পড়া-
এলোমেলো চুল
ভিজে যাওয়া শাড়ি।
লাজুক দৃষ্টি
ঠোঁট চাপা হাসি।
জানি না, এখনো
তুমি আমায় ভালবেসে ছিলে কিনা,
বা, আমি তোমায়....

এপিটাফ

শত্রুর গুলিতে বা আক্রমনে, আমার মৃত্যু হয়—
আমার মৃতদেহের উপর রেখো একটা লাল গোলাপ।
যেন সবাই বুঝতে পারে—
আমি লড়াইকে ভালোবেসেছিলাম।
আর, মৃত্যুর পর উপস্থিত সবাইকে দিও
একটা করে সাদা গোলাপ
যেন সবাই বুঝতে পারে—
আমি শান্তি চেয়েছিলাম।

আরেক একটা কথা সবাইকে বলে দিও—
আমি মানুষকে ভালোবেসেছিলাম।

জন্মসার্ধশতবর্ষে

কিছু একটা করতেই হবে। সেটা যদি বিখ্যাত লোকের হয়।
জীবিত হলে এক রকম, আবার মৃত হলে আরেক রকম।
আবার দেখতে হবে, তিনি কে? অর্থাৎ তার কর্মক্ষেত্র। ধুর
কিছু বেলে বকে ফেললাম। বেশ করলাম।

যা বলার বলেই ফেলি।
হ্যাঁ, রবিবাবু তুমি আমার আদর্শ ব্যাক্তি নও।
তবুও আমার চিন্তায় তোমার উপস্থিতি সদা সততই।
তোমার বহু লেখার সঙ্গে আমরা ঘোর বিরোধ।
সেই বিরোধ আমাকে কত জানায়, শেখায়।
তোমার লেখা ভারী অদ্ভুত-
একেকবার একক রকম মানে হয়ে দাঁড়ায়
অন্তত আমার কাছে।
আমার আকাশ দেখা জানলা দিয়ে
কখন সখন ছাদে গিয়ে
আর, রাস্তায় দেখি বৃষ্টি আসবে কিনা—
আমার মানুষ দেখছি অনেক
রাজনীতি আর সমাজসেবার দৌলতে।
এখানেও তোমার প্রভাব বড্ড বেশি।
তোমাকে নিয়ে সমালোচনা সহ্য হয়।
যদি তা সত্যিই সমালোচনা হয়।
কিন্তু তোমার গানের বিকৃতি
আমার সহ্য হয় না।
তারা লিখুক না নিজের মতো করে
যা ইচ্ছে সুর দিক, যত খুশি বাজনা বাজাক।
তোমার জন্মদিনে তুমি থাক নীরবে
আমার হৃদয় জুড়ে।

কিস্তিমাত

আট পঙ্কতি, আট সারি
চৌকো ঘর, চৌষট্টি।
সাদা কালো, পাশাপাশি
বর্গাকার, সমান সকলি।

প্রস্তুত দুই ধারে
ষোল জনের সৈন্যদল।
সাদা কালো দুই পক্ষ
উভপক্ষের সমবল।

দুই ঘোড়া, দুই হাতি
নৌকা আছে দু-খানি,
সামনে আট সেনানী
রাজা-মন্ত্রী মধ্যমণি।

সকল ঘুঁটির আলদা গড়ন
নিয়মে বাঁধা সবার চলন।
নয় মারো, কিংবা মরো
রাজার চাল বন্ধ করো।

রাজা বন্দী ঘুঁটির চালে
করলে তুমি বাজিমাত।
বলবে মুখে উল্টোদিকে
এই যে ভায়া, কিস্তিমাত।

কবিতা গুচ্ছ

পল্লববরন পাল

একটা কবিতা লিখে

একটা কবিতা লিখে বাঙলার শিল্পসমাধান
একটা কবিতা লিখে শেষ হবে সন্ত্রাসের রাত
একটা কবিতা লিখে উথলাবে সোনার ফসল
একটা কবিতা লিখে দিতে হবে চরম আঘাত

একটা কবিতা লিখে চিহ্নিত হবে শত্রুরা
ষড়যন্ত্রকারীদের গোপন মুখোশ যাবে খুলে
একটা কবিতা লিখে বিপ্লব দীর্ঘজীবি হোক
একটা কবিতা লিখে পৌঁছে যাবো সমাধান-মূলে

প্রশ্ন থেকে উত্তরে বা উত্তর থেকে দক্ষিণে
শব্দ আর অক্ষরেরা গরম তুমুল গোলাগুলি
কবিতার জলোচ্ছাসে ধুয়ে যাবে পাপী মহাদেশ
ভেজা ক্যানভাসে উঠে আসুক নতুন রঙ-তুলি

কবিতা, কোথায় তুমি? এ কালনিদ্রা থেকে জাগো
ইস্পাতছুরির মতো লকলক করুক আশ্বাসে
মহত্ত্বর জীবনের মিছিলে শ্লোগান হয়ে এসো
নইলে বাংলা দ্যাখো ক্রমাগত ভরে যাচ্ছে লাশে

জ্ঞান-ঈশ্বরী

ঘুম নিয়ে গেলো ঘুমহীনতার দেশে
রাজনীতি সন্ত্রাসের সঙ্গে মেশে
উড়ে গেলো ট্রেন ঘুমন্ত শবদেহ
এও রাজনীতি - নেই কোনো সন্দেহ
এস্ টু-র মাথা এস্ ফাইভের ধড়ে
কাটা জানলায় কাটা হাত নড়ে চড়ে
চারদিক জুড়ে জঙ্গল সন্ত্রাসী
মাথায় রাত্রি টিআরপি প্রত্যাশী
বকধর্মের গরম শান্তিজল
ছিটিয়ে বলেন — শত্রুর গ্যাঁড়াকল
চলে যান প্রাক-নির্বাচনিক প্রচারে —
শত্রুর নামে কালি দিয়ে ভোট গোছা রে
শত্রু তখন নীরবে সরডিহায়
তোবড়ানো বগিতে জীবন হাতড়ায়।

নির্বাচন ২০১১

আমার বিছানা জুড়ে শিল্পিত সন্ত্রাস দাও
স্বপ্নশকটভিত্তি ধ্বংস করো দেহচারণায়
বালিশপাহাড় জুড়ে তুলোঝড়ে দাও আশকারা
নখে নখে রক্ত হেঁটে যাক শরীরের সীমাদেশে
ঘৃণ-নয়নে শুয়ে শুয়ে গ্রাস করো উন্নয়ণশিখা
যাপনে বিকৃত করো আমাদের ভাষার আবেগ
এ গভীর মধ্যরাত দহনে আকুল জ্বালামুখি
আমাকে দহন দাও — তুমি বসো রঙ তুলি নিয়ে
শ্বাপদ শৃঙ্গার আঁকো অনিচ্ছুক বিছানা ক্যানভাসে
এই মুহূর্তের নেই লিপিযোগ্য আগামী-অতীত
জ্বালামুখে সত্য হোক আরণ্যক আদিম উৎসব

আপাতত বিনাশেই নিষ্ঠ হও আপাদমস্তক
সঙ্গম-বিক্ষত দেহে ভস্মশয্যাভূমি ফুঁড়ে কবে
মিঠে লাল ভোরের অঙ্কুর ফুটে উঠবে সেই আকাঙ্খায়
অন্ধকার ঘাড়ে করে রাতভাঙা কাজে নামতে হবে

বাসনাবৃষ্টি

আজকে তোমায় বলবো আস্ত পৃথিবী
শুনতে চাও কি না চাও — নিছক অবান্তর
পৃথিবীর গান আকাশ কি মনে রাখবে না?
সেটা আকাশ আর পৃথিবীর ভালোবাসান্তর

তার চে' তোমায় একটা আকাশ শোনাচ্ছি
যেদিন সে ছুঁড়ে মারলো ধারালো বৃষ্টিও
তারিখ বা সন সঠিক স্মরণে নেই আমার
যতোদূর মনে হয় একাদশ খৃষ্টীয়

তোমাকে বলতে পারতাম যদি এইসময়
অবসাদে বুক চুরমার মুখ থমথমে
পৃথিবী-আকাশে বৃষ্টিরা কেন নিরুদ্দেশ
পাতাল সফরে টালিগঞ্জ থেকে দমদমে

জানি তুমি এর একটা কথাও শুনবেনা
বাতাসের মতো ভেসে চলে যাবে দূর গ্রামে
আকাশ পৃথিবী যেখানে গোপন শৃঙ্গারে
মিলিত হবার বাসনাবৃষ্টি নীল খামে।

পাঁজির পাঁচালি

অয়ন ঘোষাল

পাঁজির আদিকথা

শুন শুন সর্বজন শুন দিয়া মন।
পাঁজির কাহিনী কথা কবির বর্ণন।।
আদিম মানুষেরা কাঁচা মাংস খেত।
তারি সাথে ফলমূল যাহা কিছু পেত।।
চাষ বাস আদি কর্ম জানিত না ভাই।
সময়ের ধারণাটা ছিলো নাকো তাই।।
হাজার বারো বছর আগে হালচাল দেখে।
বীজ বোনা আদি কার্য মহিলারা শেখে।।
জমি চাষ করে বাঘ সভ্যতার ঊষা।
চাষের কাজেতে চাই সময়ের ভাষা।।
সূর্য দেখে দিন রাত মানুষ শিখিল।
পক্ষকালে চাঁদ জাগে সেটা নিরখিল।।
বৃষ্টির বারিধারা ফিরে ফিরে আসে।
তাই দেখে বছরগোনা হয় বারো মাসে।।

পাঁজির জন্ম কথা

সূর্যের চলাফেরা আকাশের বাটে।
সারা বছরের চলা তারাদের পটে।।
আকাশের পট জুড়ে অগনিত ছবি।
সূর্যের পথ জুড়ে বারোটিকে ভাবি।।
বারোটিতে বারো ছবি নাম তার রাশি।
বারো ভাগে তিনশো ষাট কোন ভাগ কষি।।
প্রতি ছবি ভাগে ত্রিশ ডিগ্রি করে পায়।
এক মাসে সূর্য তাই ত্রিশ ডিগ্রি যায়।।
সূর্যটারি চলার পথ রবিমার্গ নাম।
সেই পথ ব্যেপে আছে বারোটি রাশির ধাম।।
রবি মার্গের দুই পাশে নয় ডিগ্রি করে।
গ্রহগুলির চলাফরা সেই পথ ধরে।।
মেঘ, বৃষ, মিথুন কর্কট প্রথম চার রাশি।
সিংহ, কণ্যা, তুলা নাম আছে পাশাপাশি।।
বৃশ্চিক, ধণু, মকর, কুম্ভ আরো চার।
মীন নামেতে শেষ রাশি রাশিচক্র পার।।
প্রতি রাশির মধ্যে আছে যে মূল তারা।
নক্ষত্র বলি তার নামেতে মাস ধরা।।
বিশাখা নক্ষত্রের নামে বৈশাখ মাস হয়।
জ্যেষ্ঠার নামেতে জ্যৈষ্ঠ মাসকে চেনা যায়।।
এমনি করে চিত্রার নামে চৈত্র মাস হয়।
বারোটি তারার নামে বছর ঘুরে যায়।।
তবুও সূক্ষ্মতর গণনা করি।
বছর জুড়ে সাতাশটি নক্ষত্র ধরি।।
সূর্য চাঁদের অবস্থানের ফারাক দেখে।
তিথি নামে সময়েরি একক শেখে।।
গ্রহদের নামে নামে সপ্তাহ ভানি।
যোগ ও করণ কালের সূক্ষ্ম একক মানি।।
বার, তিথি, নক্ষত্র, যোগ, করণ লেখা হয়।
পক্ষ অঙ্গ আছে বলে পঞ্চাঙ্গ কয়।।
বাংলাদেশে তার সঙ্গে বারব্রত জোড়ে।
পঞ্জিকা নাম তারি, পাঁজি মুখে ঘোরে।।
ভারতের মানুষজনের সর্বদর্শন সার।
পাঁজি বিনে অন্ধকার আজ দেখে সংসার।।

পাঁজির ভাগ্য বিড়ম্বনা

কাল মাপার সূক্ষ্মতম সারণী পাঁজি।
ভাগ্যের বিড়ম্বনায় পড়েছে সে আজি।।
বরাহ লিখেছিলেন সূর্য সিদ্ধান্ত।
সেই থেকে পাঁজির আর দুর্গতির নেই অন্ত।।
আকাশ চিনে জ্যোতির্বিজ্ঞানীদের হাতে।
পাঁজির জন্ম সেদিন হয়েছিল রাতে।।
আকাশের গ্রহতারা নিজেদের মতো।
প্রকৃতির নিয়ম মেনে যাতায়াত যতো।।
বরাহের সিদ্ধান্তে কখনো তা নয়।
মানুষের ভাগ্য সেথায় নিয়ন্ত্রিত হয়।।
রাহু-কেতু-রবি-শনি কে কোথায় রবে।
তাই দেখে মানুষের ভাগ্য বলা যাবে।।
কেমন করে জানবো আজ সত্যি সেটা হয়।
বরাহ যে বলেছেন মিথ্যে সেটা নয়।।
সতি কি না যাচাই আজ করতে যদি চাও।
জে বি নারলিকারের মানমন্দিরে যাও।।
একশো জন বিখ্যাত জ্যোতিষীকে দিয়ে।
হাজার জন পড়ুয়ার ভাগ্যটা গুনিয়ে।।
পরিসংখ্যান কষে আজব ফল মিলিলো।

হেড্ টেল্ টস করিলেও একই তথ্য এলো।
জ্যোতিষীরা গণনায় কত টাকা নেয়।
একটি মাত্র পয়সা থাকলে টস করা যায়।।
তবুও মানুষজন ভাগ্য গুণতে ছোটে।
বিপদের ভয়ে তারা শনির পায়ে লোটে।।

গ্রহ বিভ্রাট

আকাশের গ্রহতারা অদৃষ্ট চালায়।
গ্রহদের হিসেব চাইলে জ্যোতিষী পালায়।।
নবগ্রহ আছে সেটা সবাই জানি।
তালিকাটা জানতে চাইলে বিপদ মানি।।
রবি ও সোম গ্রহ হয় পাঁজির হিসাবে।
নক্ষত্র ও উপগ্রহ গ্রহ কী ভাবে?
রাহু কেতু গ্রহ নাকি? সত্যিই আছে?
গ্রহণ গোনার সুবিধায় কল্পনাতে আছে।।
আর পাঁচটি গ্রহ সূর্য প্রদক্ষিণ করে।
পৃথিবী গ্রহ বলে জ্যোতিষ না ধরে।।
এমন যদি গণনার ভিত্তিভূমি হয়।
কেমন করে গণনাতে ফলের মিল রয়।।
বুদ্ধি করে আন্দাজ করতে যদি পারো।
জ্যোতিষমশাই হয়ে আন্দাজে ঢিল মারো।।

দৃকসিদ্ধি

পাঁজির কথা বলছো আজ বলতো দেখি।
তোমার হাতের পাঁজিটা আসল না মেকি।।
পাঁজির মতে তারারা কোথায় কে আছে।
আকাশ মিলিয়ে দেখো গুলিয়ে গেছে।।
আহ্নিক বার্ষিক ছাড়া আরো গতি আছে।
অয়ন চলন নাম তার ভুলনাকো পাছে।।
আজকে যাকে ধ্রুব তারা বলছো ভাই।
হাজার বছর আগে দেখো ধ্রুব সে নাই।।
পৃথিবীর অক্ষটা লাট্টুর মতো ঘোরে।
হাজার বছর আগের আকাশ যায় তাই ঘরে।।
আগের আকাশ দেখে যে পাঁজি বানানো।
আজকের আকাশেতে যাবে না মেলানো।।
আঠারোশো নব্বই সালে নতুন করে।
বিশুদ্ধ সিদ্ধান্ত রচনারি পরে।।
অয়ন চলনের কথা হিসেবে আনি।
নতুন মতের পাঁজি আজ দৃক্‌সিদ্ধ জানি।।
ভাগ্যের যাঁতা কলটা মুক্ত করে দিয়ে।
মেঘনাদ সাহা আসিল নতুন পাঁজি নিয়ে।।
সরকারী প্রকাশ আজ রাষ্ট্রীয় পঞ্চাঙ্গ।
মেঘনাদের স্বপ্নটি আজ হয়েছ ভঙ্গ।।
জ্যোতির্বিজ্ঞান পাশে ঠেলে জ্যোতিষ রাজ।
রাষ্ট্রীয় পঞ্চাঙ্গটা জুড়ে আছে আজ।

ভাগ্যহীণদের কথা

বারো মাসে বারো ছবি নাম তার রাশি।
মোটামুটি সমান অংশে আছে ভাসি।।
কিন্তু যদি ঠিক মতো বিচার করতে চাও।
সর্পধারী রাশির কথা হিসেবে নাও।।
বারো রাশির এলাকা বাদ রেখে ভাই।
ত্রয়োদশ রাশিটিতেও সূর্যটিকে পাই।।
সেই রাশির সময় তোমার জন্ম যদি হয়।
তোমার ভাগ্যেরই বিচার জ্যোতিষশাস্ত্রে নয়।।

শেষ কথা

এতবধি অবিচার পাঁজিতে আছে।
তবু পাঁজিকে বাদ দেবার জো কি আছে।।
পাঁজিকে বাদ দিলে দেশ বুঝবে নাকো ভাই।
পাঁজিকে বাদ না দিলে মুক্তি তোমার নাই।।
পথ যদি পেতে চাও চিনের কথা ভাবো।
মেঘনাদের স্বপ্ন নিয়ে খাঁটি পাঁজি পাবো।।
সেই আশা নিয়ে করি পাঁচালি সারা।
অয়ন ঘোষের কথা শোনে গুণী তারা।।

কৈফিয়তঃ পাঁচালির ছন্দের চোদ্দোমাত্রা সাধ্যমতো বজায় রাখার চেষ্টা করেছি। কিন্তু ত্রিপদী ছন্দ ধরে রাখা সম্ভব হয় নি। পাঁচালিতে একদাঁড়ি ও দু দাঁড়ি ছাড়া অন্য কোনো যতি চিহ্ন থাকে না। কিন্তু কয়েক জায়গায় আধুনিক যতিচিহ্ন ব্যবহার করতে বাধ্য হয়েছি। পাঠক মন খুলে সমালোচনা করলে সম্মৃদ্ধ হবো।

শুভেচ্ছা

সিদ্ধার্থ দত্ত

ব্যথা মেয়ের সারা শরীর জুড়ে
মাথা থেকে নামে ঘাড়ের 'পরে
শ্বাসের টানে রাত জাগা দু চোখে
ভোর হয় তার রাতকে কোলে ক'রে।

সকাল হতেই কত রকম কাজ
কত হুকুম, কতই না ফরমাশ
যথানির্দেশ পালন করে মেয়ে
বিশ্রাম আর হয় না ছুটি চেয়ে।

ব্যস্ততা তো নিত্যদিনের
রোজ, সম্বৎসর সারাটা দিনভর
অসুস্থতার থোড়াই করে কেয়ার
কাহিল হলেও নেই যে বিরাম তার!

এসব কিছুর সাক্ষী থাকে গাছ
ফুল, পাতা আর তার বাগানের ঘাস
সাক্ষী থাকে আধো তন্দ্রায় রাত
ঊষার আলো, দিনের সংলাপ।

গাছ বলল : ভালো থাকিস তুই
ফুল বলল : আমার দিকে চা
পাতা বলল : আয়না তোকে ছুঁই
ঘাস বলল : আমায় নিয়ে যা;
রাত বলল : কিছুই বলছি না
ভোর বলল : আমার আলোয় ধুই।

আলোর স্নানে সতেজ হয়ে ওঠো
বোধ যেন পায় রাতের গভীরতা
ফুলকে তুমি দুচোখ ভরে দেখো
স্পর্শে থাকুক ঘাসের পেলবতা।

ফুলের রেণু ছড়িয়ে চর্তুদিকে
বাজল যখন কোমল রেখার রাগ
আমি তখন কথার মালা গেঁথে
শুভেচ্ছাতে মিশিয়ে দিলাম সোহাগ।

কবিগুরুর সার্ধশততম জন্মবর্ষে বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১০

শুভ সূচনা

শিশু ও কিশোর বিভাগ

একটি অসমাপ্ত ভ্রমণ কাহিনী

অর্কপ্রিয়া দাশ

বিগত চারমাস অনেক আলোচনার পরে ঠিক হলো যে পুজোর সময় আমি, বাবাইমনি দাদু ও দিদা South India বেড়াতে যাব। রোজই কিছু না কিছু আলোচনা হতো, শুনতাম আর ভাবতাম কবে যাবার দিনটা আসবে। আরো অনেকে গিয়েছিল। মাস খানেক আগে থেকে দিদা সব গোছাতে শুরু করলো।

অবশেষে আমরা সবাই 28th Sep. করমণ্ডল এক্সপ্রেসে যাত্রা শুরু করলাম। ট্রেন ছাড়লো দুপুর বেলা। জানলার ধারে বসে কত কী দেখতে দেখতে চললাম। বিকালে দিদার সঙ্গে থাকা খাবার ছিল। রাতের খাবারও সঙ্গে ছিল। আমরা seat ছিল middle berth-এ, রাতে খাবার পর যে যার তাড়াতাড়ি শুয়ে পড়লাম, ট্রেনটি খুব জোরে যাচ্ছিল। কখন সকাল হয়ে গেছে বুঝতেই পারিনি। সকালের খাওয়ায় আমরা ট্রেন-এর meal নিলাম। তারপর দুপুরে একটু শুয়ে পড়লাম। সন্ধ্যেবেলা ছয়টার সময় আমরা Chennai পৌঁছলাম। দিদার হাত ধরে আমি ছিলাম। সাতটার মধ্যে আমরা Hotel-এ পৌঁছলাম। ভালো করে স্নান করে আমরা একটি বাঙালি Hotel-এ সবাই dinner করলাম। আমাদের Hotel-টা ছিল Cheepak Stadium-এর কাছে।

3rd October সকালে স্নান করে সব জিনিষপত্র নিয়ে আমরা Pondicherry গেলাম। ওখানে আমরা ২ দিন ছিলাম। ওখানকার Guest House-টা খুব সুন্দর ছিল। Pondicherry আশ্রমে আমরা সবাই গেলাম। ওখানে ঋষি অরবিন্দ ও শ্রীমার সমাধি দেখলাম, ওখানে কথা বলা বারণ, ওখানে আমরা কিছুক্ষণ বসলাম। তারপর কিছু বই কিনে আমরা Guest House-এ ফিরে গেলাম। ওখানে সময় মতো খাওয়া দাওয়া করতে হয়। আমরা Auroville, গণেশ মন্দির ঘুরে ঘুরে দেখলাম। তারপর সমুদ্রের ধারে অনেকক্ষণ বেড়ালাম।

এরপর 5th Oct. পন্ডিচেরী থেকে আমরা Chennai এলাম এবং ওখান থেকে Kanyakumari-র Train ধরলাম। বিকাল 5.30 টায় ট্রেন ছাড়লো। ওখানে ভারত সেবাশ্রম সঙ্ঘ-এ দুদিন ছিলাম। Vivekananda Rock আমরা Steamer-এ করে সমুদ্রের ওপর দিয়ে গেলাম ও কন্যাকুমারী মন্দির দেখলাম। Vivekananda Museum দেখলাম। ওখান থেকে Auto তে করে শুচিন্দ্রম মন্দির দেখলাম। মন্দিরটা খুব সুন্দর।

6th Oct. অনেক রাত্রে আমরা আবার ট্রেন ধরলাম রামেশ্বরম যাবার জন্য। ভোর রাতে দাদু ডাকলো যখন ট্রেনটা সমুদ্রের ওপর দিয়ে আস্তে আস্তে যাচ্ছিল বেশ অনেকটা সময় ধরে। *(ক্রমশঃ)*

একটি গ্রামে

রোদ্দুর

ওটা ছিল পাহাড়ের ধাপ। একটা একটা করে পা ফেলে আমরা যাচ্ছিলাম। একটা একটা করে পা। একটু হড়কে গেলে একদম সড়সড় ঝড়ঝড় করে পড়ে যাওয়া। এরকমই রাস্তা দিয়ে পাকদন্ডী দিয়ে দিয়ে আমরা চললাম ক'জন। রাস্তা আছে, গাড়ি যাচ্ছে, অল্প কিছু লোকজনও। ৬০এর বেশি কয়েকটা পরিবার দিয়ে গ্রাম। গ্রামের মধ্যে পাহাড়ের ধাপে ধাপে তিন-চারটে হোটেল আর কয়েকটি পরিবারের ঘর। সেখানে সকালে মেঘ না থাকলে পাখি আছে নানানরকম। ওরা পাহাড়ি বলে ওদের সব কিছুই কেমন যেন পরিশ্রমীর। ছোট্ট ছোট্ট শিশুরা পাহাড়ি পথে কয়েক মাইল গিয়ে তবে স্কুলে যায়। খাবারের কোন দোকান নেই—সব কিনে আনতে হয় নিচে থেকে। এমনি একটা জায়গায় বড় এলাচ গাছ থেকে ঘাসের ফুল সবই তো রয়েছে। আমার সঙ্গে ওদের ওই গ্রামটার পরিচয় হল মাত্র দু-দিনের, তারপর ফিরে আসা, তবুও তো যেন একটু অন্যরকম - সব আলাদা। কেমন যেন আমরাও মানুষ আর ওরাও। ওরাও কাজ করে আর আমরাও। জায়গাটার নাম কোলাখাম। এখানের ছোট্ট ছোট্ট বাচ্চাগুলো ভীষণ মিষ্টি। যেন পাহাড় ঘেরা গ্রামটার মতই। মহিলাদের বেশির ভাগ-ই কাজে ব্যাস্ত। বাড়িগুলোও পাহাড়ি ধাঁচে। জলের একটু সমস্যা, তাই শীত হোক যতই, জলের সঙ্গে তাল মিলিয়ে চলে ওরা। ওদের কাছে বিনোদন বলতে শুধু গান শোনা—আর এখন Dish Network. তবুও কাঠের বারান্দায় দাঁড়িয়ে দাঁড়িয়ে আমার মনে হচ্ছিল ওরা বেশ সুখী। ওদের দুঃখ অনেক কম, কারণ - ওরা অল্প পেতেই জানে। রিশপ ছাড়িয়ে কোলাখাম। তোমরা সবাই গিয়ে দেখো এসো ছোট্ট পাহাড়ের গ্রামটাকে। একটা ঝরনা রয়েছে - ছাঙ্গু ফলস্। একটু কষ্ট করে সুন্দরী ঝরনার কাছে যেতে হয়। কিন্তু তার জলধারা দেখলে সীমাহীন আনন্দ। কোলাখামকে দুদিনেই কিন্তু বেশ কাছের মনে হয়। খুব নিজের। তাই ওর কথা তোমাদের একটু জানালাম।

পৃথিবী ছাড়িয়ে ক্রেনিয়াসে

অর্ক দাশগুপ্ত

অপ্রত্যাশিত ভাবেই এসে গিয়েছিল সুযোগটা। আজকে ৩০১৫ সালে দাঁড়িয়েও রীতিমতো খরচ না করলে, হঠাৎ এমন সুযোগ আশা করা যায় না। ব্যাপারটা আর কিছুই না, এখন যেসব মহাকাশ ভ্রমণ সংস্থা আছে তাদের মধ্যে অন্যতম হল 'অ্যাডভেঞ্চার'। তারাই স্যাটেলাইটের মাধ্যমে দেশে দেশে প্রচার করেছিল যে তারা অ্যাটমিক মাইন্ডেটারের একটি সায়েন্স নেটওয়ার্কিং সাইটে যে জটিল অঙ্কটি দিয়েছে তার সমাধান যে বা যারা প্রথম করতে পারবে তারাই মহাকাশের একটি গ্রহে যাবার সুযোগ পাবে, একেবারে বিনামূল্যে। সেই অভিযান হবে পৃথিবী থেকে ৬৩০ আলোকবর্ষ দূরের কেপলার নক্ষত্রের চারপাশে পরিক্রমণরত গ্রহ ক্রেনিয়াসে, পৃথিবীর বাইরে যেখানে প্রথম ''প্রাণ'' আবিষ্কৃত হয়েছে। অনেকের সঙ্গে ভারতের বেঙ্গালুরু অ্যাস্ট্রো-রিসার্চ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী বিমল ঘোষ ও চিনের বেজিং সায়েন্স রিসার্চ ল্যাবের বিজ্ঞানী কাও চেন তাদের অ্যাটমিক মাইন্ডেটারের মাধ্যমে এই অঙ্কের সমাধান পাঠিয়েছিল। অগস্ট মাসে আমেরিকার সিলডাভিয়া শহরে 'অ্যাডভেঞ্চারের' ঘোষণা অনুষ্ঠানে তাদের দুজনকেই বেছে নেওয়া হয় মহাকাশের অভিযাত্রী হিসেবে। তাদের দুজনেই একসঙ্গে প্রথম সঠিক উত্তর পাঠিয়েছিল বলে ঘোষণাও করা হয়। আমেরিকায় অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে তাদের মহাকাশ অভিযানের জন্য প্রস্তুত করা হতে থাকে। এই অভিযানে তারা ছাড়া রকেটে থাকবেন অভিজ্ঞ অ্যাস্ট্রোনমার ইউরি কাসপারভ। তিনি রকেটের সমস্ত বিষয় পরিচালনা করবেন। ২৪শে ডিসেম্বর ৩০১৫ তারিখে তারা তিনজন উঠলেন রকেট 'ডিসকভারি ১০১'-এ। রোবট পরিচালিত অত্যাধুনিক মহাকাশ যান রকেটটি জাপানের আইনস্টাইন মহাকাশ বন্দর থেকে রাত ৮টা ৩০ মিনিট ১২ ন্যানো সেকেন্ডে নক্ষত্রবেগে রকেট এর সাহায্যে উড়ে চলল ক্রেনিয়াসের পথে। যাত্রাপথে কাসপারভ, বিমল ও কাও নিজেদের মধ্যে ক্রেনিয়াস গ্রহ ও রকেটের বিভিন্ন বিষয় সম্পর্কে আলোচনা করলেন। রাত্রে কাসপারভ তাদের জন্য টেবিলের একপাশে রাখা ফুড প্রিজারভেশন বক্স থেকে তিনটি ফুডপসুল বা ক্ষুধা, তৃষ্ণানাশক ক্যাপসুল নিয়ে এসে খেলেন। খাবার পর কাসপারভ তাদের বললেন রকেটের স্লিপিং রুমে কিছুক্ষণ বিশ্রাম নিতে। বিশ্রাম নেওয়ার বিশেষ ইচ্ছা না থাকলেও শুয়ে শুয়ে পাশের প্যানেল দিয়ে মহাকাশে বিচিত্র রূপ দেখতে দেখতে কখন যে তারা ঘুমিয়ে পড়েছে তা তারা নিজেরাই জানে না। ঘুম ভাঙল তীক্ষ্ণ সাইরেনের শব্দে। কাসপারভ বললেন যে তারা ক্রেনিয়াস পৃষ্ঠ থেকে আর মাত্র ১০০ কিলোমিটার দূরে আছেন এবং বিগত দশ ঘণ্টায় পৃথিবী থেকে ক্রেনিয়াসের বায়ুমন্ডলে ঢুকে পড়েছেন। আর মাত্র ৪০ সেকেন্ডের মধ্যে তারা ক্রেনিয়াসে পদার্পন করবেন। অমনিস্কোপ অর্থাৎ চশমার আকৃতির দূরবিক্ষণ যন্ত্র দিয়ে ক্রেনিয়াসকে দেখে কাও ও বিমলের আশ্চর্য রকম সুন্দর বলে মনে হলো। মাঝে মাঝে কিছু কমলা রেখা ছাড়া প্রায় পুরোটাই কেবল সবুজ ঘন অরণ্য, তারা যেদিকে নামছে সেখানে কয়েকশো মিটার এলাকা মরুভূমির মতো বালুকাময়। অসামান্য দক্ষতায় ধীরে ধীরে রকেটের বেগ কমিয়ে রকেটেটিকে সেই মরুভূমির উপর অবতরণ করালেন, একটু মৃদু ঝাঁকুনি ছাড়া আর কিছুই অনুভূত হলো না। তারা সবাই নির্দিষ্ট স্পেসস্যুট পরে নিলেন ও অক্সিজেনের জন্য অক্সিম্যাক্স ক্যাপসুল খেয়ে নিলেন। কারণ, ক্রেনিয়াসে প্রাণ ও বায়ুমন্ডল থাকলেও তাতে থাকা অক্সিজেন মানুষের পক্ষে পর্যাপ্ত নয়। এরপর তিনজন তাদের ইলেকট্রনিক ফ্লাইং উইংএর সাহায্যে রকেট থেকে একে একে নামলেন ক্রেনিয়াস পৃষ্ঠে। নেমেই তারা বুঝতে পারলেন যে কমলা রেখার মতো অংশ তারা দেখেছিলেন তা আসলে নদী। যাতে প্রবাহিত জলের রঙ কমলা। এবং দূর থেকে যাকে জঙ্গল বলে মনে করেছিল তা জঙ্গল বটে কিন্তু একটি গাছও তাদের দুজনের পরিচিত নয়। আর এমন ঘন জঙ্গল পৃথিবীর আর কোথায়ই এখন আর দেখা যায় না। এরকম ঘন জঙ্গল একমাত্র প্রাগৈতিহাসিক যুগেই দেখা যেত। জল দেখে খাবে কী খাবে না কাসপারভকে জিজ্ঞাসা করতেই তিনি বললেন এই জল সম্পূর্ণ পানযোগ্য, সাহস করে খানিকটা খেয়ে তাদের দুজন দেখল সেই জল অমৃতের মতোই সুস্বাদু। এরপর কাসপারভ তাদের দুজনের

শরীরে একটি মাইক্রোচিপ আটকে দিলেন ও একটি ঘড়ির মতো যন্ত্র দিয়ে বললেন যে সেটি একটি ইলেকট্রনিক ম্যাপ যা দিয়ে তিনজনের অবস্থান ও রকেটের দূরত্ব জানা যাবে। এরপর তারা ঘন জঙ্গলে প্রবেশ করলেন। মোহিত হয়ে জঙ্গল দেখতে দেখতে কখন যে বিমল অন্যদের থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে তা সে বুঝতেই পারেনি। একটা উজ্জ্বল আলোকযুক্ত গাছের নাম কাসপরাভকে জিজ্ঞাসা করতে যেতেই সে বুঝতে পারল সে অন্যদের থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে। কিন্তু ভয়ের কারণ কিছুই নেই কারণ তার কাছে আছে ইলেকট্রনিক ম্যাপ যার সাহায্যে সে সহজেই বাকিদের খুঁজে ফেলতে পারে। কিন্তু একটু ঘুরে রকেটে ফিরলেই বা দোষ কোথায়? আপনমনে তাই সে জঙ্গল দেখতে লাগল। চলতে চলতে হঠাৎ যেন সে শুনতে পেল একটি চাপা গর্জনের শব্দ। শব্দের উৎস খুঁজতে গিয়ে এদিকে ওদিকে তাকিয়ে দেখতে পেল একটি অজগর, দাঁতসর্বস্ব, নখসর্বস্ব ও সারা দেহে মাছের মতো আঁশযুক্ত প্রায় চারফুট লম্বা জীব তার দিকে ছুটে আসছে। সঙ্গে মুখ দিয়ে করছে 'তিড়িং তিড়িং' বলে এক অদ্ভুত শব্দ। সেটি চাপা আর্তনাদ করতেই বিমল একবার ইলেকট্রনিক ম্যাপে দেখল কাও ও কাসপারভ রকেটের কাছেই আছে। তারপর তীরবেগে রকেটের দিকে ছুটতে আরম্ভ করল। ঘন জঙ্গলের মধ্যে ছোটাও সহজ নয়, বিশেষ করে ভারী স্পেসস্যুট পরে। মাঝে মাধ্যেই শরীরের বিভিন্ন স্থান আঘাতে ক্ষতবিক্ষত হতে থাকল। একবার একটা অজ্ঞাত গাছের গায়ে ধাক্কা খেয়ে প্রায় হাড়গোড় ভেঙে যাবার দশা। তাও সে প্রাণপনে রকেটের দিকে ছুটতে থাকল। একবার পিছনে ফিরে দেখল প্রাণীটাও ভাল ছুটতে পারছে না, মাঝেমধ্যেই হোঁচট খাচ্ছে, দূর থেকেই ডিসকভারির মাথা দেখতে পেয়ে সে বারবার তার রেডিওতে কাও ও কাসপারভকে নাম ধরে চিৎকার করতে থাকলো কিন্তু রেডিও এত ধাক্কায় বিকল হয়ে যাওয়ায় কেউ তার ডাক শুনতে পেল না। কিন্তু খানিকক্ষণের মধ্যেই কাও ও কাসপারভ তাকে দৌড়তে দেখে রকেট থেকে উদ্বিগ্ন হয়ে বেরিয়ে এলেন। বিমলের পিছনের বিকট জীবটাকে দেখেই কাসপারভ তার স্পেসস্যুটের পকেট থেকে বার করলেন তার পারমাণবিক শক্তিযুক্ত পিস্তলটিকে। এই পিস্তল যেকোন প্রাণীর দিকে তাক করে মারলেই কয়েক সেকেন্ডে সেই প্রাণী বেশ কিছুক্ষণের জন্য সংজ্ঞাহীন হয়ে যায়। কাসপারভ অত্যন্ত সন্তর্পণে পিস্তলটিকে প্রাণীটির দিকে তাক করে ছুঁড়লেন এবং সঙ্গে সঙ্গে প্রাণীটি বিকট আওয়াজ করে মাটিতে অজ্ঞান হয়ে পড়ে গেল। এতক্ষণ দৌড়বার ফলে পরিশ্রান্ত বিমল মাটিতে শুয়ে পড়ে হাঁপাতে থাকল। কাসপারভ তাকে একটা এনার্জি ট্যাবলেট খাওয়ানোর খানিকক্ষণ পর সে ধাতস্থ হল ও তার অভিজ্ঞতার কথা বলতে থাকল। হঠাৎ এক গগনভেদী বিশাল সমবেত গর্জনে সচকিত হয়ে তারা মহাতংকে দেখল সেই জন্তুগুলি কাতারে কাতারে জঙ্গল থেকে তাদের দিকে এগিয়ে আসছে। কাসপারভ তা দেখেই বললেন, 'ছুটুন' এবং তিনজনেই প্রায় একসাথে তাদের ফ্লাইং উইং নিয়ে তাতে চড়ে রকেটে পৌঁছে গেল। তখন প্রাণীগুলি রকেটের প্রায় ২৫ গজের মধ্যে এসে পড়েছে। কাসপারভ দৌড়ে কন্ট্রোল রুমে ঢুকে রকেট স্টার্ট করে দিলেন। ততক্ষনে রকেটের বাইরে আঁচড় ও কামড়ের ধাতব শব্দ শোনা যাচ্ছে এবং তাদের সেই তিড়িং তিড়িং শব্দে আকাশ বাতাস ভারী হয়ে উঠেছে। তিন...দুই...এক, রকেট বিশাল ঝাঁকানির সাথে নক্ষত্রবেগে ক্রেনিয়াস থেকে ছিটকে বেরোল। মহাবিস্ময়ে ও স্বস্তির সাথে তারা তিনজন অমনিস্কোপে চোখ লাগিয়ে দেখল যে জীবগুলো তখনও দাঁড়িয়ে রয়েছে। সেই যেখানে একটু আগেও তারা ছিলেন। ধীরে ধীরে ক্রেনিয়াস এক অত্যুজ্জ্বল গোলকে পরিণত হল। উত্তেজনায় এতক্ষণ কেউ কোন কথা বলেনি। বিমল প্রথম জিজ্ঞাসা করল, 'জন্তুগুলোর নাম কি?' কাসপারভ বললেন, 'লেবিওমাস, প্রথম জন্তুটা আপনাকে তাদের এলাকায় অনাহুত ভেবে তাড়া করেছিল। তার অজ্ঞান হয়ে যাবার সময় তার মুখের চিৎকার শুনে ওর সঙ্গীসাথীরা আমাদের তাড়া করে।' এতক্ষণে কাও অমনিস্কোপ থেকে চোখ সরিয়ে বলল, 'এই অভিযান আমার চিরকাল মনে থাকবে, চেষ্টা করব আবার এখানে আসার।' তাই শুনে বিমল বলল, 'পাগল নাকি? আজকের এই অভিযানে যা বুঝেছি, তাতে মনে হয় জায়গা হিসাবে পৃথিবীই ভাল।'

An Appeal To a Dusty Oblivion

Surya Shekhar Chakraborty

He kept walking and walking and walking.

His shoes had worn out, and his coat was drenched. His sore legs spoke endlessly of the endless miles he had toiled and his eyes spoke relentlessly of the relentless path he had before him. He had only travelled half the path. His head was burdened with the thought of his wife, his children and a little diary left unnoticed in a dark corridor, somewhere he could not recall. Dust, dust, dust.

There was dust everywhere. There was dust on his shirt, there was dust settled peacefully on his parched tongue, there was dust in the beads of sweat on his forehead and there was dust in the open stitches of his blackened shoe. There was also dust on the chair he used to sit in, the books he used to page through, the beloved bookshelf and those records of Cliff Richard. There was probably dust there, too, in the corners of the grand staircase in his old school.

He loved the dust. They were everywhere. They could travel anywhere they pleased and not get noticed. Nobody cursed their fate, it was blatantly neglected. Nobody worried about them, a casual swipe of an uncaring, coarse hand was sufficient, wasn't it?

And he tried to run. Despite the heavy clothes on him, he could. The sun was glaring at him, threatening menacingly to stop and proceed no further. The shadows in the boughs seemed to reach out their hands for him, but he did not succumb to the sun. He did not let the cool prevail. He did not let the sweat prevail. He did not allow the sting of the hot air.

He succumbed to the dust and could be seen no more as dust engulfed him in the regular swirls of life and its troubles. He was lost in the abyssal fathoms of time and dust...

There was dust everywhere...

The Perfect Lady...

Surya Shekhar Chakraborty

Miss T was the perfect lady. No one was like her. She did not drink and drive, forget about it- she did not even drink. She never even thought of smoking. Whenever she entered a room, cigarettes were promptly put off. She was loved by all. Everyone loved her. She loved her parents. She adored them. She did go out for drives, but was always escorted by men. But neither did she mind, nor did she pay any attention to them. Although she did belong to a rich family, she paid no attention to her clothes. She was more beautiful than a butterfly perched upon the most luscious rose, or a green oasis in a stretch of endless desert. Her lips were lusciously delicious, exaggerated by her perfect blue eyes. She never cared to wear any makeup. In fact, her beauty would have been marred by makeup. She did not study, she could not read or write and nobody expected nor advised her to do so. Her speech, however, was as beautiful as her looks, and as attractively charming as her personality. Whenever she spoke, mesmerised people hung on to every word, visibly enchanted. They would always beg for more, and she would seldom disappoint. And she was loved for this. And she adored the attention. She did not walk gracefully, but people just liked to see her walk. People just could not get more of her. Invitations poured in every day. She could not reject anyone. She was but fourteen months old...

The Night before Final Term

Surya Shekhar Chakraborty

I ran as fast as my legs could carry me. The dark sky darkened. A troglodyte was running after me. Its footsteps shook the uneven terrain. Falling behind, it threw a glowing globe which came crashing just in front of me and revealed a topographic map. I jumped on to it. The scene changed.

I now found some men chasing me, spears in their sinewy hands and armors just as deadly. They were the Spartans! I found a dark cave ahead and blindly dived into it. I got up bruised. Now there was a man ahead! What are those things? He holds up some pipettes and burettes in his seven hands. In the darkness I groped desperately for support. The man did something, there was a bright green flash and a nauseating smell that dazzled and brought tears to my eyes. And then there was light! A handsome man approached me, a properly dressed man at last. In his hand was the Sterling Engine I made for the school science fair last year. With a smile on his bright face, he asked me how Heisenberg's Principle of Uncertainty could be applied in the quantum universe (?). I was exasperated. The man saw through me and brought out a large, a very large book and looked back at me. It was the Constitution of India. I sank to the ground. He was asking me something but I just could not get it. The ground that supported me was dry, as was my throat. My parched throat was begging for water and my eyes made an attempt to quench it, but the water never found its way. My heart was not beating, it was vibrating. No hyperbole there.

But hey, what's this happening? The man before me was fading away. No it is not my eyes faltering. They were feeling rather good. My throat was suddenly feeling very pleasant. My heart came back to normal. Is this the feeling one gets when he dies? No I am not dying. I am feeling rather good with everything about me looking perfect. A flute was playing somewhere. It was beautiful. No I made a mistake. Someone reads Keats somewhere. Peace finally descended...

The incessant ring of the alarm bell woke me up. A realization came across me- Today was examination day.

True education—the medicine of life

Sunny Roychoudhury

"Education is the panacea of social evils."

Swamiji's aforesaid message is very relevant in this age of social rivalries. Education can remove these problems. But the parents are creating illogical pressure on their children by expecting sky high careers from them. In West Bengal, middle class mentalities of 'making doctors and engineers' make the children think of nothing else. Creating pressure on free minded children destroys the free thinking capacity of the children. No one advise us to become 'a man' in the true sense of the term. So, parents afford their money on book-oriented education but not on true education. Institutions like Ramakrishna Mission Vidyapith, Purulia are offering true education right now. So, parents should try to send their children to these type institutions for their betterment also for the betterment of the society too. Only these type of institutions can imbibe right spirit in the boys. Education must be applied, it is not to be rotted. Object of our parents should be making their children of 'RANCHO' mentality. They should let their children do whatever they prefer to do with proper guidance. They must not force them about their careers. They can advise them but should not compel them. So, education must be imbibed in such a way that it can be applied in practical life.

বন্ধুত্ব

কৃশানু ভট্টাচার্য্য

তোর কণ্ঠ থেকে আসে যে গান
জীবনে আনে খুশির বান।
চিরদিন তোর কণ্ঠে যেন
বজায় থাকে গানের মান।।

মোর জীবনের বার-দরিয়ায়
পিছলে গেলাম অকূল হাওয়ায়।
হারিয়ে গেলাম তোর মনেতে
তোর চোখের ওই মলিন চাওয়ায়।।

নরম করে মনের গদি
বন্ধু নামটা দিস্ বা যদি।
জীবনের এক নবীন তেজে
চলবে আমার মনের নদী।।

অঙ্কুরিত বীজের মত
পাষাণ ফুঁড়ে উঠতে চাই।
বাঁধনহারা মনবাগিচায়
গুছিয়েছি তোরই ঠাঁই।।
জীবন আমার বাধা হানে
তোর চোখের ওই করুণ টানে।
দেখলে তোর ওই মুখের হাসি
মন যে আমার জোয়ার আনে।।

আমি আমার মনকে শুধাই
তুই কি আমার হস্‌রে আপন?
তোকে দেখলে আমিই বুঝি
বন্ধুত্ব যে বীজের বপন।

দেখে তোর ওই সরল হাসি
মনে আমার জাগে যে বল।
বঙ্গভূমি বলে আমায়
চল এবারে ঘুরতে চল।।

দেখতে গিয়ে বঙ্গভূমি
মার স্নেহের ওই আঁচল চুমি।
আমার মায়ের সাজানো ঘর
এই তো আমার জন্মভূমি।।

মনের দুয়ার খোলা রাখিস।
মনের মাঝে ছবি আঁকিস।
ছোট হলেও তোর মনেতে
আমার একটু জায়গা রাখিস।।

বলছি তোকে শোন তাহলে
বহুকালের ইচ্ছে মনে,
আমি হতে চাই রে এমন
যে মরে গিয়েও বাঁচতে জানে।।

অনেক দুঃখ সয়েছি বন্ধু
তোকেই শুধু জানাতে চাই।
কষ্ট দিলে কেউ এ মনে
মন যে আমার জ্বলে রে ভাই।।

এই আগুনের তেজ আমাকে
লিখতে শেখায় কবিতা।
আমিই শুধু বুঝতে পারি
কাব্য হল উপলব্ধিতা।।

জীবন মানে বাঁচার মানে
আনন্দ আর কষ্ট।
কষ্ট পেলেই চোখ যে আমার
হয়ে ওঠে বড়ই সিক্ত।।

তাও বলি ভাই জীবন আমার
সত্যই স্বপ্নরঙিন।
বঙ্গভূমির লাবনীয়
সৌন্দর্যে বিলীন।।

জল

কৃশানু ভট্টাচার্য্য

আমি জল।
যুগ যুগান্তে পৃথিবীর বুকে নামিয়েছি জীবনের ঢল।
দূষিত হয়েছি।
তবু জীবনদান করেছি।
দূষিত হয়ে পড়ে থেকেছি কত নদী নালা অথবা খালে,
তবু আশ্রয় দিয়েছি কত জীব, এই আমারও বুকের তলে।।

বহুবার সচেতন করেছি,
আমাকে অবহেলা কোরো না।
চেয়েছি প্রতিকার।
কিন্তু আজও জনজীবন সদাই নির্বিকার।।

নিজ দুর্বিষহ রূপের কত পরিচয় দিয়েছি,
তবু অবহেলা করো মোরে।
আজ আমি বিষন্ন।
নির্বিকার জনজীবনে দান করে হেন অন্ন।
জনজীবনে জাগিয়েছি বল।
আমি জল।।

পৃথিবীর ভূভাগে প্লাবিত করেছি কত ভূমি,
গ্রাস করেছি কত জনজীবন।
আমি দুর্বিষহ।
তবু ক্ষমা করেছি বারবার।
কিন্তু আমার বাঁধনহারা রূপের পরিচয় পেয়েও,
ভুল করেছ বারবার।।

তাই আজ আমি শেষ বারের মত সচেতন করি,
কোরো না আমায় অপচয়।
পৃথিবীপৃষ্ঠে হবেই হবে
মনুষ্য জাতির জয়।

পাখি

মুদ্রা (শ্রীধন্যা ভট্টাচার্য)

একটি গাছে অনেক পাখি
বসল ঝাকে ঝাঁকে
ওদের মধ্যে একটি যেন
আমার চোখে চোখ রাখে।

আমি বলি, বাড়ী কোথায়,
কোন্ গাছটায় থাকো?
তোমার মা, কোন্ পাখিটা
আমায় বলবে নাকো?

পাখি আবার এ ডাল ও ডাল
ঘুরে ঘুরে চলে
পায়ে পায়ে তিড়িং তিড়িং
ঠোঁটে কথা বলে।

আমি বলি সকাল হলো
ব্রেকফাস্ট টা পেলে
পাখি আমায় যেন বলে
সেরেছে গাছের ফলে।

আমি বলি পড়বে না তুমি
এবার বসে পড়ো,
ও আমাকে লেজ দেখিয়ে
বললে তুমি পড়া করো।

পাখি তোমার কত মজা
যেখানে খুশি যাও
কেউ তোমারে দেয় না সাজা
যখন যেমন খুশী খাও।

পাখি যদি হত আমি
আমি হতাম পাখি
বাঁধা কোনো থাকত না আর
কেবল খেলা খেলা
জানিনা তবে পাখিটার
কেমন কাটতো বেলা।

The Day

Raddur Samaddar

The morning shines
The morn wakes up,
The morning smiles
All the souls march.
The work will be done
As the work with fun,
The schedule is made
The itinerary is done.
Now we are ready,
like a team, lets have fun:

Exercise - done
Studies - done
School - done
Home works - done
Now our heart wants
to have a great time
with the story book,
which states the story of life.

Sleep my child'
good-night to all the cries,
at last in the end of the day.

The day was fun.
The day was done.

Path

Raddur Samaddar

Walk in the path,
shown by life.

Move to the direction,
opposite to a knife.

Love the moments,
all that is in life.

Let it be good, be
bad on be what it is.

কবিগুরুর সার্ধশততম জন্মবর্ষে
বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১০

শ্রুতি আলেখ্য 'আমার মুক্তি আলোয় আলোয়'

কবিগুরুর সার্ধশততম জন্মবর্ষে বাৎসরিক সাংস্কৃতিক অনুষ্ঠান ২০১০
নৃত্যনাট্য 'শ্যামা'

প্রবন্ধ, গল্প ও অনান্য

স্বর্গে চক্রটেবিল বৈঠক

রবীন্দ্রনাথ ঠাকুর

ব্রহ্মা। পুরন্দর, তোমাদের অত্যন্ত কৃশ দেখাচ্ছে, যেন অনাবৃষ্টি দিনের পাতা-ঝরা বনস্পতির মতো। স্বর্গে কি অমৃত- সঞ্চয়ে দৈন্য ঘটেছে?

ইন্দ্র। পিতামহ, অনাবৃষ্টিই তো বটে। স্বর্গীয় বনস্পতির শিকড় আছে মর্ত্যের মাটিতে—দিনে দিন সেখানে শ্রদ্ধার রস শুকিয়ে এসেছে। নরলোকে কানাকানি চলছে, যে সৃষ্টি ব্যাপারটা আকস্মিক মহামারীর মতো, বসন্তের গুটি যেন, আপনা হতেই আপনাকে হঠাৎ ফুটিয়ে তোলে; এটা দেবতার হাতের কারুকার্য নয়। অর্থাৎ এটা এমন একটা রোগ, যা চলছে মৃত্যুর অনিবার্য পরিণামে। এমন-কি, ওখানকার পণ্ডিতরা চরম চিতানলের দিনক্ষণ পর্যন্ত অঙ্ক কষে স্থির করে দিয়েছে।

ব্রহ্মা। সর্বনাশ। এ যে অনাদিকালের ভূতভাবনের বেকার-সমস্যা।

ইন্দ্র। তাই তো বটে। ওরা বলছে, দেবতারা কোনোদিন কোনো কাজই করে নি অতএব ওদের মজুরি বন্ধ।

ব্রহ্মা। বলো কী, হোমনলের ঘৃতটুকুও মিলবে না?

ইন্দ্র। না পিতামহ। সেটা ভালোই হয়েছে—যে ঘৃতের এখন চলতি সেটাতে অগ্নিদেবের অগ্নিমান্দ্য হবার আশঙ্কা।

বৃহস্পতি। আদিদেব, এতদিন ছিলুম মানুষের অসংশয় বিশ্বাসের—অত্যন্তই নিশিন্ত ছিলুম। এখন পণ্ডিতের দল মনোবিজ্ঞানের এক্কাগাড়িতে চাপিয়ে মানুষের মাথার খুলির একটা অকিঞ্চিৎকর কোটরে আমাদের ঠেলে দিয়েছে; সেখানে মগজের গন্ধ আছে, অমৃতের স্বাদ নেই; বৈজ্ঞানিক ব্যাখ্যার বেড়ার মধ্যে আমাদের ঘের দিয়ে দিয়ে রেখেছে—যাকে ম্লেচ্ছভাষায় বলে কন্‌সেন্‌ট্রেশন্ ক্যাম্প—কড়া পাহাড়া! অবতারের যে পুরতত্ত্ব বের করেছে, তাতে নৃসিংহের কোনো চিহ্ন নেই, আছে নৃবানরের মাথার খুলি।

মরুৎ। আমার পুত্র মারুতিকে ওরা অগ্রজ বলে স্বীকার করেছে এতে আমার আপত্তি নেই। কিন্তু লজ্জার বিষয় এই যে, দেবতারা ভুক্ত হয়েছে অ্যান্থপলজি নামক অর্বাচীন ম্লেচ্ছশাস্ত্রের বাল্যলীলা পর্বে। দেব, আশা দিয়েছিলে আমরা অমর, আজ দেখছি ওদের পরীক্ষাগারে ব্যাঙের একটা কাটা পা'ও ইন্দ্রপদের চেয়ে বেশি সজীব। সেদিন সুরবালকেরা সুরগুরুকে ধরে পড়েছিল, 'প্রমাণ করে দিন আমরা আছি'। গুরুর সন্দেহে দোলা লাগল—আছি কি নেই এই তালে তাঁর মাথা নড়তে লাগল, মুখ দিয়ে কথা বেরল না। পিতামহ যদি সন্দেহ ভঞ্জন করে দেন তা হলে দেবলোক সুস্থ হতে পারে।

ব্রহ্মা। পিতামহের চার মাথা হেঁট হয়ে গেছে। মনে ভাবছি মরলোকে বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্বের আচার্য হয়ে জন্মাতে পারি তা হলে অন্তত কোনো এক চৌমাথার ট্রাম লাইনের ধারে একটা পাথরের মূর্তি দাবি করতে পারব। আজ আমার মূর্তির ভাঙা টুকরো নিয়ে প্রফেসর তারিখ হিসাব করছে অথচ এতদিন এই বিশ্বাস দৃঢ় ছিল যে আমি সকল তারিখের অতীত।

প্রজাপতি। ভগবান্, সকলেই জানেন ধরাধামে আমি আর কন্দর্পদেব অবতীর্ণ হয়েছিলুম শুভ এবং অশুভ বিবাহের ঘটকালিতে। সেজন্যে আমাদের কোনো রকমের নিয়মিত বা অনিয়মিত পাওনা ছিল না, কেবল নিমন্ত্রণপত্রের মাথার উপরে ছাপার অক্ষরে আমার উদ্দেশে একটা নমস্কার স্বীকৃত ছিল। কিন্তু কৌতুক ছিল ভূরি-পরিমাণে। বাসর-ঘরে অনেকে কানমলা দেখেছি পরিহাস-রসিকাদের হাতে, আর দেখেছি অদৃশ্য পরিহাস-রসিকের হাতে চিরজীবনের কান-মলা। আমি প্রজাপতি আজ লজ্জিত, কন্দর্প আজ নির্জীব—তিনি পঞ্চশর নিয়ে যখন আস্ফালন করিতে যান তখন তীরগুলো ঠিকরে যায় কোম্পানির কাগজ-নির্মিত বর্মের পরে।

অতএব উক্ত বিভাগের সনাতনী খাতা থেকে আমাদের নাম কেটে নিয়ে টঙ্কেশ্বরী দেবীর নাম বহাল হোক।

সকলে। তথাস্তু।

বায়ু। পৃথিবীতে আজকাল পাগলা হাওয়া পলিটিক্সের ঈশান কোণ থেকে সৃষ্টি ছারখার করতে প্রবৃত্ত। আমি আজ চন্দ্রলোকে সমস্ত বিরহিণীদের দীর্ঘনিশ্বাস বহন করে ফিরে যেতে ইচ্ছা করি।

অশ্বিনীকুমার। সুবিধা হবে না দেব। মর্ত্যের পণ্ডিতেরা ঘোষণা করে দিয়েছেন যে, চন্দ্র বায়ুর প্রকোপ বৃদ্ধি করেন বটে, কিন্তু স্বয়ং তিনি বায়ুহারা।

বায়ু। না হয় সেখানে গিয়ে আত্মহত্যা করব।

ভোলেনাথ। (অর্ধনিমীলিত নেত্রে) আমার চেয়ে গাঁজার মৌতাত অনেক প্রবল, পৃথিবীতে এমন সর্বনেশে ওস্তাদের অভাব নেই—সেই-সব সংস্কারকদের উপর প্রলয়কাযের ভার

দিয়ে আমি গঙ্গাধারাভিষেকে মাথা ঠান্ডা করতে পারি। আমার ভূতগুলোর ভার তাঁরাই নিতে পারবেন।

চিত্রগুপ্ত। মনঃক্ষোভে দেবগনের অভিযোগে অত্যুক্তি প্রকাশ পেয়েছে। যথাযথ তথ্য সংগ্রহের প্রয়োজন বোধ করি। সুরগুরু কোনাদিন সংখ্যাতত্ত্বের আলোচনা করেন নি। সেইজন্যে দেবতাদের গণিত স্বেচ্ছাগণিত। মর্ত্যে দেবগণের অধিকারে কী পরিমাণে খর্বতা ঘটেছে তার নির্ভুল সীমা নির্ণয়ের জন্য স্বপ্নাদেশ দেওয়া হোক কোনো বিশ্ববিদ্যালয়ের সাংখ্যিক প্রমাণ- বিশারদের মাথায়; এ কাজে বৈজ্ঞানিক প্রশান্তি অত্যাবশ্যক।

বায়ু। এ প্রস্তাবের সমর্থন করি। দেবতাদের হতাশ হবার কারণ নেই। মানুষের বুদ্ধিতে অকস্মাৎ হাওয়াবদল বার বারই দেখতে পাওয়া যায়। বিশেষত দুর্দিনে। দেউলে হবার দিনে মাতনের খরচ বেড়ে ওঠে। মানুষের বুদ্ধিতে সব সময় জোয়ার আসে না—একদা তলার পাঁক বেরিয়ে পড়ে। তখন পান্ডার পদপঙ্কের দাম চড়ে যায়, দেবতারাও তার অংশ পান।

বৃহস্পতি। আশ্বস্ত হলুম। (সরস্বতীর প্রতি) মুখ ম্লান করিবেন না, দেবী, মানুষের আত্মবুদ্ধির উপর শ্রদ্ধা কমবার সঙ্গে সঙ্গেই দেবীর ভোগের বরাদ্দ বাড়তে থাকে। বুদ্ধিতে ভাঁটার টান প্রবল, ভূমণ্ডলে এমন দেশ আছে। শীতলা ঠাকরুনও সেই ভরসাতেই মন্দির-ত্যাগের আশঙ্কা ছেড়ে দিয়েছেন। *(অচলিত সংগ্রহ থেকে সংগৃহীত)*

এক-চোখো সংস্কার

রবীন্দ্রনাথ ঠাকুর

সংস্করণের অর্থ স্বাধীনতা-উপার্জন। বাল্যাবস্থায় সমাজের শত সহস্র বন্ধন থাকে, শত সহস্র অনুশাসনে তাহাকে সংযত করিয়া রাখিতে হয়। সে সময়ে তাহার দিগ্বিদিক্ জ্ঞানশূন্য স্ফূর্তিকে দমন করিয়া রাখাই তাহার কল্যাণের হেতু। অবশেষে সে যখন বড়ো হইতে থাকে তখন একে একে সে এক একটি বন্ধন ছিঁড়িয়া ফেলিতে চায়, শাস্ত্রের এক-একটি কঠোর আদেশ কণ্ঠ হইতে অবতারণ করিতে চায়, লোকাচারের এক একটি দুর্ভেদ্য প্রাচীরের তলে তলে গোপনে ছিদ্র করিয়া দেয় ও অবশেষে একদিন প্রকাশ্যে বারুদ লাগাইয়া সমস্তটা উড়াইয়া দেয়। ইহাকেই বলে সংস্করণ। তাই বলিতেছি সংস্করণের নাম স্বাধীনতার প্রয়াস। গুটিপোকা যখন প্রজাপতি হইয়া তাহার রেশমের কারাগার ভাঙিয়া ফেলে তখন সে সংস্কার করে। মাকড়সা যখন আপনার রচিত জালে জড়াইয়া পড়িয়া মুক্ত হইবার জন্য যুঝিতে থাকে তখন সে একজন সংস্কারক। দুর্ভাগ্যক্রমে মনুষ্যসমাজ-সংস্কার সাপের খোলোস ছাড়ার মত একটা সহজ ব্যাপার নহে। খোলসের প্রতি এত মায়া মনুষ্যসমাজ ব্যতীত আর কাহারও নাই।

সন্তানকে শাসন করা, সন্তানকে পালন করা তাহার শিশু-অবস্থার উপযোগী; কিন্তু সে অবস্থা অতীত হইলেও অনেক পিতা মাতা তাহাদিগকে শাসন করেন, তাহাদিগকে বলপূর্ব্বক পালন করেন, তাহাদিগকে যথোপযোগী স্বাধীনতা দেন না। সন্তানের বর্ষে বর্ষে পরিবর্ত্তন আছে, অথচ পিতা মাতার কর্ত্তব্যের পরিবর্ত্তন নাই। ইহার ফল হয় এই যে, একদিন সহসা তাঁহারা দেখিলেন—সন্তান তাঁহাদের একটি আদেশ শুনিল না, মাঝে মাঝে এক একটা বিষয়ে তাঁহাদের অবাধ্যতা করিতে লাগিল। তাঁহাদের কখন এরূপ অভ্যাস ছিল না; বরাবর তাঁহাদের আদেশ পালিত হইয়া আসিতেছে, আজ সহসা তাহার অন্যথা দেখিয়া তাঁহাদের গায়ে সহ্য হয় না। উভয় পক্ষে একটা সংঘর্ষ বাধিয়া যায়। ইহাকেই বলে বিপ্লব। অবশেষে একে একে সে পিতা মাতার একটি একটি শাসন হইতে আপনাকে মুক্ত করিতে থাকে, তাহার স্বাধীনতার সীমা পদে পদে বৃদ্ধি করিতে থাকে ও অবশেষে স্বাতন্ত্র্য লাভ করে—ইহাকেই বলে সংস্কার। বৃদ্ধ লোকেরা আক্ষেপ করিতে থাকেন যে, সন্তানদের অবনতি হইল; স্বাধীনতাই লাভ করুক, আর আত্মনির্ভরই শিখুক, আর আলস্যই পরিহার করুক, যখন গুরুজনের অবাধ্য হইল তখন আর তাহাদের শ্রেয়ঃ কোথায়? অবাধ্য না হইলেই ভাল ছিল সন্দেহ নাই, কিন্তু সংসারে যদি কোন মঙ্গল না বুঝিয়া না পাওয়া যায়, সকলি যদি কাড়িয়া লইতে হয়, কিছুই যদি চাহিয়া না পাওয়া যায়, তাহা হইলে অবাধ্য না হইয়া আর গতি কোথায়?

উপরের কথাটা আর একটু বিস্তৃত করিয়া বলা আবশ্যক। পৃথিবীতে কিছুই সর্ব্বতোভাবে পাওয়া যায় না। সাধারণতঃ বলিতে গেলে অধীনতা মাত্রই অশুভ, স্বাধীনতা মাত্রই শুভ। মানুষের প্রাণপণ চেষ্টা—যাহাতে যথাসম্ভব স্বাধীনতা পায়। কিন্তু মনুষ্যের পক্ষে পূর্ণ স্বাধীনতা পাওয়া অসম্ভব। পৃথিবীতে

যথাসম্ভব স্বাধীনতা পাইতে গেলেই নিজেকে অধীন করিতে হয়। দুর্ব্বলপদ বৃদ্ধ স্বাধীন ভাবে বিচরণ করিতে ইচ্ছা করিলে যষ্টির অধীনতা স্বীকার করেন। তেমনি রাজার (Government) অধীনে না থাকিলে প্রজার স্বাধীনতা রক্ষা হয় না, আবার প্রজার অধীনে না থাকিলে রাজাও অধিক দিন স্বাধীনতা রাখিতে পারেন না। আমরা যথাসম্ভব স্বাধীন হইবার অভিপ্রায়ে সমাজের শত সহস্র নিয়মের অধীনতা স্বীকার করি। যে ব্যক্তি সমাজের প্রত্যেক নিয়ম দাসভাবে পালন করে, আমরা তাহাকে প্রশংসা করি; যে তাহার একটি নিয়ম উচ্ছেদ করে, আমরা তাহাকে উচ্ছেদ করিবার জন্য বদ্ধপরিকর হই। এইরূপে অধীনতাকে আমরা পূজা করি এবং সাধারণ লোকে মনে করে যে—অধীনতা পূজনীয় কেননা সে অধীনতা; রাজার প্রতি অন্ধনির্ভর পূজনীয়, কেননা তাহা রাজভক্তি; সমাজের নিয়ম-পালন পূজনীয়, কেননা তাহা সমাজের নিয়ম। কিন্তু তাহা ত নয়। অসম্পূর্ণ পৃথিবীতে অধীনতা স্বাধীনতার সোপান বলিয়াই তাহার যা গৌরব। সে কার্য্যের যখনি সে অনুপযোগী ও প্রতিরোধী হইবে তখনি তাহাকে পদাঘাতে ভাঙ্গিয়া ফেলা উচিত। আমাদের এমনি কপাল, যে, কণ্টক বিঁধাইয়া কণ্টককে উদ্ধার করিতে হয়, কিন্তু তাহা বলিয়া উদ্ধার হইয়া গেলেও যে অপর কণ্টকটিকে কৃতজ্ঞতার সহিত ক্ষতস্থানে বিঁধাইয়া রাখিতে হইবে, এমন কোন কথা নাই। যখন স্বাধীনতা রক্ষার জন্য রাজশাসনের আবশ্যক থাকিবে না বরং বিপরীত হইবে, তখন রাজাকে দূর কর, রাজভক্তি বিসর্জ্জন কর। যখন সমাজের কোন নিয়ম আমাদের স্বাধীনতা-রক্ষার সাহায্য না করিবে, তখন নিয়মরক্ষার জন্য যে সে নিয়ম রক্ষা করিতে হইবে তাহা নহে। তাহা যদি করিতে হয়, তবে এক অধীনতার হস্ত হইতে দ্বিতীয় অধীনতার হস্তে পড়িতে হয়। অসহায় স্যাক্সনেরা যেমন শত্রু অত্যাচার হইতে রক্ষা পাইবার জন্য প্রবলতর শত্রুকে আহ্বান করিয়াছিল—স্বাধীনতা পাইবার জন্য, অস্তিত্ব প্রবল করিবার জন্য, স্বাধীনতা ও অস্তিত্ব উভয়ই বিসর্জ্জন দিয়াছিল—সমাজেরও ঠিক তাহাই হয়। ইহাই সংস্কারের গোড়ার কথা।

এক দল লোক বিলাপ করিবেই বোধ করি এমন কাল কোন কালে ছিল না, যখন এক দল লোক স্মৃতি-বিস্মৃতি-বিজড়িত কুহেলিকাময় অতীত কালের জন্য দীর্ঘ নিশ্বাস না ফেলিয়াছে ও বর্ত্তমান কালের মধ্যে সর্ব্বনাশের, প্রলয়ের বীজ না দেখিয়াছে। সত্যযুগ কোন কালে বর্ত্তমান ছিল না, চিরকাল অতীত ছিল। তৃতীয় নেপোলিয়নকে জিজ্ঞাসা করা হইয়াছিল, 'আপনি কি হইতে ইচ্ছা করেন?' তিনি উত্তর করিয়াছিলেন, 'আমি আমার পৌত্র হইতে ইচ্ছা করি! 'ভবিষ্যৎ তাঁহার চক্ষে এমন লোভনীয় বলিয়া ঠেকিয়াছিল! কিন্তু কত শত সহস্র লোক আছেন, তাঁহাদের উক্ত প্রশ্ন করিলে উত্তর করেন, 'আমি আমার পিতামহ হইতে ইচ্ছা করি! 'ইঁহাদের পৌত্রেরাও আবার ঠিক তাহাই ইচ্ছা করিবে। ইঁহাদের পিতামহেরাও তাহাই ইচ্ছা করিয়াছিলেন।

এক দল লোক আছেন, তাঁহারা পরিবর্ত্তন মাত্রেরই বিরোধী নহেন। তাঁহারা আংশিক পরিবর্ত্তন করিতে চাহেন। তাঁহাদের বিষয় লেখাই বর্ত্তমান প্রবন্ধের উদ্দেশ্য। তাঁহারা বলেন, বিধবাবিবাহে আমাদের মত নাই; তবে, সংস্কার করিতে হয় ত বিধবাদের অবস্থা-সংস্কার কর—তাহাদের উপবাস করিতে না হয়, তাহাদের মৎস্য মাংস খাইতে নিষেধ না থাকে, বেশবিন্যাস বিষয়ে তাহাদের ইচ্ছাকে অন্যায় বাধা না দেওয়া হয়। এক কথায়, বিধবাদের প্রতি সমাজের যত প্রকার অত্যাচার আছে তাহা দূর হউক, কিন্তু তাহাই বলিয়া বিধবারা সধবা হইতে পারিবে না। তাঁহারা বলিলেন, —'অসবর্ণ বিবাহ! কি সর্ব্বনাশ! কিন্তু অনুরাগমূলক বিবাহে আমাদের আপত্তি নাই। পিতামাতাদের দ্বারা বধূ নির্ব্বাচিত না হইয়া প্রণয়াকৃষ্ট বিবাহেচ্ছুক যদি স্বয়ং আপনার উপযোগী পাত্রী স্থির করে ত ভাল হয়। কিন্তু অসবর্ণ বিবাহ নৈব নৈবচ।' তাঁহারা পুত্রের বয়স অধিক না হইলে বিবাহ দিতে অনুমতি করেন না, কিন্তু কন্যাকে অল্প বয়সে বিবাহ দেন। তাঁহারা স্ত্রীশিক্ষার আবশ্যকতা বুঝিয়াছেন কিন্তু স্ত্রী-স্বাধীনতাকে ডরান। লোকাচারবিশেষের উপর তাঁহাদের বিরাগ নাই, তাহার আনুষঙ্গিক দুই একটা অনুষ্ঠানের প্রতি তাঁহাদের আক্রোশ। তাঁহারা বুঝেন না যে, সেই অনুষ্ঠানগুলি সেই লোকাচারের স্তম্ভ। তাঁহারা যাহা বলেন তাহার মর্ম্ম এই—'সমস্ত বৃক্ষটির উপর আমাদের বিদ্বেষ নাই; কিন্তু উহার কতকগুলা জটিল শিকড় যত অনর্থের মূল। আমরা শুদ্ধ কেবল ঐ শিকড়গুলা ছেদন করিব। আহা, গাছটি বাঁচিয়া থাক্!'

যদি তুমি বিধবাবিবাহ দিতে প্রস্তুত না থাক, তবে বিধবারা যেমন আছে তেমনি থাক্। সমাজ যে বিধাবাদের উপবাস করিতে বলে, মাছ মাংস খাইতে—বেশভূষা করিতে নিষেধ করে, তাহার কারণ সমাজের খামখেয়ালী অত্যাচারস্পৃহা নহে। সমাজ বিধবাদিগকে বিধবা রাখিবার জন্যই এই কঠোর উপায় অবলম্বন করিয়াছে। যদি তুমি চিরবৈধব্য ব্রত ভালবাস, তবে আর এ সম্বন্ধে কথা কহিও না। তুমি মনে করিতেছ ঐ বাঁকাচোরা শিকড়গুলা গাছের কতকগুলা অর্থহীন গলগ্রহ মাত্র; তাহা নয়—উহারাই আশ্রয়, উহারাই প্রাণ। যদি অসবর্ণ

বিবাহে তোমার আপত্তি থাকে, তবে পূর্ব্বরাগমূলক বিবাহকে খবরদার প্রশ্রয় দিও না। ইহা সকলেই জানেন, অনুরাগের হিসাব-কিতাবের জ্ঞান কিছু মাত্র নাই। সে, ঘর বুঝিয়া, দর করিয়া, গোত্র জানিয়া পাত্রবিশেষকে আশ্রয় করে না। তাহার নিকট রাঢ় বারেন্দ্র নাই; গোত্র-প্রভেদ নাই; ব্রাহ্মণ শূদ্র নাই। অতএব অনুরাগের উপর বিবাহের ঘটকালি-ভার অর্পণ করিলে সে জাতি বিজাতিকে একত্র করিবে, ইহা নিশ্চয়। অতএব, হয়, অসবর্ণ বিবাহ দেও, নয়, পিতামাতার প্রতি সন্তানের বিবাহভার থাক্। কিন্তু এই পরাধীন বিবাহপ্রথা রক্ষা করিতে হইলে তাহার সঙ্গে সঙ্গে আবার আরো অনেকগুলি আনুষঙ্গিক প্রথা রক্ষা করিতে হয়। যেমন বাল্যবিবাহ ও অবরোধপ্রথা। যদি স্ত্রীলোকেরা অন্তঃপুরের বহির্দ্দেশে বিচরণ করিতে পায়, ও অধিক বয়সে বিবাহপ্রথা প্রচলিত হয়, তবে অসবর্ণ বিবাহ আরম্ভ হইবেই। যখন যৌবনকালে কুমার কুমারী-যুগলের পরস্পরের প্রতি অনুরাগ জন্মাইবে, তখন কি পিতামাতার ও চিরন্তন প্রথার নীরস আদেশ তাহারা মান্য করিবে? তাহা ব্যতীতও বাল্যবিবাহের আর একটি অর্থ আছে। বালককাল হইতে দম্পতির একত্রে বর্দ্ধন, একত্রে অবস্থান হইলে, উভয়ে এক রকম মিশ খাইয়া যায়, বনিয়া যায়। কিন্তু যখন পাত্র ও পাত্রী উভয়ে বয়স্ক, উভয়েরই যখন চরিত্র সংগঠিত ও মতামত স্থিরীকৃত হইয়া গিয়াছে ও কচি-অবস্থার নমনীয়তা চলিয়া গিয়াছে ও পাকা-অবস্থার দৃঢ়তা জন্মিয়াছে, তখন অমন দুই ব্যক্তিকে অনুরাগ ব্যতীত আর কিছুতেই জুড়িতে পারে না—না বাসসামীপ্য, না বিবাহের মন্ত্র। তাহাদের যতই বলপূর্ব্বক একত্র করিতে চেষ্টা করিবে, ততই তাহারা দ্বিগুণ বলে তফাৎ হইতে থাকিবে। অনুরাগ করা তাহাদের পক্ষে কর্ত্তব্য কার্য্য বলিয়াই অনুরাগ করা তাহাদের পক্ষে দ্বিগুণ দুঃসাধ্য হইয়া পড়িবে। অতএব যদি অসবর্ণ বিবাহ না দেও তবে পূর্ব্বরাগমূলক বিবাহ দিও না, বাল্যবিবাহ প্রচলিত থাক্, অবরোধপ্রথা উঠাইও না। তুমি যে মনে করিতেছ, 'সুবিধামত আমি সমাজ হইতে লোকাচারের একটি মাত্র ইঁট খসাইয়া লইব, আর অধিক নয়', তোমার কি ভ্রম! ঐ একটি ইঁট খসিলে কতগুলি ইঁট খসিবে ও প্রাচীরে কতখানি ছিদ্র হইবে তাহা তুমি জান না।

অতএব দেখা যাইতেছে দুই দল লোক সমাজ সংস্কার করে। এক—যাহারা লোকাচারকে একেবারে মূল হইতে উৎপাটন করে, আর—যাহা লোকাচারের একটি একটি করিয়া শিকড় কাটিয়া দেয় ও অবশেষে কপালে করাঘাত করিয়া বলে, 'এ কি হইল। গাছ শুকাইল কেন?' ইহাদের উভয়েরই আবশ্যক। প্রথম দল যখন কোন একটা লোকাচার আমূলতঃ বিনাশ করিতে চায়, তখন সমাজ কোমর বাঁধিয়া রুখিয়া দাঁড়ায়। কিন্তু তাহাই বলিয়া যে সংস্কারকদের সমস্ত প্রয়াস বিফল হয় তাহা নহে। তাহার একটা ফল থাকিয়া যায়। মনে কর যেখানে অবরোধপ্রথা একাবারে তুচ্ছ করিয়া পাঁচ জন সংস্কারক তাঁহাদের পত্নীদিগকে গাড়ি চড়াইয়া রাস্তা দিয়া লইয়া যান, সেখানে দশ জন স্ত্রীলোক পাল্কী চড়িয়া যাইবার সময় দরজা খুলিয়া রাখিলেও তাঁহাদের কেহ নিন্দা করে না। কেবল মাত্র যে তাঁহাদের নিন্দা করে না, তাহা নহে; তাঁহাদের লক্ষ্য করিয়া সকলে বলাবলি করে, 'হাঁ, এ ত বেশ! ইহাতে ত আমাদের কোন আপত্তি নাই! কিন্তু মেয়ে মানুষে গাড়ি চড়িবে সে কি ভয়ানক! 'আপত্তি যে নাই, তাহার কারণ, আর পাঁচ জন গাড়ি চড়ে। নহিলে বিষম আপত্তি হইত। সমাজ যখন দেখে দশ জন লোক হোটেলে গিয়া খানা খাইতেছে, তখন যে বিশ জন লোক ব্রাহ্মণকে দিয়া মুরগী রাঁধাইয়া খায়, তাহাদিগকে দ্বিগুণ আদরে বুকে তুলিয়া লয়। ইহাই দেখিয়া অদূরদর্শীগণ। আমূল-সংস্কারকদিগকে বলিয়া থাকে, 'দেখ দেখি, তোমরাও যদি এইরূপ অল্পে অল্পে আরম্ভ করিতে, সমাজ তোমাদেরও কোন নিন্দা করিত না।'

এক কালে যে লোকাচারের প্রাচীরটি আশ্রয়স্বরূপ ছিল, আর এক কালে তাহাই কারাগার হইয়া দাঁড়ায়। এক দল কামান লইয়া বলে, 'ভাঙিয়া ফেলিব।' আর-এক দল রাজমিস্ত্রির যন্ত্রাদি আনিয়া বলে, 'না, ভাঙিয়া কাজ নাই, গোটাকতক খিড়্কির দরজা তৈরি করা যাক।' অমনি সমাজ হাঁপ ছাড়িয়া বলে, 'হাঁ, এ বেশ কথা!' এই রূপে আমাদের অসংখ্য লোকাচারের প্রাচীরে খিড়্কির দরজা বসিয়াছে। প্রত্যহ একটি একটি করিয়া বাড়িতেছে; অবশেষে যখন দেখিবে তাহার নিয়মসমূহে এত খিড়কির দরজা হইয়াছে যে তাহার প্রাচীরত্ব আর রক্ষা হয় না, তখন সমস্তটা ভাঙ্গিয়া ফেলিতে আর আপত্তি করিবে না, এমন-কি, তখন ভাঙ্গিয়া ফেলাও আর আবশ্যক হইবে না। এইরূপে এক-চোখো সংস্কারকগণ নিজের উদ্দেশ্যের বিরুদ্ধে যতটা সমাজসংস্কার করেন, এমন অল্প সংস্কারকই করিয়া থাকেন। ইঁহারা রক্ষণশীলদলভুক্ত হইয়াও উৎপাটনশীলদিগকে সাহায্য করেন।

(অচলিত সংগ্রহ থেকে সংগৃহীত)

নির্জলা সত্য

অধ্যাপক ডঃ মধুসূদন ভট্টাচার্য্য

আমি লোকটা নিশ্চয়ই খারাপ, কতটা যে তা আপনারা জানবেন কি করে। ভাল নীতি কথা বলি, মৃদু হাস্যেই বেশি সময়ে। লোকের আপদে বিপদে ছুটে যাই জায়গামত, সংবাদপত্রে বড় করে ছবি ছাপে। কাউকে আশার আলো দেখাই নে, একথা আমার অতি বড় নিন্দুকেও বলবে না। আমি এক কল্পতরু।

আমার বিবেক বলে, তুই একটা পৃথিবীর জঞ্জাল, সুগন্ধির আড়ালে আছে তোর আসল আমি।

চম্‌কে উঠি আমি। তাহলে আমার ভেক সবাই ধরে ফেলেছে! ঠিক আছে সোনার ঝাঁটায় ওদের মোসাহেব বানাব। দেখছি শুধু হাসি, শুধু আশা—এসব দিয়ে এখন আর চলবে না বুঝছি।

কে যেন নেপথ্যে বলে ওঠে, চলবে চলবে এখনো বেশ কয়েক বছর, আরে বাবা তুমিই বা কতদিন। জীবন তো ছোট, মনে রেখো একটাই তো জীবন।

কে তুমি, কি বলতে চাইছো?

তোমরা আমাদের নেতা, সব তো বোঝাই আছে তোমাদের। দেশ জনগণের। তোমরাও তো জনগন। সুতরাং দেশটা তোমাদের, তার ঐশ্বর্য্য সম্পদ সব তোমাদের সম্পত্তি।

হ্যাঁ ভাই, এটা কিন্তু সঠিক বলেছ। তাই আমরা আমাদের সম্পত্তি, দেশের নিরাপত্তা আর দেশের যা মূল্যবান কিছু আছে তা সুরক্ষিত রাখার জন্য সত্বর ব্যবস্থা নিই, সব ভল্টে রেখেছি এবং রেখেই চলেছি; কত ক্লেশ স্বীকার করি বার বার বিদেশ গিয়ে ওখানে ব্যাঙ্কের বন্দোবস্ত পাকা রাখতে!

কি সব ভাবছে অভিষেক! কেন সব আজে বাজে চিন্তা অলস মস্তিষ্কে ইদানীং চুলবুল করে।

অলক্ষ্যে কে যে বলে ওঠে, সংবাদপত্র পড়ার দরকার কি, যা হচ্ছে এসব মহাকালের খেলা, চিরকাল চলবে, অতীতেও ছিল এসব।

সমে ফেরে অভি। কোথায় যাব যেন, মনে আসে না। এত ভুলো মন তো তার ছিল না। হাসি পায় তার, আরে এও তো সেই মহাকালের খেলা।

কালকে বাঁধতে পারে না কেউ ঠিকই। তা বলিই বা কিভাবে? ঐ যে তোমাদের গোঁফদাড়িওলা লোকটা, চেহারাটা কিন্তু বেশ এক্কেবারে ঋষি, হ্যাঁ গো রবিঠাকুর, সময়কে যেন স্থির করে দিয়েছেন। আর একটা বিরাট সর্বনাশ করে দিয়েছেন, করে চলেছেন বোধহয় ঠিক বলা হয়, বিশেষ করে ভাবি কবিকুলের, তাঁরা আর কি নিয়ে যে কবিতা লিখবেন ভেবেই অস্থির। এই কি ওঁর ঋষিসুলভ আচরণ!

অভি তো নিজেওভাবে দু-একটা কবিতা লেখার। কিন্তু কি আর হবে সে দুয়ার রুদ্ধ যে।

অনিমেষ এসে হাজির দুয়ারে, কলেজবন্ধু। কিরে বেরোবি, না বাড়ীতে বসে থাকবি?

সেটাই ভাবছি।

আরে তুই ছিলিস এতো ডাইন্যামিক আর এখন এক্কেবারে স্ট্যাটিক হয়ে গেলি। চল্‌না কত জায়গায় রবীন্দ্রনাথের সার্ধশতবার্ষিকী পালিত হচ্ছে, চল একটাতে যাই।

নারে, যেতে ইচ্ছে করছে না।

কেন?

কবি তো উপলক্ষ্য মাত্র, নিজেদের অস্তিত্ব প্রমাণ করার এমন সাড়ম্বর পরিবেষ্টন পাবে কোথায়? মন্ত্রীসান্ত্রীর সঙ্গে একটু ছোঁওয়াছুয়ি, ভাগ্যান্বেষনের কি দুরন্ত প্রতিযোগিতা বিদ্বৎজনেদের মাঝে যে চলে!

দেখ অভি, তোর কথার মধ্যে কিছুটা সত্য আছে, এটা ঠিক। তবে কবিগুরুর মননস্মরণও কিছুটা প্রভাবিত করে মানুষকে।

নিশ্চয়ই করে, তবে তা মুক্তস্থানে কর্পূর, বড় ক্ষণস্থায়ী রে। দার্শনিক হলি কবে থেকে?

কি যে বলিস, বিজ্ঞানই বুঝিনে ভাল করে।

দর্শনের সঙ্গে আবার বিজ্ঞানের.....

আছে আছে। Where Science ends, Philosophy begins পড়েছিস তো নিশ্চয়

'আমি নইলে ত্রিভুবনেশ্বর
তোমার সৃষ্টি হতো মিছে'

দেখছিস কবি বিধাতাকে স্মরণ করিয়ে দিচ্ছেন, আমি আছি তাই তোমার সৃষ্টি সুন্দর। তাই 'এই আমাকে' লালন করতেই হবে তোমাকে, না হলে তোমার অস্তিত্বেরই সংকট।

অনিমেষ কি যেন ভাবে। তাকে কতদূরের মনে হচ্ছে অভির। এ অনিমেষকে সে চেনে না।

কি হল দু'বন্ধু যে একদম চুপ, অভির স্ত্রীর কণ্ঠ। আসছি চা নিয়ে।

চা কি বানানো হয়ে গেছে?

না, গ্যাসে কমিনিটিই বা লাগবে?

চা তো বাড়ী থেকে খেয়ে এলাম, তার চেয়ে বসুন একটু গল্প করা যাক।

কিন্তু হায় গল্প কোথায়। মন হারিয়ে যায় অতীতে। মধুর সে স্মৃতির সুবাস পাচ্ছি যেন। ভীষণ আনমনা লাগে অনিমেষকে। সে দেখছে সেই পূর্বাকে, সুন্দরী তন্বী মেজাজি। এখন তার সুমুখে বসে সেই পূর্বা! কালের গ্রাস কি ভীষণ ছায়া ফেলে!

ঝর্ণা কি রকম আছে? একদিন তো সস্ত্রীক আসতে পারেন, এখন তো ঝাড়া হাত-পা, অখন্ড অবসর আপনাদের।

কথাটি কিন্তু বড্ড সত্যি, হজম করতে সময় লাগে। তা এলেই হয়, এ আর এমন কি, এটুকু তো পথ।

আপনাদের ধরণধারণ দেখে মনে হয় .....

কি মনে হয় বলুন শুনি, মনে হচ্ছে ইন্টারেস্টিং কিছু বলবেন।

আপনি দিল্লী, আমার উনি মুম্বাইবাসী।

আবার দিল্লী, দিল্লীর লাড্ডু যো খায়া ....

কেন?

মনে নেই কালীবাড়ির জলসংকট! এবং আপনার একতলা তিনতলা করা প্রতি সকালে, হাতে মগ?

তবু তো বেশ ছিলাম তখন। তরুণ রক্ত, ওসব ঘটনা আনন্দ-ভ্রমণে কোনো বিঘ্ন ঘটাতে পারেনি। এখন পান থেকে চুন খসলেই মেজাজ যায় খিঁচড়ে।

এখন চুন তো খস্‌ছেই আর সে পান অন্য পানে বাড়বাড়ন্ত।

কিন্তু জীবন চলছে চলবে। এ প্রবাহমান নদী, কখনো উচ্ছল দুরন্ত, বিশাল তার বিস্তার, কখনো বা নিতান্ত শীর্ণকায়া সে। কোথাও ভাঙছে কোথায় জাগছে।

এই জীবনমৃত্যু প্রবাহ সমান্তরালভাবে চলেছে চিরকাল। ভারসাম্য রাখছে প্রকৃতি তার নিজস্ব নিয়মে, তার জন্য সে মানুষের তোয়াক্কা করে না একটুও।

প্রকৃতি ব্রহ্ম, তা চিরস্থায়ী, সে ভিন্ন ভিন্ন সময়ে তার রূপ পরিবর্ত্তন করে—সভ্যতা আসবে যাবে, প্রানীকূল বৃক্ষলতার রূপান্তর ঘটবে, কখনো তার কোনো অংশের বিলুপ্তিও বা তাপে চাপে সময়ে আবার তৈলভান্ডার বা অন্য জ্বালানির উদ্ভব হবে হয়তো কিংবা দূরাগত কোনো সভ্যতাকে বাঁচিয়ে রাখবে আবার হাজার হাজার বছর ধরে।

কি হল, আপনি কি এত ভাবছেন?

সত্যি কি সব যে উদ্ভট চিন্তা পেয়ে বসে আমাকে। লোককে বলি বর্তমানে বাঁচো, কিন্তু নিজে তা অনুসরণ করতে পারি না।

অভি টিপ্পনী কাটে, আরে তুই তো এবার নেতা হবার যোগ্যতা অর্জন করেছিস রে।

নারে এ চিন্তায় শক্তি যোগায় না, বরং উদাসী কোরে তোলে মানুষকে।

রাখতো ওসব। এখান যাবার বেলায় এসব করে কি লাভ।

আমার তো কোনো আলাদা অস্তিত্বই নেই রে অভি। আমাদের এই সমাজ, এই সভ্যতা অনেক দিয়ে চলেছে প্রতিনিয়ত; তো এই সভ্যতার ধারকবাহক যে প্রকৃতি-মা তার ওপর কি আমরা নিত্যনতুন পীড়ন চালাচ্ছি না? আবার সে সব নিয়ে বড় বড় সভাসমিতি করছি বিশ্বময়, কিন্তু তার নিট ফল জিরো। যা চলছে চলবে এবং সময়ের সাথে মানুষ প্রকৃতিকে আরো বেশি বেশি লুঠ করে চলেছে।

অভি যোগ করে, আরো চাই, চাই আরো আরো ভোগসামগ্রী।

ছাড়ুন তো আপনাদের এইসব চিন্তার বিলাসিতা।

ইতিমধ্যে বেশ কিছুদিন গড়িয়ে গেছে। একটা ঋতু বদল ঘটতে চলেছে, বর্ষার উত্তরণ শরতে পঞ্জিকা মাফিক আর প্রায় ছত্রিশ ঘণ্টার অপেক্ষায়। আকাশে সাদা মেঘের আনাগোনা। দেবী আরাধনা-ঘণ্টাধ্বনি বিকিকিনির বাজারে ইতিমধ্যেই পুরোদস্তুর হাজির এবং বন্যার তান্ডবও চলছে সমানে বেশ কয়েকদিন। লক্ষ লক্ষ মানুষ ঘরছাড়া, বহু জলবন্দী। ত্রাণসামগ্রীর ওপর নির্ভর করে বাঁচতে হচ্ছে বহু সম্পন্ন পরিবারকেও। বন্যা মাঝে 'ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্নপান'। তাই কি কখনো হয়, যারা বন্যা কবলিত নয় তাদের কি দায় পড়েছে। বিশ্বায়ন করেছে আমাদের ভোগবাদী, চরম সুবিধাবাদী। অনেক বিশেষণে বিভূষিত করা যায়। এক কথায় বলা যায় তা মানুষকে করেছে অমানুষ, না-মানুষ ভাবলে বিভ্রমের শিকার হতে হবে কিন্তু।

অনিমেষ ভাবে, এতো তার পক্ষেও সমানভাবে প্রযোজ্য। বেদনাক্ত হয় তার মন। ব্যাস, এতো কয়েক লহমার জন্য। এতো বিরাট হিপোক্রেসি। এই হিপোক্রিটরাই রাজত্ব চালাচ্ছে পৃথিবীময়।

বন্যা খরা ভূকম্প আরো কত রকমের প্রাকৃতিক বিপর্যয়ই কত জনকে বানায় বিত্তশালী, প্রতিষ্ঠিত করে রাজনীতির অঙ্গনে। খাদ্যশস্য প্রচুর মজুত। কিন্তু জোটেনা বহু বহু জনের। কোনো বস্তুরই অভাব নেই এই বিশ্বায়ত ভারতে, তবু কেন এত দারিদ্র, এত লোককে অনাহারে মৃত্যুবরণ করতে হয়? কোন সরকারই অবশ্য একথা স্বীকার করে না, বলে অপুষ্টিতে মৃত্যু।

অনি নিজে আপনাকে কাঠগড়ায় দাঁড় করায় ইদানীং প্রায় সর্বক্ষণই, এমনকি স্বপ্নেও সে দেখে ঐ একই দৃশ্য।

বেশ স্বপ্নবিলাসিতা, এপাশে মজা লুট্‌ছো। কত আর লুটবে, শরীরস্বাস্থ্য যায় দেয় না সময়ে অসময়ে। কোথা থেকে স্বরটা ভেসে আসে।

ইদানীং স্নানে এই ছেঁড়া প্রায় টার্কিশ টাওয়েলটা অনেক কথা স্মৃতিপটে নিয়ে আসে, সপ্তাহে দুদিন পালা করে এটির শুভাগমন ঘটে। কাশ্মীর থেকে কন্যাকুমারীকা, অপরদিকে মহারাষ্ট্র, গুজরাট থেকে আসাম চেরাপুঞ্জী ভ্রমণের বিশ্বস্ত সঙ্গী। সপ্তাহে ঐ দুদিন আমার ভ্রমণ হয় ভারতের বিভিন্ন প্রান্তে, বিনাব্যয়ে বিনাক্লেশে। অনিমেষের।

কত কথা মনে আসে! কাশ্মীর শ্রীনগর বাস টার্মিনাস। দেখি একটা প্ল্যাকার্ড, আমার নামাঙ্কিত। কাছে যাই।

স্যার আসুন।

কোথায়?

গাড়ি আছে ঐ যে।

বুঝি, এ ঈশ্বরের অযাচিত করুণা।

গাড়ি ছোটে প্রায় মাইল ১৫/২০ (২৪/৩২ কিমি প্রায়) হবে। হজরতবাল সংলগ্ন প্রায় বলতে গেলে ডাললেকের ধারে এক সুদৃশ্য ছিমছাম অতিথিশালায়, সন্ধ্যা তখন প্রায় সাতটা। আগেই বাথরুম পরিদর্শন করা আমার স্বভাব, টিপটপ সব। দুটি ঘর, বেশ প্রশস্ত বেডরুম, সুমুখে ডাইনিং স্পেসও বেশ প্রশস্ত।

ড্রাইভার আমাদের যার কাছে সমর্পণ করে গেছে সে একজন মধ্যবয়সী কাশ্মিরী, দেখতেও সুদর্শন। সেই এই অতিথিশালার সব, পরিচারক, কুক ও ফরাস এবং তার পোষাকের ধবলত্বই তার রুচির পরিচায়ক।

একটু চা টা পাওয়া যাবে এখেনে?

বসিয়ে এসেছি স্যার। এই বলে সে নীচতলার দিকে ধাবমান দেখে মনে হয় পাকশালা ওখানে নিশ্চয়।

আমার স্ত্রীর মুখ গম্ভীর, খুব অপ্রসন্ন।

কি হলো?

এ ছাই কোথায় থাকতে এলে?

পুত্রকন্যাশ্যালক—তাদের কোনো হেলদোল নেই। প্রশস্ত পরিসর পেয়েছে অনেকটা পথযাত্রার পর, তারা নিজেদের নিয়ে মগ্ন।

ট্রে হাতে হাজির আমাদের অল-ইন-ওয়ান। চা, দু-তিন রকমের বিস্কুট, খানিকটা কাজু, টিপটে চা, দুধ চিনি আলাদা পটে। একটা ফ্লাক্সে গরম জল, ওরা বলে পানি, আর হরলিক্সের মত একটা কি যেন বাচ্ছাদের যদি প্রয়োজন হয়।

আবদুল, এতো সব কি আনলে?

মাইজীই সব ব্যবস্থা করেছেন।

ভাবি, মাইজী সে কোন জন। প্রশ্নটা করেই ফেলি আবদুলকে।

রাতের খাবার?

সব ব্যবস্থা আছে, খানা কি এখানে আনবো? নীচেও সব বন্দোবস্ত আছে। আমি পাশেই থাকি কোয়ার্টারে। ফোনে জানাবেন সময় হলে স্যর।

চা টা খেয়ে সবাই বেশ চাঙ্গা হল, মানে আমরা স্বামী-স্ত্রী—ছেলেরা তো সর্বদাই চাঙ্গা ভ্রমণপথে, পদব্রজেও তারা সমান দীপ্ত।

এই অতিথিশালা থাকার জন্য খুব সুখকর সন্দেহ নেই। কিন্তু শ্রীনগর থেকে এতটা পথ উজিয়ে যাওয়া আসে করা! আর বড্ড নিরালা। লোকজনের দেখা মেলা ভার, স্ত্রীর উক্তি।

কেন ব্যালকনিতে যাও। শান্তজল বিস্তীর্ণ বিশাল ডাল লেক, কত শিকারা, দেখোনা, নৌকা করে কেমন ভাবে ভ্রমণার্থীরা অস্থায়ী বাসায় যাওয়া আসা করছে। ঐ দেখ ইতিহাসপ্রসিদ্ধ হজরতবাল, ঐখানে মহম্মদের পবিত্র কেশ রক্ষিত আছে, সব আমাদের ঢিলছোঁড়া দূরত্বের মধ্যে। ক...ত দর্শনার্থী আসছে যাচ্ছে।

যত সুন্দরই হোক, আমরা তো বসে থাকতে আসিনি এখানে হাওয়া বদলের জন্য।

সে তো ঠিকই। দেখি কি করা যায়?

দেখাদেখির কি আছে, কালই আমরা শ্রীনগরে হোটেলে উঠবো।

বিধাতা বোধহয় মৃদু মৃদু হাসেন।

ভোর হতে না হতেই অনিমেষ ছুট্‌ছে অধ্যক্ষের কোয়ার্টার।

তখন স্বামী স্ত্রী মর্নিং-টিয়ে বসেছেন বোধহয় সবে মাত্র।

ডঃ হান্ডা আমায় বাড়ীর সম্মুখস্ত উদ্যান গেটেই দেখেছেন বোধহয় ইতস্ততঃ করতে।

হাসিমুখে এগিয়ে আসেন, বলেন, আসুন আসুন, এত সকালে যে?

ওঁর স্ত্রী কখন অলক্ষ্যে ওনার স্বামীর পিছনে এসে দাঁড়িয়েছেন। উনি যেন এটা জানতেন।

ডঃ হান্ডা বলেন, কি যে বল তুমি!

আরে ওনাকে আসতে দাও ভেতরে।

সরি সরি ভেরি সরি, আসুন আমাদের চা-সঙ্গ দিন।

কুশল বিনিময় হয়।

কথাবার্ত্তায় খুব আন্তরিক। আমি অপরিচিত একজন, এই আমাদের প্রথম সাক্ষাৎ। ভাবি বেশিভাগই ভাল মানুষ। হবেও বা আমার শোনা দেখার ভুল।

শ্রীমতি বলেন, যার জন্য এসেছেন উনি তার তো সব ব্যবস্থাই করে রেখেছো তুমি, তাই না?

আমি কিছু অনুমান করতে পারি না।

হ্যাঁ, শুনুন আপনি আমাদের এখন অতিথি। দর্শনীয় যা আছে কাশ্মীরে সব ব্যবস্থা ঠিক করা আছে।

আমরা তো বেড়াতে এসেছি, তাহলে এই প্রতিষ্ঠানের গেষ্ট হবো কি করে।

একদিন ঘণ্টাখানেকের প্রোগ্রাম আছে আপনার, আপনার specialised subject.

ভাবি, ও হরি, ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে। অশেষ ধন্যবাদ জানিয়ে বলি, পাঁচ' ছ দিন তো থাকছি মোটে। সময় খুব কম। তাই...

তা'তো অবশ্যই, তাই একদিন সন্ধ্যার পর...।

দেখুন আমার বিবেক এতে সায় দিচ্ছে না, এটা যেন ঠিক হবে না।

আচ্ছা সে দেখা যাবে পরে, বলেন শ্রীমতি।

হান্ডাসাহের বলেন, আপনার যাতায়াতের কোন সমস্যা হবে না, আমরা গাড়ীর ব্যবস্থা রেখেছি।

দেখুন, ধন্যবাদ দিলে ছোট করা হবে আপনাদের, কিন্তু আমার একটা নিবেদন আছে, এটা আমার বিনীত অনুরোধ।

সেটা কী? দুজনেই একসঙ্গে বলেন।

বলি, লেকচার প্রোগ্রামটা বাদ দিন, আর আমাদের সাইট সিয়িং-র ব্যাপারগুলো বাসেই করতে ভাল লাগবে আরো অন্যান্য ভ্রমণকারীদের সঙ্গে। তবেই না বেড়ানো, হৈ হল্লা, চেঁচামেচি এ না হলে চলে নাকি বিশেষতঃ আমাদের, বাঙালীদের?

হান্ডাসাহেব হেসে বলেন, ঠিক আছে। Local sight seeing-টা আমরাই করাব আজই কিন্তু দশটার মধ্যে রেডি হয়ে থাকবেন, গাইড সমেত গাড়ি যাবে।

শ্রীমতী সহায্যে বলেন, এখান থেকে শ্রীনগর যাতায়াতের চিন্তা করতে হবে না একদিনও কিন্তু।

আর সব ব্যবস্থা আবদুলই করে দেবে। যখন যা প্রয়োজন ওকে জানাবেন।

নমস্কার বিনিময় করে ফিরি।

বাচ্ছারা খেলায় মত্ত, আমার শ্রীমতী অগ্নিশর্মা, সুটকেস গোছানো সারা।

বাক্যবান ছুটে আসে, আর কখন যাবে শ্রীনগরে? একটা দিন এভাবে কাটাবে নাকি?

চড়া গলায় কথা বললে হিতে বিপরীত হওয়ার আশঙ্কা। বলি, না না চলো, আবদুলকে Taxi আনতে পাঠাচ্ছি।

ইতিমধ্যেই আবদুল এসে হাজির। আপনাকে চা দিই স্যার? মা'জী ও ছোটরা একটু আগে...

না আবদুল, আমি চা খেয়েছি Principal সাহেবের বাড়িতে।

কি হল, তুমি Taxi আনতে বলবে না?

হ্যাঁ হ্যাঁ, ঠিকই তো বলে থেমে থাকি।

আবদুল বোধহয় ইতিমধ্যেই সব ব্যাপারটা জেনে গেছে, তাই বলে, আমি নীচে আছি, ফোনে ডাকবেন সময় মত।

স্ত্রীর মেজাজ সপ্তমে বুঝতে পারি।

তখন সব ঘটনাটা খুলে বলি আদ্যন্ত।

মুহূর্ত্তে পরিবেশটা বদলে যায়। ছেলেদের বলে, তোরা তাড়াতাড়ি চানটান যা করবি করে নে, একেবারে রেডি হয়ে যা।

কি মধুর স্মৃতি। তখন ছিল দুরন্ত যৌবন আর অর্থের প্রাচুর্য্য না থাক, অনটন ছিল না।

এখন বয়সে প্রবীন, তার ছাপ অবশ্যই কিছু পড়েছে। সংবাদপত্র পড়ে মনে হয় দেশটা উচ্ছন্নে যাচ্ছে, আর নীচে নামার বিশেষ জায়গা নেই। শুধুই scam এর খবর, সচিত্র। বৈদ্যুতিন মাধ্যমও সোচ্চার। তবে কি কোনো ভালো মানুষজন আর দেশে নেই, তবে তা প্রচারে প্রচন্ড অনীহা, মুচমুচে খবর তো নয়। মানুষ খাবে না, ব্যবসা চালায় তারা। আর সংবাদ থাকে গালভরা promise-এর আমাদের নেতাদের জনগণের জন্য। নেতাদের অমৃতভাষণের ব্যবসায়ী বলা যাবে না, তারা সত্য কথা বলেন আমাবস্যা পূর্ণিমায়।

আমার অন্তরলোক আমাকে প্রশ্ন করে, তুমি কি বাপু সত্যবাদী? Scam করার অবকাশ পেলে তুমি কি করতে? তুমিও তো সুযোগ নিয়েছ কত সময়।

আমি রুষ্ট হয়ে বলি, প্রমাণ দাও একটা।

এইতো শ্রীনগরে থাকলে, গাড়ীর সুযোগ নিয়েছো, তার জন্য মাসুল দিয়েছিলে?

না, তা দিই নি।

তাহলে?

এই একটা বড় সুযোগ পাচ্ছে দেশের সরকার বাহাদুর CBI তদন্তের! কেন অযথা বড় বড় scam-এ মাথা গলানো, যা বেরোবে তা ঠিক করাই তো আছে, নেতারা রয়েছেন না! তাহলে কেন শুধুমুধ CBI তদন্তের বিরাট বিরাট ব্যয়? একটু গড়বড় করেন ন্যায়ালয় মাঝে মধ্যে এই যা।

কিন্তু আসল প্রশ্নের উত্তর তো দিলে না।

সব সময় সত্য বলেছি! আমি কি মহাত্মা গান্ধী? আর ছোটখাটো scam এর সুযোগ ছিল, সৎ(!) সাহসের অভাবে কাজে লাগাতে পারিনি। স্বীকার করি সংখ্যাগরিষ্ঠ বিদ্বজ্জনেদের মতো (আমি অবশ্য নিজেকে বিদ্বজ্জন মনে করি না) আমিও Opportunist Party of India (O.P.I.)র সভ্য।

আমি লোকটা যে চরম সুবিধেবাদী, এটা কি আর বলার অপেক্ষা রাখে, তবু যে নেতা হতে পারিনি, এ এক দুস্তর লজ্জা। নিশ্চয়ই Genetic disorder!

পথ দেখালেন আনন্দ

রামকৃষ্ণ ভট্টাচার্য

বৌদ্ধ সাহিত্য একটা বিরাট নাটকের মতো। অজস্র চরিত্র, অজস্র ঘটনা, অজস্র সুখ-দুঃখের গল্প। বুদ্ধ তার কেন্দ্রে। তাঁকে ঘিরে অনেক ভিক্ষু-ভিক্ষুণী, রাজা-প্রজা, শ্রেষ্ঠী-দাস।

এত লোকের মধ্যে আমার কিন্তু সবচেয়ে ভালো লাগে আনন্দকে। বুদ্ধের তিনি সেবক মাত্র। তবু বুদ্ধ যেন তাঁকেই একটু বেশি ভালোবাসেন। ইচ্ছে করেই কোনো কোনো উপদেশ তিনি সংক্ষেপে বলেন—ভিক্ষুরা যাতে আনন্দ-র কাছে তার ব্যাখ্যা শুনতে যান। তাঁরাও ফিরে এসে জানাতেন আনন্দ কী বললেন। আর বুদ্ধও সেই সুবাদে আনন্দ-র বিদ্যেবুদ্ধির সুখ্যাতি করতেন।

একটানা পঁচিশ বছর বুদ্ধের সঙ্গে ছায়ার মতো ছিলেন আনন্দ। ছায়ার মতোই দাবিহীন। সেবক হওয়ার সময়েই তিনি কয়েকটা শর্ত দিয়েছিলেন। যেমন, বুদ্ধ তাঁকে কোনো ভালো খাবার বা কাপড় দিতে পারবেন না, তাঁর জন্যে কোনো আলাদা গন্ধকুটির (থাকার জায়গা) ঠিক করবেন না, নেমন্তন্নে যাওয়ার সময়ে তাঁকে সঙ্গে নেবেন না। নইলে লোকে বলবে, এই জন্যেই তো আনন্দ বুদ্ধর সেবক হয়েছেন!

সেই সঙ্গে আরও কয়েকটা শর্ত ছিল। যেমন, কোনো ব্যাপার বুঝতে না পারলে তিনি সরাসরি বুদ্ধের কাছেই তা জানতে চাইবেন। কোনো উপদেশের সময়ে তিনি যদি হাজির থাকতে না পারেন, তাহলে ফিরে এসে বুদ্ধ আবার তাঁকে সেইসব কথা বলবেন।—এসব সুযোগ-সুবিধে না থাকলে লোকে বলবে: বুদ্ধের সেবা করে আনন্দ-র কী লাভ হচ্ছে। আর, এগুলো থাকলে লোকে তাঁকে বিশ্বাস করবে। বলবে, আনন্দকে বুদ্ধ সত্যিই কদর করেন।

এই সব শর্তই মেনে নিয়েছিলেন বুদ্ধ।

কালের নিয়মে বুদ্ধও একদিন পরিনির্বাণ লাভ করলেন। প্রধান থের মহাকাশ্যপ বুঝলেন, সঙ্ঘকে বাঁচাতে হলে তার ভিত আরও পোক্ত করা দরকার। সব মুশকিল আসানের জন্যে আর তো তথাগতকে পাওয়া যাবে না। ঠিক হলো, রাজগৃহে থের ভিক্ষুদের একটা সঙ্গীতি (= সম্মেলন) বসবে। ধর্ম আর বিনয় (= সঙ্ঘ-র নিয়মনীতি)-এর সব কথা পাকা করে ফেলতে হবে। তার জন্যে মহাকাশ্যপ চারশ নিরানব্বই জন অর্হৎ (= এই জীবনেই যাঁরা নির্বাণলাভ করেছেন, অপ্রমত্ত চিত্তে একা যাঁরা বিচরণ করতে পারেন) বাছাই করলেন। তাঁরাই বললেন, যদিও আনন্দ-র শিক্ষা এখনও শেষ হয় নি, তবু তাঁকেও এই সঙ্গীতিতে ডাকা হোক।

মহাকাশ্যপও রাজি হলেন।

রাজগৃহে শুরু হলো প্রথম সঙ্গীতি। গোড়ায় উপালি বললেন বিনয়-এর সব নিয়মনীতি। তারপর আনন্দ-র পালা। তাঁকে বলতে হলো, কখন কোথায় কোন্ উপলক্ষ্যে বুদ্ধ কোন্ সূত্র-উপদেশ দিয়েছিলেন। সব প্রশ্ন-উত্তরের শেষে আনন্দ জানালেন, নির্বাণলাভের আগে ভগবান্ বুদ্ধ আমায় বলেছিলেন, আমার (বুদ্ধের) মৃত্যুর পরে সঙ্ঘ ইচ্ছে করলে ছোটোখাটো শিক্ষাপদ (= নিয়ম) গুলো তুলে দিতে পারে।

ভিক্ষুরা জানতে চাইলেন, আনন্দ, তুমি কি ভগবান্‌কে জিগেস করেছিলেন, ছোটোখাটো শিক্ষাপদ কোন্‌গুলো?

— না, আমি তা জিগেস করি নি।

দেখা গেল, কেউই ঠিক করতে পারছেন না, শিক্ষাপদগুলো কী কী। শেষে মহাকাশ্যপ বললেন, তাহলে আর এ নিয়ে ঘাঁটিয়ে লাভ নেই। যেমন আছে, তেমনি থাকুক।

এর পরেই সঙ্গীতির চেহারাটা হঠাৎ কেমন পাল্‌টে গেল। সবাই মিলে খামোখা ঝাঁপিয়ে পড়লেন আনন্দ-র ওপর।

—আনন্দ, তুমি অপকর্ম করেছ। এটা তোমার জিগেস করা উচিত ছিল। স্বীকার করো, তুমি অপকর্ম করেছ।

'অপকর্ম' (পালিতে বলে দুক্কট = দুষ্কৃত) মানে ভিক্ষুর পক্ষে এক ধরণের পাপ, স্বীকার করে ক্ষালন করতে হয়।

আনন্দ শান্তভাবে বললেন :

— ভুলে গিয়েছিলুম (বা, আনমনা ছিলুম) বলে সেকথা আমি জিগেস করি নি। আমি তো এর মধ্যে কোনো অপকর্ম দেখছি না। তবে আপনাদের ওপর শ্রদ্ধা (= বিশ্বাস) আছে বলে এটাকে অপকর্ম বলছি।

থের ভিক্ষুরা কিন্তু অত সহজে আনন্দকে রেহাই দিলেন না। শুরু হলো অভিযোগের শিলাবৃষ্টি :

— আনন্দ, ভগবানের বর্ষাকালে পরার কাপড়টি পা দিয়ে মাড়ানোর পর তুমি সেলাই করেছিলে। বলো, এটা অপকর্ম হয়েছিল...

—আনন্দ, ভগবানের শরীর (মৃতদেহ) বন্দনা করার সুযোগ মেয়েদের তুমি আগে দিয়েছিলে। তাদের চোখের জলে ভগবানের দেহ সিক্ত হয়েছিল। বলো, এটা অপকর্ম হয়েছিল...

—আনন্দ, তুমিই মেয়েদের প্রব্রজ্যা দেওয়ার চেষ্টা করেছিলে। বলো, এটা অপকর্ম হয়েছিল...

—আনন্দ, তুমি যদি বলতে তবে ভগবান্ আরও কিছুদিন বাঁচতে রাজি হতেন। কিন্তু তুমি বল নি। বলো, এটা অপকর্ম হয়েছিল...

আশ্চর্য! যে ভিক্ষুরা চেয়েছিলেন অর্হৎ না হলেও আনন্দ সঙ্গীতিতে আসুন, তাঁরাই এখন আনন্দকে পেড়ে ফেলতে চাইছেন! মহাকাশ্যপ নিজেই ছিলেন আনন্দ-র খুব বন্ধু। তিনিও চুপ। একজনও উঠে দাঁড়িয়ে একবার বললেন না—এটা কী হচ্ছে? আমরা তো সবাই জানি, আনন্দ কোনোদিন ছন্দ (= উত্তেজনা) দোষ মোহ-র পথে পা দেন নি, তবু তাঁকে এইভাবে হেনস্থা করা হচ্ছে কেন?

আনন্দ কিন্তু নির্বিকার। প্রতিটি অভিযোগের উত্তরে তিনি তাঁর বক্তব্য জানালেন, ভুল হয়ে থাকলে স্বীকার করলেন, কিন্তু প্রতিবারেই শেষে একই কথা বললেন:

—আমি তো এর মধ্যে কোনো অপকর্ম দেখছি না। তবে আপনাদের ওপর শ্রদ্ধা (= বিশ্বাস) আছে বলে এটাকে অপকর্ম বলছি। (*বিনয়পিটক, চুল্লবগ্গ* 11)

একেবারে একলা— তবু কিসের জোরে আনন্দ মেন অচল অটল থাকতে পারলেন? নিজের কাজকে তিনি কিছুতেই ভুল বলে মানবেন না—চারশ নিরানব্বই জন বললেও না। আবার সঙ্ঘ-র শৃঙ্খলাও তিনি ভাঙবেন না। চারশ নিরানব্বই জন অর্হৎ যখন বলছেন, এগুলো অপকর্ম — ঠিক আছে, আপাতত অভিযোগ মেনে নিলুম। কিন্তু নিজের ধারণা ভুল—এমন কথা কিছুতেই মানব না। — তার জন্যে তিনি বুদ্ধের দোহাইও পাড়েন না। নিজের মতটাই বলেন। দৃঢ়ভাবে সবিনয়ে।

কিসের শক্তিতে আনন্দ এমন করতে পারেন?

কারণ, আনন্দ জানতেন, তিনি দাঁড়িয়ে আছেন সত্যের ওপর। সে সত্যকে তিনি উপলব্ধি করেছেন হৃদয়-মন-মনীষা দিয়ে। তার থেকেই এসেছিল এই দুর্লভ আত্মবিশ্বাস। সমর্থন করার মতো একজনও নেই—তাতে কী আসে যায়? তাঁর বিবেক তো সদ্যফোটা ফুলের মতোই অমল, মনের অগোচরেও কোনো পাপ নেই, যা করেছেন তার জন্যে অন্তরে নেই অণুমাত্র গ্লানি। যেখানে তিনি কিছু করতে বা জানতে ভুলে গেছেন — তা স্বীকার করতে তাঁর কুণ্ঠা নেই। কিন্তু যেখানে কোনো অন্যায় হয় নি বলে মনে করেন — সেখানে তিনি পাহাড়ের মতোই অনড়।

কেন মেয়েরা বুদ্ধের শরীর আগে বন্দনা করবেন না? তাঁদের যদি আগে তা করতে দেওয়া না হতো, তবে পরে সমস্যা দেখা দিত।

কেন মেয়েরা ভিক্ষুণী হতে পারবেন না? বুদ্ধকে যাঁরা মানুষ করেছিলেন, তাঁর সেই মাসি, ধাই-মা— কেন তাঁরা বঞ্চিত হবেন এই অধিকার থেকে?

আনন্দ তাই এর কোনোটিকেই অপকর্ম বলে মানবেন না। সঙ্ঘ-র স্বার্থে বহু-র মত মানতেই হয়, কিন্তু উচিত তো আর তাই বলে অনুচিত হয়ে যায় না। অন্যায় অভিযোগ তো ন্যায্য প্রমাণ হয় না। সে বিচার হয় মহাকালের দরবারে। সংখ্যায় নয়, নীতির নিরিখে।

প্রথম সঙ্গীতির প্রায় আড়াই হাজার বছর পরে, অনেক উত্থান-পতন পেরিয়ে এসে আমরা তো আজ বুঝি : আনন্দ সত্যিই কোনো অপকর্ম করেন নি। দু-একটা ব্যাপারে তাঁর হয়তো ত্রুটি ছিল, কিন্তু সেগুলো অপকর্মর পর্যায়ে পড়ে না।

বরং যে মহামান্য অর্হৎরা সবাই মিলে আনন্দকে দিয়ে অপকর্ম কবুল করিয়েছিলেন, তাঁরাই আমাদের চোখে ছোটো হয়ে যান।

আনন্দও নিশ্চয়ই জানতেন, বহু-র মতকে আপাতত মেনে না নিলে সঙ্ঘ টিকবে না। তিনি এও জানতেন, এই যে বারবার বলছেন—'আমি তো এর মধ্যে কোনো অপকর্ম দেখছি না', সেই মুহূর্তে কেউ সে কথায় কান দেবে না। তবু তাঁর মনে হয়েছিল, কথাটা বলা দরকার। চারশ নিরানব্বই জনের চাপে পড়ে ঠিক কাজকে ভুল বলাটা উচিত হবে না। সত্য জেনেও কেন তা গোপন করবেন?

এমনই ছিল তাঁর আত্মবিশ্বাস।

জীবনে মাঝে মাঝে এমন পরিস্থিতি আসে, যখন আনন্দ-র মতোই কেউ কেউ একা পড়ে যায়। পাশে দাঁড়ানোর মতো একজনও থাকে না। সবাই ঘিরে ধরে, জোর করে কবুল করাতে চায়: বলো তুমি অপকর্ম করেছ...

অবস্থা আরও জটিল হয়ে ওঠে যখন তার সঙ্গে জড়িয়ে থাকে সঙ্ঘ-র শৃঙ্খলা ও নিয়ম মানার প্রশ্ন। তখন?

পথ দেখালেন আনন্দ।

অনু গল্প

পারমিতা

সুমনার ও ইচ্ছে ছিল ছোট্ট সংসার সাজানো গোছানো। কখনও হাসির রোল কখনও ভীষণ অভিমান। সমস্তটাই বুঝবে বাড়ির লোকজন। বিশেষত কাছের লোকজন। হঠাৎই একটা শব্দ 'অসহ্য' বলতে বলতে সুমনার সব হারিয়ে গেল। মনতো নেই-ই মনের মানুষটাও নেই—আমি শুধু তার কাছে অসহ্য।

* * * *

রথীন্দ্রনাথের ছোটোবেলার বন্ধু অসীমবাবু। বন্ধুত্ব বেশ অটুট, ষাটের পরেও দুজনের কথা হয়। দেখা হয়। রথীর বয়সে রথী একটু বেশী বুড়ো বুড়ো। অসীম বেশ Handsome, পরিবার থেকে অফিস সবই ওদের গল্পের মধ্যে আসে আবার যায়। এতদিন হল অসীম রথী কেউ কারুর বাড়ি যায়নি কিন্তু এক পাড়ার দৌলতে অনেক কাজই একসাথে করে। সেদিন প্রথম অসীম এল রথীর বাড়ি। বৌদি, ছেলে মেয়ের সঙ্গে দেখা, কথা, চা খাওয়া তার পর চলে গেল। এরই মাঝে আসীম আর বৌদি মাধবীর চোখ চাওয়া থেকে - সব অন্যরকম, দুটো পরিবার মিলিয়ে গেল বন্ধুত্বের জেরে, তবে রথী অসীমের নয় অসীম আর মাধবীর।

* * * *

আজ ক্যালেন্ডারের লাল তারিখ। সকাল থেকেই খোকার ব্যস্ততা আজকে ট্রেনে ভিড় বেশি, অথবা এখানে ওখানে সবার মাঝে বিক্রি হবে অনেক প্যাকেট বাদাম। খোকার বাদাম জোগায় মহেশবাবু। রোজ ৫০ টাকার কিনলে বিক্রিই হতে চায় না কিন্তু আজ একবেলার ২০০ টাকার বিক্রি। আজ খোকা মাংস কিনবে। বাব, মা, দাদা সব্বাইকে দেবে। তবে লাল তারিখের পরের দিন সেটা। ছুটি ছিল বলে কাল।

* * * *

দিদিভাই প্রতিবার তুমি শাড়ির রঙ নিয়ে এত ভাবো কেন বলতো। তুমি তো বেশ উজ্জ্বল শ্যামবর্ণা তোমাকে মানায় না এমন রঙ কোথায়? বলে নিচের সিঁড়ি দিয়ে নেমে গেল তনিমা। আর রুবি একটা শাড়ি হাতে নিয়ে দাঁড়িয়ে, চোখ দিয়ে জল টপ টপ ঝরে পড়ছে, মনটা মুহূর্তের জন্য পিছিয়ে গেছে ৯ বছর, মনে পড়ল সৌরভের কথা - ভীষণ সুন্দর একটা জাম রঙের শাড়ি, প্রথম প্রেমের প্রথম পুজোয় দিয়েছিল কিন্তু সেই শাড়ি, সেই জাম রং সমস্তই উলটপালট করে দিয়েছিল রুবির জীবনকে। এখন শুধু রুবি বিশ্বাস বাড়ির বউ বৌ। এক নিয়মনিষ্ঠাবর্তী, গৃহ কর্মে নিপুনা বড় বৌ - কোথায় প্রেম। কোথায় মিলন।

পাহাড়তলি...শহরতলি

দেবযানী ভট্টাচার্য

পায়ের তলায় কিলো খানেক সর্ষে অথচ বেড়ী দিয়ে বাঁধা পা দুখানি! এটাই বোধকরি বেশিরভাগ মধ্যবিত্ত বাঙ্গালীর চোরা আক্ষেপ। বেড়াবার সাধ গোটা শরীর জুড়ে অথচ সাধ্য সিধা উল্টো রাস্তায় দৌড় দেয়। তাই আনন্দবাজারের পাতায় ঘোরাঘুরির লেখাজোখাগুলো দুচোখে জড়িয়ে মানসভ্রমনেই তৃষ্ণা মেটায়। কিন্তু বেড়ালের ভাগ্যেও তো শিকে ছেঁড়ে কখনো সখনো। এবার পুজোর পরপর একটা সুযোগ এসে গেল বঙ্গভূমের তরাই অঞ্চলের ঝাঁকি দর্শনের। আমি কিন্তু মন্দার বোসের মতোই গ্লোবট্রটার, অপুর মতোই হাঁ করা, বিস্মিত হতেই জন্মেছি!

সুনতালেখোলা নামটা যতবার মনেমনে আওড়ালাম, অদ্ভুত এক রিনরিনে মিঠে বোল বাজলো! শিয়ালদা থেকে রাতে কাঞ্চণকন্যাতে সওয়ার...পরদিন সকালে ট্রেন শিলিগুড়ি পেরোনোর পর থেকেই প্রকৃতি নিজের সাজগোজ পাল্টাতে শুরু করলো। সবুজের রাজত্ব আর ময়ূরকণ্ঠী পাহাড়ের উদ্ভাস। এক পশলা বৃষ্টি হয়ে গিয়েছিলো খানিকটা আগে। এখন রোদ ঝলমল। তাই অভাবনীয়ভাবে ময়ূরের ঝাঁক দেখতে পেলাম ট্রেন থেকেই! দিবারাত্র কাকের দঙ্গল দেখা শহরতলীর চোখে তখন বেবাক বিস্ময়। এরপর ট্রেন চলছে, চা বাগান...জঙ্গল দূরে পাহাড়...তিস্তা...আরো নাম না জানা কত ছোটো ছোটো নদী...ছবির মতো গ্রাম...ঝমঝমে ব্রীজ...রঙচঙে—ষ্টেশান... এসে গেলাম নিউ মাল জংশন। নেমেই দেখি টুকটুকে লাল মারুতি অল্টো নিয়ে হাজির প্রাক্তন ভারতীয় সেনানী সন্তোষজী, আমাদের সারথী। মালবাজারে ভয়ংকর ঝাল কিন্তু

দারুন সুস্বাদু মোমো দিয়ে পেটপুজো সেরে আবার পথচলা শুরু। গন্তব্য সুনতালেখোলা। নেপালী ভাষায় সুনতালে অর্থ কমলালেবু।

পাহাড়ী পাকদন্ডী, ডাইনে বাঁয়ে জঙ্গলে-পাহাড়, ছোটোবড়ো নদী, ঝর্না, ঝোরা এরই মধ্যেদিয়ে গড়িয়ে চলল গাড়ী। পৌঁছে গেলাম আরণ্যক প্রকৃতির একেবারে কোলের মধ্যে কমলালেবুর রাজত্বে। এখানে একটা কথা বলে নিই, সবুজ পাহাড় কথাটা আসলে কতটা ব্যঞ্জনাময় তা ডুয়ার্সে না এলে বোধকরি জানা যায় না। স্টেশন থেকে সুনতালেখোলা, মাঝের পথটি এককথায় ছোট্ট বাচ্চার ড্রয়িং খাতার একখানি পাতা। চোখে পড়লো—খুনিয়া, চালসা, মেটালি আরো কি কি নাম না-জানা গ্রাম। আর নিষ্পাপ চেহারার অপাপবিদ্ধ হাসি নিয়ে নেপালী, লেপচা, ভুটিয়া মানুষজন।

সুনতালেখোলা জায়গাটির সৌন্দর্য্য যদি একটি শব্দবন্ধে প্রকাশ করতে হয়, তো তা আমার কাছে 'শব্দময় নৈঃশব্দ্য'। আরণ্যক প্রকৃতি যেন একেবারে নিজস্ব ঘরানার বাচিক শিল্পী এখানে। পাহাড়ী নদী-ঝোরার উচ্ছসিত তান-বোল-তান, পাখপাখালির সকালবেলার রেওয়াজ, নাম না জানা কতো সব পতঙ্গের বিচিত্র ধ্বনিক্ষেপন, মন্দ্র-মধ্য-তান মিলিয়ে আশ্চর্য্য এক কনসার্ট। বন উন্নয়ন দপ্তরের কর্মীরা সুন্দর কটেজ, নদীর পাশে তাঁবু সাজিয়ে রেখেছেন আমাদের মতো সবুজের অভিসারী শহর পালানো মানুষদের জন্য। এদের আতিথেয়তা, আন্তরিকতা সত্যিই মনকে আপ্লুত করে। সুনতালেখোলার প্রাকৃতিক সৌন্দর্য্য যেমন ভুলে যাওয়া অসম্ভব তেমনি তার—কোলের সহজ সুন্দর মানুষগুলিকে ভোলাও ততটাই অসম্ভব। এক-দেড়দিনের বিনিসুতোর আত্মীয়তা পাথেয় হয়ে রইল জীবনভর।

এরপরের গন্তব্য পারেন। আরেকটি ছোট্ট তরাই জনপদ। পথে দেখে নেওয়া গেলো জলঢাকা নদীর সাবলীল সুন্দরতা, ভারত-ভুটান সীমান্ত, বিন্দু, আরো বেশকিছু এধার ওধারের আশ্চর্য্য সুন্দর পাহাড়ী বৈচিত্র। শান্ত সমাহিত মেঘ পাহাড়ের কোলে কেটে গেলো দুটি দিন। পাহাড়ী বনপথে হাঁটতে হাঁটতে দুচোখে মেখে নিলাম অপার্থিব সবুজের ক্যানভাসে রোদ ঝলমল অনবদ্য দৃশ্যগুলিকে। সঞ্চিত করে নিলাম শহুরে দিন যাপনের জীয়ন রসদ। ফিরে এলাম মূর্তির নদী জঙ্গল পেরিয়ে আবার সেই নিউ মাল জংশন। এবার ফেরার ট্রেন। নাগরিক জীবনের থোড়-বড়ি-খাড়ার রোজনামচা। তরাই প্রকৃতি যেন মায়ার ঘন নীলচে-সবুজ কাজল চোখে চেয়ে বলল, 'জীবনধারনের ক্লান্তি যখন ঢেকে ফেলবে মনের আকাশ, তখন আবার এসো। আমি তোমার ভিতরমহল ভরিয়ে দেব নতুন করে বাঁচার সঞ্জীবনীতে।'

মরুভূমির রাজ্যে

শর্মিষ্ঠা দাস

'রাজস্থান' নামটাতেই বেশ একটা রাজা রাজা বা রাজসিকতার রেশ পাওয়া যায়। আক্ষরিক অর্থে রাজস্থান হল রাজকীয় বা রাজার স্থান। এছাড়া সত্যজিৎ রায় তাঁর বিখ্যাত 'সোনার কেল্লা' ছবির মাধ্যমে রাজস্থানকে আপামর বাঙালীর কাছে একটা বিশেষ পর্যটনকেন্দ্র হিসাবে পরিচিত দিয়েছেন। থাক সে সব কথা, অনেকদিনের স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য আমরা এবছর পূজোর সময় বেড়িয়ে পড়লাম রাজস্থানের উদ্দেশে। মহাসপ্তমীর দিন সকালে শুরু হল আমাদের রাজস্থান ভ্রমণ। প্রথমে গেলাম জয়পুর। জয়পুর হলো রাজস্থানের বর্তমান রাজধানী। আগে রাজস্থান মূলত কয়েকটি ভাগে ভাগ ছিল। মেবার, মারবার, জয়সলমীর, বিকানীর, অম্বর, কোটা ও বুন্দি। আমরা যাব অম্বর বা জয়পুর, মেবার বা উদয়পুর ও চিতোর, মারবার বা যোধপুর এবং জয়সলমীর। জয়পুরে প্রথমদিন আমরা গেলাম দূর্গ দেখতে। প্রথমে আমরা গেলাম আমের ফোর্ট বা অম্বর ফোর্ট। এই ফোর্টগুলি তৈরি হয়েছিল কয়েকশো বছর আগে। এর বিশালত্ব আমাদের অবাক করে। ফোর্টের মধ্যেই যেন আস্ত একটা শহর।

এরপর আমরা গেলাম জয়গড়। রাস্তায় পড়ল ময়ূর। চিড়িয়াখানার বাইরে, এতো সামনে থেকে ময়ূর দেখা এই প্রথম। এই পাখীর রূপও যেন রাজসিক। এরপর সেই বিখ্যাত নাহাড়গড়। যেখানে মুকুলের 'দুষ্টু লোক' ভ্যানিশ হয়ে গিয়েছিল। এই সব ফোর্টগুলোর স্থাপত্য দেখলে অবাক হতে হয় যে এতো বছর আগেও আমাদের দেশের স্থাপত্য-শিল্প কতো উন্নত ছিল। আজকের স্থপতিরা যা বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জামের সাহায্যে চিন্তা করছে, সেই সময়ের স্থপতিরা শুধু হাতেই তা কতো সহজে করে দেখিয়েছে। প্রত্যেকটি দূর্গই

হাওয়া মহল

যথেষ্ট আলো বাতাসে পূর্ণ। আর ভেতরে নিরাপত্তা ব্যবস্থাও দেখার মতো। জয়পুরের দ্বিতীয়দিন আমরা গেলাম বিড়লা মন্দির, অ্যালবার্ট মিউজিয়াম, হাওয়া মহল, সিটি প্যালেস ও সোওয়াই জয় সিংহের তৈরী যন্তরমন্তর। তখনকারদিনে জ্যোতির্বিদ্যায় ভারত যে কতটা উন্নত ছিল তা এই বিশাল যন্তরমন্তরে গেলে বোঝা যায়।

এইভাবেই আমাদের জয়পুর ঘোরা শেষ করে, রাতের ট্রেন ধরে চললাম সোনার কেল্লার দেশে জয়শালমীর। ট্রেন চলল সেই পরিচিত বারমের, রামদেওড়া, পোখরান স্টেশনের উপর দিয়ে। পথে পড়ল প্রচুর ফণী মনসার গাছ। মান্দার বোসের সেই শনি মনসা গাছ, যাতে নাকি শনিবার শনিবার ফুল ফোটে। অবশেষে দুপুরবেলা আমরা পৌঁছালাম জয়শালমীর। হোটেলে পৌঁছে দুপুরের খাওয়া খেয়ে আমরা চললাম মরুভূমি দেখতে শহর থেকে ৪২ কিমি. দূরে 'স্যাম' মরুভূমিতে। সেখানে যাবার আগে আমরা গেলাম একটা জৈন মন্দির দেখতে। সারা রাজস্থানে জৈন ধর্মের লোকদের খুব প্রভাব, তাই সারা রাজস্থানেই প্রচুর জৈন মন্দির দেখা যায়। শেষে সূর্যাস্তের কিছু আগে আমরা পৌঁছালাম বালির দেশে।

মরুভূমিতে সূর্যাস্ত

গাড়ী ছেড়ে এবার আমরা চড়ে বসলাম উটে। তাতে চড়েই আমরা যাবো বালির দেশে। উটে চড়ে আমদের অবস্থা হলো অনেকটা লালমোহন বাবুর মতো। চড়া রোদ আর উটের পিঠ থেকে পড়ে যাবার ভয়ে গলা শুকিয়ে কাঠ। আমাদেরও মনে হল, 'একটু জল নয় দরকার একটা আস্ত কুঁজোর'। এভাবেই উটের পিঠে নাচতে নাচতে আমরা এসে পৌঁছালাম বালির সাম্রাজ্য 'স্যাম-ডিউনস'-এ। চারিদিকে খালি বালির পাহাড়, তাতে অস্তমিত সূর্যের আলো পড়ে এক মায়াবী মুহূর্ত তৈরী করেছিল। খারাপ লাগল এইরকম একটা সুন্দর জায়গাও প্লাস্টিকের দৌরাত্ম্য থেকে নিজেকে বাঁচাতে পারেনি বা আমরা বাঁচতে দিইনি। যাক সে কথা, ডিউনস থেকে বেড়িয়ে আমরা চললাম সেদিনের রাত্রিবাসের জায়গায়। মরুভূমির একপাশে তাঁবুতে আমরা থাকব। স্যাম মরুভূমিতে এইরকম অনেকগুলি থাকার জায়গা আছে। সেখানে সন্ধ্যাবেলা বিভিন্ন লোকসঙ্গীত, লোকনৃত্যের অনুষ্ঠান হয়। আমরাও সেখানে তাদের সাথে সেই অনুষ্ঠানে অংশ নিলাম। অনুষ্ঠান শেষে সেখানে রাজস্থানী খাবার পরিবেশন হলো। সাংগ্রি-কা-শাখ, বাজরা রোটি, ডাল-বাটি-চুমরা, আর চাউল। রাত যত বাড়ছে ঠান্ডাও তত বাড়ছে। প্রকৃতির কি অদ্ভুদ খেয়াল, দুপুরের আবহাওয়ার সঙ্গে রাতের আবহাওয়ার কোন মিল নেই। দুপুরে রোদের তাপে যেমন চাঁদি ফাটা অবস্থা, রাত্রে সেখানেই দুটো মোটা কম্বল গায়ে শুয়ে আছি। রাজস্থানে সবজায়গায় অক্টোবরে সূর্যোদয় হয় সকাল ৭টা আর সূর্যাস্ত হয় সন্ধ্যা ৬-৩০টায়। তাপমাত্রা দিনে ৩০ সেন্টিগ্রেড আর রাতে ২০ সেন্টিগ্রেড। পরদিন সকালে আমরা ব্রেকফার্স্ট করে ফিরে চললাম জয়শালমীরে। প্রথমে গেলাম গাদিসার লেক দেখতে। এই লেকের ব্যাপারে কথিত আছে যে পুরাকালে শ্রীকৃষ্ণ তার বংশধরদের থাকার উপযুক্ত জায়গা হিসাবে মরুভূমির মধ্যে একটি জায়গা পছন্দ করেন এবং খাবার জলের জন্য এই লেক তৈরী করেন। তবে এই লেকের জলই আগে এখানকার লোকেরা খাবার জলের জন্য ব্যবহার করত। লেক দেখে আমরা চললাম মুকুলের স্বপ্নের 'সোনার কেল্লা' দেখতে। পঞ্চদশ শতাব্দীতে তৈরী এই কেল্লা কোন সিমেন্ট বা চুন সুরকির গাঁথনি দিয়ে নয়। পাথরের ওপর খাঁজ কেটে আর একটা পাথরকে সেই খাঁজের উপর বসিয়ে পাথরের সঙ্গে পাথরের লকিং সিস্টেম করে তৈরী হয়েছিল এই কেল্লা। এর মধ্যেও একটা জৈন মন্দির আছে। কেল্লার ভেতর এখন প্রায় তিন হাজার লোক থাকে। কেল্লার অপূর্ব কারুকার্য দেখার পর আমরা গেলাম 'নাথওয়াল কী হাভেলী' দেখতে। এই হাভেলী

সোনার কেল্লা

ছিল জয়শালমীরের দেওয়ানদের হাভেলী। এই হাভেলীর বিশেষত্ব হলো এর সামনের দুটি ভাগ দুই রকমের। কারণ দুই ভাই আলাদা ভাবে এই হাভেলী তৈরী করেছিল। এরপর আমরা গেলাম 'পাটোয়ার কী হাভেলী' দেখতে। এই হাভেলী পাঁচটি আলাদা আলাদা হাভেলী দিয়ে তৈরী। অপূর্ব সুন্দর এর জাফরির কাজ। পাথর কেটে কেটে যে কি সুন্দর জাফরি করা যায় তা না দেখলে বিশ্বাস করা যায় না। হাভেলী দেখা শেষ করে আমরা হোটেলে ফিরে এলাম। বিকালে আবার বেড়িয়ে পড়লাম শহর থেকে ৪০ কিলোমিটার দূরে খুরি গ্রাম ও মরুভূমি দেখতে। স্যামের মতো খুরিতে ভীড় না থাকলেও লোক সমাগম ভালোই ছিল। সেই রাত্রে আমরা জয়শালমীরের হোটেলে কাটিয়ে পরদিন ভোরবেলা ছটায় যোধপুর যাবার বাস ধরে চললাম যোধপুরের দিকে। খুব ভালো রাস্তা, ভোরের ঠান্ডা হাওয়ায় মসৃণ রাস্তায় যেতে বেশ ভালোই লাগছিল। মনে মনে চিন্তা করছিলাম এই পথেই তো মন্দার বোসকে ধরতে ফেলুদা অ্যান্ড কোং গিয়েছিল। বেলা দশটায় আমরা পৌঁছালাম যোধপুরে। বেশ সাজানো শহর এই যোধপুর। শহরের অনেক দূর থেকেই মেহেরানগড় ফোর্ট দেখা যায়। যোধপুরে পৌঁছে সেই দিনটা আমরা সারাদিন প্রায় বিশ্রাম নিলাম। সন্ধ্যেবেলা বেরিয়ে আমরা শহরের বাজার ঘুরতে গেলাম। পরদিন সাড়ে নটায় বের হলাম যোধপুর ঘুরতে। যোধপুর মূলত তৈরী করেছিলেন যশবন্ত সিং। প্রথমে গেলাম সিটি প্যালেস দেখতে। এই প্যালেস এখন তিনটি ভাগে ভাগ করা আছে। এক ভাগে রাজপরিবারের লোকজন থাকে। দ্বিতীয় ভাগ মিউজিয়াম, তৃতীয় ভাগ হোটেল। মিউজিয়াম ঘুরে আমরা গেলাম সার্কিট হাউস হয়ে মোহরানগড় ফোর্ট দেখতে। একমাত্র অজেয় ফোর্ট, যা কোনদিন শত্রুরা জয় করতে পারেনি। টিকিট কেটে লিফটে করে আমরা দুর্গের একদম ওপরে চলে গেলাম। জয়পুর যেমন Pink City, যোধপুর তেমনি Blue City নামে পরিচিত। এখানে ব্রাহ্মণরা বাড়ী ঠান্ডা রাখার জন্য বাড়ীতে নীল রং করত। সেটা আজও চালু আছে। মেহেরানগড় ফোর্টের ভিতরের সজ্জা খুবই সুন্দর। অবাক হয়ে দেখতে হয় রাজাদের বৈভব। এরপর আমরা গেলাম যশবন্ত থাডা দেখতে। সেখান থেকে মেবারবাগ হয়ে সন্ধ্যাবেলা হোটেলে ফিরে আসলাম।

পরদিন আমাদের গন্তব্য হলো রাজস্থানের এক মাত্র শৈল্যশহর মাউন্ট আবু। আরাবল্লী পর্বতের একটা চূড়া আবু। গাড়িতে যোধপুর থেকে মাউন্ট আবু যেতে সময় লাগে পাঁচ ঘন্টা। পথে পড়ল সিড়হী। সিড়হী হলো জৈনদের বিখ্যাত ধর্ম স্থান। সিড়হীতে আমরা রাজস্থানে মুকুলের সেই বিখ্যাত মোটা মোটা রুটি আর ঘি দিয়ে দুপুরের খাবার সারলাম। এক একটা রুটির সাইজ আমাদের ভাত খাওয়া থালার মতন। এরপর আমাদের গাড়ি চলল মাউন্ট আবুর দিকে। মাউন্ট আবু যেতে হলে প্রথমে যেতে হবে আবু রোডে। আবু রোড থেকে ২৯ কিমি চড়াই ভেঙ্গে মাউন্ট আবু পৌঁছলাম বিকেল ৪টায়। প্রথমে আমরা গেলাম সান সেট পয়েন্ট-এ। কিছুটা গাড়িতে গিয়ে তারপর হেঁটে বা ঘোড়ায় ছোট ছোট চৌকো বাক্সের মত চাকা লাগানো গাড়ি যা মানুষের সাহায্যে ঠেলে সান সেট পয়েন্ট-এ নিয়ে যায়। সান সেট পয়েন্ট-এ গিয়ে দেখি লোকে লোকারণ্য। তিল ধারনের জায়গা নেই। কোনভাবে একটু ফাঁকা জায়গায় গিয়ে বসে পড়লাম। তবে মেঘলা থাকার জন্য ভালো ভাবে সান সেট দেখা গেল না। সেখান থেকে ফিরে আমরা গেলাম নাক্কি লেকে। পুরাণে আছে শিব তাঁর নখ দিয়ে খুঁড়ে খুঁড়ে এই লেক তৈরি করেছিলেন, তাই এই লেকের নাম নাক্কি লেক। এখানকার পাহাড়গুলি খুবই অদ্ভুত, দেখলে মনে হয় যেন কেউ

মাউন্ট আবুর পাহাড়ের গায়ে গর্ত

নখ দিয়ে পাহাড়ের গায়ে গর্ত করে দিয়েছে। সেইদিন আর কোথাও না গিয়ে আমরা খেয়ে দেয়ে হোটেলে ফিরে এলাম। পরদিন গেলাম আবুর সর্বোচ্চ শৃঙ্গ গুরুশিখরে। সেখান থেকে ফেরার পথে প্রজাপতি ব্রহ্মকুমারী উদ্যান, অচলগড় হয়ে বিখ্যাত দিলওয়ারা মন্দিরে। জৈন্যদের একটি বিখ্যাত ধর্মস্থান। ভীষণ সুন্দর এর স্থাপত্য। পাহাড় কেটে কেটে কি অক্লান্ত পরিশ্রমে এই মন্দির বানানো হয়েছিল তা না দেখলে হয় না। মন্দিরের গায়ের তৈরি প্রত্যেকটি মূর্তি এতো সূক্ষ অথচ প্রকট তা না দেখলে বিশ্বাস হয় না। প্রখর রোদেও সাদা পাথরের তৈরি মন্দির প্রাঙ্গণ খুবই ঠান্ডা, তবে গাইডরা খুব তাড়া লাগায় এই মন্দির দেখতে। তাদের সাথে দেখলে মন্দির দেখা হয়, অনুভব হয় না। সেখান থেকে ফিরে দুপুরের খাবার খেয়ে আমরা চললাম নাক্কি লেকে নৌকা বিহারে।

পরদিন মাউন্ট আবুকে বিদায় জানিয়ে চললাম ১৮৫ কিমি. দূরে উদয়পুরের পথে। সময় লাগবে ৫ ঘণ্টা। সোনালী চতুর্ভূজ প্রকল্পের রাস্তা সারা রাজস্থান জুড়েই রয়েছে। আমরা ঠিক করলাম আবু থেকে রণকপুর, হলদিঘাট হয়ে উদয়পুর যাব। রণকপুর খুব সুন্দর জায়গা। তবে সাধারণ বাঙালী পর্যটক রণকপুর খুব একটা যায় না। সবুজ পাহাড়ে ঘেরা। মরুভূমির বুকে একটা মরুদ্যান। রণকপুরে মন্দিরটি হলো দিলওয়ারা মন্দিরের মতো। তবে দর্শনগত দিক দিয়ে রণকপুর অনেকবেশি দৃষ্টিনন্দন ও অনেক বড়।

রণকপুরের মন্দির

পরিবেশ, আকার, দর্শন সব মিলিয়ে রণকপুরের মন্দির আমাদের দিলওয়ারা থেকেও বেশি ভালো লাগল। ফেরার পথে একটা ধাবায় আমাদের দুপুরের খাবার খেয়ে চললাম রানা প্রতাপের চিতোরগড় দেখতে, সেখানে রানা প্রতাপ সর্বস্ব বাজী রেখে যুদ্ধ করে দেশের স্বাধীনতাকে মুঘলদের কাছ থেকে অক্ষুন্ন রেখেছিলেন। সেখানে তাঁর যোগ্য সহযোগী ছিল তার প্রিয় ঘোড়া চেতক। উদয়পুর ও চিতোরে রাণাপ্রতাপ ও চেতককে সকাল ভগবানের মতো শ্রদ্ধা করে। হলদিঘাট পৌঁছতে পৌঁছতে আমাদের প্রায় সন্ধ্যা হয়ে গিয়েছিল। সেখানে কিছুক্ষণ কাটিয়ে সন্ধ্যা ৭টা - ৭.৩০ সময় আমরা উদয়পুর শহরে পৌঁছলাম। সেখানে পৌছে আমরা গেলাম পিছলা লেকে সিটি প্যালেস দেখতে। রাতের বেলায় আলো ঝলমলে সিটি প্যালেস দেখতে অসাধারণ। পরদিন সকালবেলা বেরিয়ে প্রথমে গেলাম সিটি প্যালেস দেখতে। ভারতের দ্বিতীয় বৃহত্তম এই প্যালেস তৈরী করেছিল রাণা উদয় সিং। বলা হয় এক সাধুর নির্দেশে চিতোর থেকে রাজধানী সরিয়ে রাণা উদয় সিং চিতোর থেকে কিছু দূরে উদয়পুরে এই নতুন রাজধানী তৈরী করেন। রাজস্থানের অন্যান্য প্রাসাদ বা দূর্গের মতো জৌলুস এই দূর্গের নেই বটে তবে গুরুত্বের দিক থেকে এই দূর্গ অসাধারণ। রাজস্থানের এই সব দূর্গ বা প্রাসাদ দেখতে দেখতে আমাদের মনে একটা প্রশ্ন জেগেছিল যে সব দূর্গের যাতায়াতের রাস্তাগুলি সরু সরু ও এত ছোট যে একসঙ্গে দুজনের বেশী সেখানে যেতে পারে না। গাইড বলল এটা নিরাপত্তার জন্য। যাতে শত্রু আক্রমণ করলেও যতটা সম্ভব প্রতিরোধ করা যায়। এখানকার ময়ূর মহলে এতো সুন্দর মিনের কাজ, অবাক হয়ে তাকিয়ে থাকতে হয়। এখানে মেবারের রাণাদের আরাধ্য দেবতা সূর্যদেবের বিশাল এক

সিটি প্যালেস

মূর্তি আছে। এখান থেকে পিছোলা লেকে জগৎ মন্দির ও লেক প্যালেস দেখতে পাওয়া যায়। প্রায় দু ঘন্টা সময় সিটি প্যালেসে কাটিয়ে আমরা গেলাম পিছোলা লেকে বোডিং করতে। নৌকা চড়ে আধঘন্টা ধরে আমরা পুরো লেকে ঘুরলাম। উদয়পুরকে বলা হয় লেক সিটি। এখান থেকে আমরা গেলাম ফতে সাগর লেক দেখতে। সেখানে রাণা প্রতাপ মিউজিয়াম থেকে গেলাম সহেলি ও কি বাড়ী

দেখতে। এরপরে আমরা বিশাল এক দূর্ভাবনায় পড়েছিলাম, সমস্যাটা হলো পরেরদিন আমাদের সন্ধ্যাবেলায় কলকাতায় ফিরতে হবে। আগে আমাদের প্ল্যান ছিল উদয়পুর ঘুরে আমরা জয়পুর ফিরে যাব। ঘুরতে ঘুরতে ঠিক হলো জয়পুর নয় চিতোরে থাকব। কিন্তু ঘুরতে ঘুরতে রাজস্থানে সব দ্রষ্টব্য দেখতে দেখতে আমাদের ঘোরার নেশায় পেয়ে গেছে। আর তাতে আরও ইন্ধন জোগালো আমাদের হোটেলের মালিক, তিনি বললেন তোমরা চিতোরে না থেকে পুস্কর চলে যাও। তাতে বেশ কিছুটা জয়পুরের দিকে এগিয়ে থাকা যাবে। কারণ চিতোর থেকে জয়পুর ৫ থেকে ৬ ঘণ্টা, সেখানে পুস্কর থেকে ২.৩০ থেকে ৩ ঘণ্টা। এছাড়াও আরো দুটো জায়গা দেখা হয়ে যাবে। হয়তো পুস্কর পৌছাতে আমাদের রাত হবে কিন্তু পরদিন সারাক্ষণ দুর্ভাবনায় থাকার থেকে একদিন না হয় বেশি রাস্তা চললাম।

সেইমতো দুপুর ২টোতে আমরা উদয়পুরকে বিদায় জানিয়ে দৌড়লাম চিতোরের দিকে। 'চিতোর' রানী পদ্মিনীর চিতোর, মীরাবাই-এর চিতোর। শতকের পর শতক ধরে যা মনে করায় রাজপুত রাজাদের ও রানীদের ত্যাগ, বীরত্ব ও দেশপ্রেমের কথা। ভারতীয় ইতিহাসে যে কজন বীরাঙ্গনার নাম জানতে পারি রানী পদ্মিনী তাদের মধ্যে অন্যতম। রাজমাতা না হয়েও তিনি ছিলেন সারা মেবারের 'মা'। তার অপমানে যেভাবে সারা মেবার আলাউদ্দিন খিলজি-বাহিনীর উপর ঝাঁপিয়ে পড়েছিল চিতোরের দূর্গে দাঁড়িয়ে তা ভাবতে শরীরে কাঁটা দেয়। এই গড়ের একদিকে যেমন রানী পদ্মিনীর জহরব্রত কুন্ড, যেখানে রানী নিজে কয়েক হাজার রাজপুত মহিলাকে নিয়ে আগুনে ঝাঁপ দিয়েছিলেন আর অন্যদিকে মীরাবাঈ-এর শ্রীকৃষ্ণের মন্দির। হিংসা আর প্রেমের কি সুন্দর সহাবস্থান। সন্ধ্যা হয়ে এলো, পুস্করে ফেরার তাড়া, ফিরে চললাম পুস্করে। ফেরার পথে অদ্ভুত সুন্দর এক দৃশ্যের সাক্ষী হয়ে রইলাম। সেদিন ছিল কোজাগরী পূর্ণিমার পরদিন। অন্ধকারের মধ্যে চিতোরের বিজয়স্তম্ভ আর তার পাশে জ্বলজ্বল করছে পূর্ণিমার চাঁদ যেন যুগ যুগ ধরে চিতোরের কীর্তিকে তাঁর উজ্জ্বল আলোর মতো উজ্জ্বল করে রাখার পণ করেছে। রাত ১১টায় আমরা পৌঁছলাম পুস্করে। হিন্দুদের এক পবিত্র তীর্থ। পরদিন সকালবেলা আমরা গেলাম পুস্করের ব্রহ্মার মন্দিরে। সারা

পুস্কর লেক

আজমীর শরীফ

ভারতে ব্রহ্মাদের একমাত্র মন্দির এই পুস্কর। পুরাণে বলে ব্রহ্মার হাতের পদ্ম পড়ে এই পুস্করে এবং তার থেকেই পুস্কর হ্রদ তৈরি হয়েছিল। এই হ্রদে স্নান করলে নাকি সব পাপ দূর হয়। তবে আমরা স্নান না করে শুধু জলে হাত ডুবিয়েই মন্দিরে চললাম। তারপর ফিরে চললাম আজমের বা আজমীরে। পুস্করে যেমন হিন্দু পবিত্র তীর্থ অজমীর তেমনি মুসলমানদের। এখানে ফকির মইনউদ্দিন চিস্তির দরগা আছে। সারা পৃথিবী থেকে ধর্ম প্রাণ মুসলমানরা ও অন্যান্য নানা ধর্মের লোক এখানে আসে তাদের মনের বাসনা পূর্ণ করতে। এই দরগায় ঢোকার মুখে দুটি হাঁড়ি আছে। এর বিশালতা দেখার মতো, আর দরগার সামনে আছে আড়াই দিন কা ঝোপড়া।

সব দেখা শেষ হল। এবার বাড়ি ফেরার পালা। রওনা হলাম জয়পুরের দিকে, আমাদের ড্রাইভার বলল, যাবার পথে পড়বে মাকরাণ বলে একটা জায়গা। জয়পুরের বিখ্যাত মার্বেলের খনি এখানেই। আর এখান থেকেই মার্বেল নিয়ে শাজাহান তাজমহল তৈরি করেছিলেন। এরপর যা হয় মাকরাণে পৌছে, আমরা নেমে পড়লাম, সারি সারি দোকান মার্বেলের জিনিসে ভর্তি। কোমরে কাপড় গুঁজে নেমে পড়লাম কেনাকাটা করতে। জয়পুরে ফেরার তাড়া গাড়ি ধরা প্রায় ভুলে গেছি। মুগ্ধ হয়ে দেখছি, আর কি কিনব আর না কিনব বুঝতে না পেরে এ দোকান ও দোকান ছুটে বেড়াচ্ছি। এরই মাঝে বিশাল ধমক, 'গাড়ি কি আজ মিস্ হবে?' ব্যাস কোন কথা না বলে যে যা নিয়েছিলাম তাই নিয়েই সোজা গাড়িতে। অবশেষে বিকেল ৫.০০টার সময় জয়পুরে পৌঁছালাম। শেষবারের মতো জয়পুর শহরকে বিদায় জানিয়ে, আমরা কলকাতার দিকে চললাম, কিন্তু মন তখনও রয়ে গেল রাজপুতনায়। পরদিন কলকাতায় পৌছে শুরু হলো রোজনামচা।

ছোট্ট মানুষ টিনটিন

শ্রীমতি কল্যানী দাশগুপ্ত

ছোট্ট মানুষ টিনটিন, একেবারেই একরত্তি ছেলে। জগৎ-সংসারে নিতান্তই নবাগত। মাত্র একবছরের পরিচয় তার চারিদিকের এই আবাক পৃথিবীটার সঙ্গে। তাই বলে সে ঘাবড়ায় না মোটেই। মুখে বিশ্বজয়ের হাসি আর চোখে অগাধ কৌতুহল নিয়ে অনবরতই কাজে-অকাজে ভারী ব্যস্ত সে। কত যে বিস্ময় তার চারিদিকে—তাই সারাদিন চলে তার টানা, ফেলা, ছোঁড়া ভাঙার খেলা। প্রাজ্ঞ সে—সবই তার কাছে খেলনা বই তো নয়। আমরাই মূর্খ—তাই শুধু মরি ধর্ ধর্—গেল গেল ক'রে।

'আমরা বলতে তার দাদু-ঠাকুমা ও পিসী। আমাদের কাছে সে এসেছে একমাস কাটাতে—তার বাড়ী ও মা-বাবাকে ছেড়ে। সঙ্গে তার সর্বক্ষণের পরিচারিকা—ভিনদেশী এক মেয়ে; 'নীলা' তার নাম। তাই বাড়ির মেজাজটাই পাল্টে গেছে। সারাদিন বইছে অন্যরকম এক টাটকা খুশীর হাওয়া। বাড়ীটার চেহারাও তো কেমন বদলে গেছে। সারা বাড়ি জুড়ে তার রাজত্ব—তাকে নিয়েই সবার ব্যস্ততা আর হাসি, খেলার ধূম। কাজে মন নেই কারও। সারা বাড়িতে ঈশ্বরের মত সর্বক্ষণ সর্বব্যাপী তার প্রকাশ। হামাগুড়িতে সে বিশেষ পারদর্শী। চোখের নিমেষে ক্ষিপ্রগতিতে প্রতিটি ঘর ও তার আনাচে কানাচে পৌঁছে যায় সে। দুষ্টু হেসে উঁকি মেরে মেরে সবার সঙ্গে চলে তার লুকোচুরি খেলা। দু-পায়ে সবে মাত্র চলতে শিখেছে, তাই কিছুটা টলোমলো অবস্থা। ঘাড়টা একদিকে কাত করে সে হাঁটে, পড়ে, আবার ওঠে আর চলে। সে ভারী মজার দৃশ্য। কত কথাই যে বলার চেষ্টা—আমরা তার এক বর্ণও বুঝি না। তাতে তার কী বা এসে গেল? সে তো সব বিষয়ে তার বক্তব্য ও মতামত জানিয়ে চলে নিজের খেয়াল খুশিমতো। আমার বাড়ির খাট ও সোফাগুলিতে তার চড়া ও নামার কসরত চলতেই থাকে। না পারলেই ভীষণ মেজাজ খারাপ, আর পেরে গেলে সে কি আনন্দ। একেবারে পর্বত চূড়া জয়ের আনন্দ তার মুখে। রাতে সে আমাদের কাছে ঘুমোয়। দাদু-ঠাকুমার মধ্যিখানে তার ছোট্ট বিছানা। তবে বিছনাটা নামেই। ঘুমিয়ে ঘুমিয়ে সারা খাট জুড়ে পৃথিবীর মত ঘুরতে থাকে সে। তার ঘুমন্ত মিষ্টি মুখটাতে কী যে মায়া—দেখে দেখে আশ মেটে না আমার। তার পিসী খুব বিজ্ঞের মত আমাকে সাবধান করে আর বলে—'বেশী মায়া কোরো না, ও এখানে থাকবে না চিরদিন, কদিন পরেই ফিরে যাবে নিজের জায়গায়, বাবা-মায়ের কাছে।' সে কথাটা কি আর জানি না? তবু মায়ার বন্ধন বড় সহজ নয়। আবার চোখের সামনেই দেখছি নীলাকে—ফিলিপিন্সে মেয়েটি, যে টিনটিনের সঙ্গে এসেছে তার দেখভাল করার জন্য। তার কথাটাও তো না বললেই নয়। কী অসম্ভব যত্নে, ভালোবাসায় সে টিনটিনকে সারাক্ষণ সামলায়। তার জন্য করণীয় যা কিছু—সবটুকুই করে নিপুণ হাতে, নিরলস মমতায়। কাজে বিন্দুমাত্র ফাঁকি নেই, কখনও ধৈর্য্যচুতি ঘটতে দেখি না তার। দুরন্ত শিশু, তাকে সবসময় চোখে চোখে রাখে অতন্দ্র প্রহরীর মত। তাদের দুটিতে ভারী ভাব—কত যে খেলা, কত যে কথাবার্তা চলে নানারকম ছড়া ও গান গেয়ে টিনটিনকে ঘুম পাড়ায় সে। তারপর সেরে নেয় নিজস্ব যা কিছু কাজ। সত্যিই মাতৃসমা সে, তার স্নেহে ভেজাল নেই এতটুকু।

আমি বসে বসে দেখি আর ভাবি, মেয়েটিতো চিরদিন থাকবে না। টিনটিন ক্রমশ বড় হবে, নীলাও হয়তো চলে যাবে আবার কোথাও, নতুন কোনও কাজে। এত যে ভালোবাসা আর টান সে সব তো ভুলে যাবে দুজনেই। কোনও দাবী কোনও বন্ধন ছাড়াই মেয়েটি নিঃশব্দে, আনন্দে, তার কর্ত্তব্য করে চলে। কী অসামান্য অবদান তার টিনটিনকে বড় ক'রে তোলার পেছনে। তবু কোন পিছুটান রাখা তো চলবে না তার। একেই কি বলে 'কর্ম্ম্যন্যোবাধিকারস্তে....? এজন্যই কি ঠাকুর রামকৃষ্ণদেব বলেছেন—'সংসারে কাজের লোকের মত থাকতে হয়'। শুধুই হাসিমুখে নিজের কাজ করে যাওয়া, নিরাসক্ত হয়ে, মায়া মোহ মুক্ত হয়ে? সেটাও যে অসম্ভব নয় তাই যেন দেখিয়ে দিলেন ঈশ্বর। এভাবেই সংসার কত কিছু যে দেখায়, শেখায় আমাদের। আমরা শিখতে পারি কই? শুধু সবকিছুই আমার আমার ভেবে কষ্ট পাই।

বাড়িটা আবার ফাঁকা হয়ে গেল একেবারে। টিনটিন ফিরে গেল তার নিজের জায়গায়। মনটাও কেমন যেন ফাঁকা লাগে। আমারও তো বাসা বদলের দিন এগিয়ে আসছে ক্রমশ। সেদিন পারব তো এমনি করেই পিছন ফিরে না তাকিয়ে চলে যেতে? সংসারটা যে নিজের বলেই জানি! পারব কি গাইতে 'এ পরবাসে রবে কে?'

মূল্যবোধ ও আমরা

অমিত হবিষ্যাসী

আপনাকে যদি হঠাৎ জিজ্ঞাসা করা হয় আপনি আপনার সন্তানকে সবচেয়ে বেশী গুরুত্ব দিয়ে কি আদর্শ শেখাবেন? খানিকটা সময় নিয়ে আপনি হয়ত বলবেন; ওকে শেখাব ধনী হতে বা শিক্ষিত হতে বা প্রতিষ্ঠিত হতে, হয়ত বা সমস্ত পরিবেশে মানিয়ে চলতে কিম্বা স্বার্থপর হয়ে জীবনে স্বনামধন্য হয়ে বিদেশে যেতে নতুবা বলবেন, শেখাব সমাজের কাজে জনগনের উপকারে লাগতে বা অন্য আরও অনেক কিছু...

কিন্তু আমি বলি কি! উপরের সবগুলোই সম্ভব হবে আপনি আপনার সন্তানকে প্রথমেই প্রকৃত অর্থেনৈতিক মূল্যবোধ, সামাজিক কর্তব্য ও প্রাথমিক শিক্ষায় শিক্ষিত হতে বলেন, সেটা হবে সবচেয়ে উপযোগী। বিষয়টির আলোচনা যদিও সুদূর প্রসারী তবে কয়েকটি বাস্তবিক ঘটনা ও তার আলোচনা আমাদের একটা নির্দিষ্ট লক্ষে পৌঁছে দিতে পারবে বলেই আমার বিশ্বাস।

নৈতিক মূল্যবোধ কথাটির অর্থ মূল্য সম্পর্কে নীতিগত উপলব্ধি বা চেতনা, এই মূল্যবোধ মানুষের নানা দিক থেকে হতে পারে যেমন—শিক্ষা, সময়, শিষ্টাচার, শৃঙ্খলা ইত্যাদি। আর সমাজের উন্নতিকল্পে যে কোন বিষয়ক কর্তব্যই হল সামাজিক কর্তব্য। প্রথমেই বলব মূল্যবোধ বা সামাজিক কর্তব্য শুরু হয় কিছু প্রাথমিক শিক্ষার মাধ্যমে বাড়ী থেকেই আর তা পরিনত হয় স্কুল কলেজে। যেমন ধরুন রাস্তা দিয়ে যেতে যেতে আপনি দেখলেন রাস্তার লাইট দিনের বেলায় জ্বলছে বা দেখলেন রাস্তার কল থেকে অনবরত জল পড়ছে আপনার উঁচিত নয় আপনার সন্তানকে বলা যা বাপ লাইট বা কলটা বন্ধ করে আয়। অনেকে আবার বলে সরকারের যাচ্ছে তো তোর অত মাথা ব্যথা কেন? সেই অজ্ঞরা জানে না যে সরকার মানে অন্য গ্রহের কোন প্রাণী নয়, আমরা নিজেরাই এর অন্তর্গত। জল ও বিদ্যুৎ অপচয় মানে প্রাকৃতিক সম্পদ ও প্রচুর অর্থের অপচয় যার প্রভাবে আগামী দিনে আমাদেরও কষ্ট করতে হতে পারে জল বা বিদ্যুতের কারণে।

বাড়ী, পাড়া, স্কুল কলেজ প্রভৃতি জায়গাগুলো পরিবেশ বান্ধব করে তোলার উদ্দেশ্যে অযথা নোংরা করা একেবারেই ঠিক না, চানাচুর-মুড়ি খেয়ে, প্লাস্টিক প্যাকেট পথ মধ্যেই ফেলে দিলাম, কুরকুরে লেসের প্যাকেট হামেশাই আমাদের বাচ্চারা খাচ্ছে আর প্যাকেটগুলো যত্রতত্র ফেলে নোংরা করছে পরিবেশ, আমরা কি পারি না ছোটো ছোটো শিক্ষাগুলো বাড়ী থেকেই দিতে আমাদের বাচ্চাদের যাতে ওরা শেখে যে নোংরা জিনিস ফেলার জন্য একটা নির্দিষ্ট জায়গা থাকে এবং ওখানেই এগুলো ফেলা উচিত অনথায় পরিবেশ ক্রমশ নোংরা হবে তাতে আখেরে ক্ষতি আমাদের সকলের।

আমরা অনেক শিক্ষিতরাও অনেক সময় বাড়ির নোংরা ভ্যাটে না ফেলে রাস্তার এক পাশে ফেলে রাখি, আবার বাজারে যাওয়ার সময় ব্যাগ না নিয়ে গিয়ে প্লাস্টিকে করে জিনিসপত্র আনি, এ ব্যাপারে যদি এখনও আমরা সজাগ না হই তাহলে কিভাবে আমরা আমাদের বাচ্চাদের প্রাথমিক সঠিক শিক্ষা দেব কিভাবেই বা তৈরী করব তাদের নৈতিক মূল্যবোধ তাই বলি এখন থেকেই আমরা পরবর্তী প্রজন্মের কথা মাথায় রেখে শুরু করি পাটের ব্যাগ নিয়ে বাজারে যাওয়া এবং অপরকেও এ ব্যাপারে সজাগ করি আর বাড়ির নোংরা ভ্যাটে ফেলার অভ্যাস শুরু করি এখন থেকেই তাহলেই আমাদের বাচ্চারাও অনুরূপে অভ্যাসে অভ্যস্ত হবে।

আবার ধরুন রাস্তা দিয়ে যেতে যেতে আমরা দেখি খুব বেশি হলে ১২-১৩ বছরের ছেলে সিগারেট ধরিয়ে চলেছে এমনকি গাড়ীর মধ্যেও নির্দ্ধিধায় টেনে চলেছে সিগারেট আর চলছে অশ্লীল কথাবার্তা—আমরা কি পারি না সামান্য প্রতিবাদ একত্রে করে তাদের এটুকু শেখাতে যে বয়স না হলেও কোনও নেশাতেই আসক্ত হওয়া যেমন অসামাজিক তেমন শরীরের পক্ষে ক্ষতিকারক। ট্রেনের টিকিট বা গ্যাস বা লাইট অফিসে বা ব্যাঙ্কে আমাদের সর্বদাই একটা নির্দিষ্ট লাইন অনুযায়ী কাজ করতে হয়, এর মধ্যেই আবার মাঝেমাঝে দেখি কয়েকজন বিভিন্ন যুক্তি দিয়ে আগে কাজ সাড়ার চেষ্টা করেন এবং প্রয়োজনে অপ্রীতিকর অবস্থার সৃষ্টি করেন, তাকে কি আমরা এটা বোঝাতে পারি না যে ব্যস্ততা কমবেশি সবারই আছে, সকলেরই প্রয়োজন একই রকম, তারমধ্যে নিয়ম ভাঙলে আমাদেরই ক্ষতি, শৃঙ্খলা মেনে চলতে শিখলে ও শেখালে জীবন অনেক সহজ সরল ও নৈতিক হয়। নৈতিক মূল্যবোধের আলোচনায় সময়ানুবর্তিতার কথা উল্লেখ না করলে বিষয়টা অসম্পূর্ণ থেকে যায় সময় মত কাজ করা বা সঠিক সময় সঠিক পদ্ধতিতে গুরুত্ব সহকারে যে কোন বিষয়ে মনোযোগী হওয়াটা অত্যন্ত জরুরী, আর যাদের মধ্যে সময় সম্পর্কে সচেতনতা তেমন প্রগাঢ় নয় অর্থাৎ করলেই হল—হয়ে যাবে কোন এক সময় ইত্যাদি বক্তব্যগুলি খুবই আপত্তিকর তাই

আমাদের শিশুকে এই বিষয়েই সজাগ করিয়ে দেওয়াটা আমাদের প্রাথমিক কর্তব্যের মধ্যে পড়ে।

এতক্ষণ আলোচনার বিষয়গুলি ছিল নৈতিকমূল্যবোধ সংক্রান্ত এবার আসা যাক কিছু সামাজিক কর্তব্যবোধে যেমন ধরুন,

কোনও লোককে কোনও ব্যাপারে কথা দিয়ে আশ্বস্ত করে মারাত্মক মাত্রায় উদাসীন না হয়ে আমরা কি পারি না এ ব্যাপারে আরও সচেতন হওয়ার জন্য মানসিকভাবে দৃঢ় হতে, কারণ সময়ানুবর্তিতা ও কথার দাম রাখা এক অন্যতম মূল্যবোধ ও সামাজিক কর্তব্যও বটে। ট্রেনে যেতে যেতে দেখলেন কয়েকজন তাস খেলতে খেলতে বিড়ি বা সিগারেট ধরিয়ে বা বাদামভাজা খেয়ে ট্রেনটাকে নোংরা করে এগিয়ে চলেছে তাদের গন্তব্যে। আসুন না ২-১ জন মিলে মিষ্টি ভাষায় তাদের বোঝানোর চেষ্টা করি যে চলন্ত গাড়ীতে বিড়ি/সিগারেট খাওয়াটা অপরাধের এবং বিপজ্জনক। তাছাড়া ট্রেন নোংরা করাটাও অন্যায়। প্রশ্ন উঠতে পারে, ওরা দল-বেঁধে যায়, যদি কিছু বলে? না! বলবে তো বটেই, তবে ভালোভাবে কয়েকজন মিলে বোঝালে একদিনে না হোক কয়েকদিনের লাগাতার চেষ্টায় নিশ্চয়ই ওদের মনেও অন্যায়বোধ জাগ্রত হবে, আর সেদিন থেকেই ওরা বিরত হবে এসব কাজে।

আপনি যখন দেখেন দুজন কিশোর কিশোরী আপনার সামনে অসংলগ্ন আচরণ করছে আপনি কি পারেন না এই শিক্ষা দিতে যে সব জায়গা সবকিছু করার জন্য প্রযোজ্য নয়, তাছাড়া সবকিছুরই একটা সমাজগ্রাহ্য সীমা আছে। তাকে লঙ্ঘন করা অন্যায়, এই প্রাথমিক শিক্ষা শিশুদের না থাকলে তারা নৈতিক মূল্যবোধ ও সামাজিক কর্তব্য বোধ থেকে বিচ্যুত হয়ে পড়বে।

পাহাড়ি অঞ্চলে কাঠ ব্যবসায়ীরা কাঠের উদ্দেশ্যে মাইল মাইল গাছ জঙ্গল সাফ করে ফেলছে, সরকারী অনুমতি ছাড়া এভাবে বনচ্ছেদ যেমন নষ্ট করছে বনভূমিকে একই সাথে নষ্ট করছে পরিবেশের ভারসাম্য আর পাহাড়ি সৌন্দর্য্য।

ফ্ল্যাট বানানোর তাগিদে পুকুর ভরাট বা খেলার মাঠ ব্যবহার তো আজকের রোজকার ঘটনা, কিন্তু সরকারকে ফাঁকি দিয়ে নিজেদের মুনাফার তাগিদে এভাবে পুকুর ভরাট বা বাচ্চাদের খেলার জায়গায় থাবা বসানো তাদের প্রাথমিক চিন্তাভাবনার অভাবকেই বোঝায়—আসলে কিছু হোক বা না হোক বিষয়টা নিয়ে স্থানীয় প্রতিনিধিমহল অর্থাৎ মিউনিসিপালিটি বা পঞ্চায়েতে অন্ততঃ অবগত করা দরকার—তা না হলে তো আমরাই আমাদের সামাজিক কর্তব্য থেকে বিচ্যুত হচ্ছি।

এ সমস্ত বিক্ষিপ্ত বাস্তব ঘটনা বাস্তবে প্রতিনিয়ত প্রচুর ঘটছে, আশ্চর্যজনকভাবে আমরা সবকিছু দেখছি, শুনছি, খুব বেশি হলে সমালোচনা করছি আর নির্বাক হয়ে 'কিছু করার নেই' বলে মেনে নিচ্ছি, কিন্তু সকলে এভাবে মেনে নিলে তো সামাজিক সংস্কার হবে না, ভুল ভুলই থেকে যাবে, নৈতিক মূল্যবোধ বা সামাজিক কর্তব্যবোধ কোনও প্রজন্মেই তৈরি হবে না। আগেকার দিনে এসব খানিকটা লক্ষ করা গেলেও বর্তমানে এর খুবই অভাব লক্ষণীয় আধুনিকতার স্পর্শে এগুলো যেন ক্রমশই শিথিল হয়ে পড়ছে।

তবে খেয়াল রাখার যে প্রকৃতপক্ষে নৈতিকমূল্যবোধ ও সামাজিক কর্তব্যবোধই জীবনের সাফল্য অর্জনের সোপান। মানব সভ্যতায় বর্তমান চরম বিকাশের মূল্যেও আছে মানুষের সুশৃঙ্খল ও সুসংহত মূল্যবোধ। শিশু জীবনই মূল্যবোধ জাগরণের উপযুক্ত সময় কারণ এই সময়ই কোমল মানব ভূমিতে শৃঙ্খলাবোধ ও নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে মূল্যবোধ ও সামাজিক কর্তব্য বোধের প্রাথমিক শিক্ষার বীজ অঙ্কুরিত হয় এবং উত্তরকালে তাতে অমৃত ফল ধরে।

মানুষের মূল্যবোধহীনতা সভ্যতার অগ্রগতির পথে সৃষ্টি করে দুর্লভ্য বাধা। জীবনকে পরিণত করে শুষ্ক মরুভূমিতে তাই মানব জীবনে নানাদিকের মূল্যবোধের মাধ্যমে বর্তমানের যে নৈরাশ্যবোধ তা অপসারিত করে অচিরে নতুন আশা ও আদর্শের সূর্যোদয় ঘটাতে হবে।

প্রাকৃতিক সম্পদ রক্ষার্থে, পরিবেশ বান্ধব সমাজ গড়তে আমরা যদি আগামী প্রজন্মের মধ্যে সামান্য চেতনাও জাগ্রত করতে পারি তাহলেই সামান্য হলেও সমাজের উপকার হবে। পরবর্তী প্রজন্মকে কেবলমাত্র ভালো নম্বর, ভালো পারফরমেন্স, নাচ-গান-কবিতা বা আঁকায় এক নম্বর হওয়ার দৌড়ে না পাঠিয়ে একই সাথে যদি ভালো স্বভাব, ভালো চরিত্র, নম্র ভদ্র, গুরুজনের প্রতি শ্রদ্ধা ও প্রাথমিক শিক্ষা ও মূল্যবোধ সম্পর্কে সচেতন করাটাও আমাদের নৈতিক কর্তব্য। আমরা শিক্ষিত সমাজ যদি এ ব্যাপারে সজাগ না হই, কিভাবেই বা শিশু সমাজ শিখবে যে 'আপনি আচরি ধর্ম পরকে শেখাও'।

নিষ্ঠুর মজা

অজয় মল্লিক

'The Planning Commission may revise the norms of per capita amount looking into price index of May 2011 or any other subsequent dates'—গত ১৪ মে ২০১১ সুপ্রিম কোর্ট যোজনা কমিশনকে এই নির্দেশ দেন। কারণ যোজনা কমিশনের পক্ষ থেকে সুপ্রিম কোর্টে দাখিল করা হলফনামায় জানানো হয় যে শহরে বসবাসকারী যে মানুষদের দৈনিক ব্যয় বহনের ক্ষমতা ২০ টাকা এবং গ্রামাঞ্চলে

প্রকৃতই ধনী!

সুপ্রিম কোর্টে যোজনা কমিশনের দাখিল করা হলফনামা অনুসারে দিল্লির ঝুপড়িতে বসবাসকারী ৫ সদস্য বিশিষ্ট এই পরিবার বড়লোক। কারণ এদের মাসিক ব্যয় করার ক্ষমতা ৪৮২৪ টাকা। [সৌজন্যে ঃ Outlook, 03 Oct., 11]

বসবাসকারী যে মানুষদের দৈনিক ব্যয় বহনের ক্ষমতা ১৫ টাকা, তাদের আর দরিদ্র বলে বিবেচনা করা হবে না। ফলে গরিব মানুষের জন্য সামাজিক নিরাপত্তামূলক বিভিন্ন কর্মসূচীর আওতার মধ্যে তাঁদের আর যুক্ত করা যাবে না।

সুপ্রিম কোর্ট যোজনা কমিশনের পেশ করা হলফনামায় সন্তুষ্ট হতে পারে নি এবং মাননীয় বিচারপতিরা মে ২০১১ অথবা পরবর্তী কোনও মাসের মূল্য সূচকের

For healthcare, Rs. 39.70 per month is felt to be sufficient to stay healthy, believes the Planning Commission. On education, the Plan panel feels those spending 99 paisa a day or Rs. 39.60 a month in cities are doing well enough not to need any help. Similary, one could not be considered poor if he or she spends more than Rs. 61.30 a month on clothing, Rs. 9.6 on footwear and another Rs. 28.80 on other personal items. The new tentative BPL criteria was worked out by the Planning Commission and approved by the PMO before the government's affidavit was submitted before the apex court. [The Times of India, 21.09.2011]

উপর ভিত্তি করে পরিবর্তিত হলফনামা দাখিল করার নির্দেশ দেন।

সুপ্রিম কোর্টের এই নির্দেশের পরিপ্রেক্ষিতে গত ২০ সেপ্টেম্বর ২০১১ যোজনা কমিশন প্রধানমন্ত্রীর দপ্তরের অনুমোদন নিয়ে পরিবর্তিত একটি হলফনামা সুপ্রিম কোর্টে দাখিল করে। এই হলফনামায় যোজনা কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে শহরে বসবাসকারী যারা মাসে ৯৬৫ টাকা অর্থাৎ দৈনিক ৩২ টাকা এবং গ্রামাঞ্চলে বসবাসাকারী যারা মাসে ৭৮১ টাকা অর্থাৎ দৈনিক ২৬ টাকা খরচ করতে পারেন তারা আর দরিদ্র বলে বিবেচিত হবেন না। যোজনা কমিশনের হিসাবে শহরে একজন মানুষ দৈনিক ৩২ টাকা এবং গ্রামে একজন মানুষ দৈনিক ২৬ টাকা খরচ করতে পারলে তাতে সুনিশ্চিত হয় তাদের খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থানখাতে প্রকৃত ব্যক্তিগত খরচের পর্যাপ্ততা।

অর্থাৎ যোজনা কমিশনের হিসাব অনুসারে দিল্লি, মুম্বাই, চেন্নাই, ব্যাঙ্গালোর বা কলকাতায় বসবাসকারী ৫ সদস্য বিশিষ্ট এক পরিবারের মাসিক ব্যয় করার ক্ষমতা ৪৮২৪ টাকা হলে তিনি আর দরিদ্র বলে বিবেচিত হবেন না।

শহরের মানুষের এই ৩২ টাকার মধ্যে ১৮ টাকা খাদ্যের জন্য খরচ এবং ১৪ টাকা শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, যাতায়াত ইত্যাদির জন্য খরচ হবে বলে হিসাব করা হয়েছে। গ্রামের মানুষের জন্য খাদ্য বাবদ খরচ ধরা হয়েছে ১০ টাকা এবং অন্যান্য খরচ ১৬ টাকা।

গত ৫ বছরে চাল, ডাল, দুধ, সবজি, তেল, মশলার দাম বেড়েছে ৭২ শতাংশ। অথচ যোজনা কমিশনের হিসাব অনুসারে মাথাপিছু দৈনিক ৫.৫০ দানাশষ্য বাবদ, ১.০২ ডাল বাবদ, ১.৯৫ সবজি বাবদ, ১.৩৫ ভোজ্য তেল বাবদ খরচ করতে পারলে যথেষ্ট পুষ্টিকর খাদ্যের যোগান সম্ভব। জ্বালানী

বাবদ যে মানুষের দৈনিক ব্যয় করার ক্ষমতা ৩.৭৫, তিনি আর গরিব বলে বিবেচিত হবেন না।

শহরে বসবাসকারী যে মানুষ মাসে বাড়ি ভাড়া এবং যাতায়াত বাবদ ৪৯.১০ খরচ করতে পারবেন, তিনি আর গরিব বলে বিবেচিত হবেন না।

যোজনা কমিশনের হিসাবে স্বাস্থ্যখাতে মাসে মাথাপিছু ৩৯.৭০ খরচ করতে পারলে সুস্থ ভাবে বেঁচে থাকা সম্ভব। অর্থাৎ দৈনিক ১.৩২ পয়সা চিকিৎসা খাতে খরচ যোজনা কমিশনের হিসাবে যথেষ্ট।

'আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিকিৎসা সংক্রান্ত পত্রিকা 'দি ল্যানসেট' এর তথ্য অনুসারে প্রতি বছর ভারতের তিন কোটি নব্বই লক্ষ মানুষ শুধুমাত্র চিকিৎসা ব্যয় মেটাতে গিয়ে দারিদ্র সীমার নিচে চলে যাচ্ছে।'

গত ০৩.১০.১১ Times of India পত্রিকায় "India registered the highest number of child and maternal deaths world wide in 2011" এই শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এই প্রতিবেদনের তথ্য অনুসারে ২০১১ সালে ভারতবর্ষে জন্মের ৬ দিনের মধ্যে ৬,৯৭,০০০ শিশুর মৃত্যু হয়েছে। ইথিওপিয়ায় এই সময়কালে মৃত্যু হয়েছে ৬৪,০০০ শিশুর। ভারতবর্ষে ৫ বছরের জন্মদিন দেখার সুযোগ হয়নি ১৬,৪৭,০০০ শিশুর, ইথিওপিয়ায় এই সংখ্যা ১,৫৩,০০০। ২০১১ সালে ভারতে বাচ্চার জন্ম দিতে গিয়ে ৫০,০০০ মায়ের মৃত্যু হয়েছে। ইথিওপিয়ায় আলোচ্য সময়ে ১৩,০০০ মায়ের মৃত্যু হয়েছে।

যোজনা কমিশনের হিসাবে মাসে মাথাপিছু ২৯.৬০ অর্থাৎ দৈনিক ০.৯৯ পয়সা শিক্ষাখাতে খরচ যথেষ্ট। তাই যে পরিবার শিক্ষাখাতে এই পরিমান অর্থ খরচ করতে পারেন, তারা আর গরিব বলে বিবেচিত হবেন না।

জামা কাপড়ের জন্য মাসে ৬১.৩০ এবং জুতোর জন্য মাসে ৯.৬০ খরচ করার ক্ষমতা যে মানুষের আছে তাদের আর গরিব বলে ধরা হবে না।

সুপ্রিম কোর্টে যোজনা কমিশনের দাখিল করা হলফনামায় জানানো হয়েছে 'The recommended poverty lines ensure the adequacy of actual private expenditure per capita near the poverty lines on food, education and health and the actual calories consumed are closed to the revised calorie intake norms for urban areas and higher than the norms in rural areas." ন্যাক (National Advisory Council) এর দুই সদস্য অরুণা রায় এবং হর্ষ মান্দার যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মন্টেক সিং আলুওয়ালিয়াকে একটি খোলা চিঠিতে প্রশ্ন করেছেন "If Rs. 25 for rural areas and Rs. 32 for urban areas per capita expenditure was 'adequate' then it is not clear to us why planning commission members are paid upto 115 times the amount (not counting the perks of free housing and health care and numerous other benefits) that are enjoyed by you and members of the planning commission, the letter said." [TOI, 30.09.11] অর্থাৎ মন্টেক সিংদের মতে যদি দৈনিক ৩২ টাকা খরচ যথেষ্ট বলে বিবেচিত হয় তবে মন্টেক সিং এবং যোজনা কমিশনের অন্যান্য সদস্যদের বাড়ি ভাড়া, স্বাস্থ্যখাতে খরচ এবং অন্যান্য বহুবিধ সুবিধা ছাড়াও দৈনিক (৩২×১১৫) বা ৩৬৮০ টাকা ভাতা দেওয়া হয় কেন? এই প্রশ্নের কোনো জবাব এখনও মন্টেক সিং বা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দেওয়া হয়নি।

মন্টেক সিং এবং দেশের প্রধানমন্ত্রী থেকে শুরু করে অন্যান্য মন্ত্রীরা নীরব। কারণ মূল্যবৃদ্ধি, মুদ্রাস্ফীতির আগুনের আঁচ এদের গায়ে লাগে না। 'Inflation & food prices, are unlikely to affect their monthly house hold budget. At 77% of union council of ministers are crorepatis, whose average asset value is pegged at Rs. 10.3 crore—Rs. 3 crore higher than their declaration two years ago" [TOI 16.09.11]. কংগ্রেস-তৃণমূল-ডিএমকে পরিচালিত ইউ পি এ ২ সরকারের মন্ত্রীসভার ৭৭% কোটিপতি। তাদের গড় সম্পদ ১০.৩ কোটি টাকা।

গত ২১.০৯.১১ 'দি হিন্দু' পত্রিকায় বিশিষ্ট সমাজবিজ্ঞানী পি সাইনাথের একটি লেখা প্রকাশিত হয়েছে। এই লেখায় তিনি কেন্দ্রীয় মন্ত্রীদের সম্পদ কি হারে বৃদ্ধি পেয়েছে তার হিসাব দিয়েছেন। মে '০৯-এর নির্বাচনে কেন্দ্রীয় মন্ত্রী প্রফুল প্যাটেল হলফনামায় ঘোষণা করেছিলেন যে তার সম্পত্তির পরিমাণ ৭৯ কোটি টাকা। ২০১১ সালের নির্বাচনী হলফনামায় তার ঘোষিত সম্পদের পরিমাণ ১২২ কোটি টাকা। অর্থাৎ ২৮ মাসে তার সম্পদ দৈনিক ৫ লক্ষ টাকা হারে বৃদ্ধি পেয়েছে। তিনি একসময় অসামরিক বিমান দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলেন। এয়ার ইন্ডিয়ার ৪০% কর্মচারীর এক বছরের আয় মন্ত্রীর একদিনের আয়ের চেয়ে কম। অথচ এয়ার ইন্ডিয়ার কর্মচারীদের বেতন প্রদানে সমস্যা হচ্ছে।

মন্ত্রীসভার অন্যতম সদস্য মিলান্দ দেওরা ২০০৪, ২০০৯ এবং ২০১১ সালের নির্বাচনী হলফনামায় জানিয়েছেন তার সম্পত্তির পরিমাণ যথাক্রমে ৮.৮ কোটি, ১৭ কোটি এবং ৩৩

কোটি। অর্থাৎ গত ৭ বছরে তার সম্পদ বৃদ্ধির হার দৈনিক ১ লক্ষ টাকা।

অন্ধ্রের প্রয়াত কংগ্রেসী মুখ্যমন্ত্রীর পুত্র ওয়াই এস জগমোহন রেড্ডি। ২০০৯ সালে তার সম্পত্তির পরিমাণ ছিল ৩২ কোটি টাকা। ২০১১ সালে এই পরিমান ৩৫৭ কোটি টাকা। অর্থাৎ সম্পদ বৃদ্ধির হার দৈনিক ৫০ লক্ষ টাকা।

যোজনা কমিশন তথা কেন্দ্রীয় সরকারের মূল লক্ষ্য হচ্ছে দেশের দরিদ্র মানুষের জন্য গৃহীত বিভিন্ন সামাজিক কর্মসূচী রূপায়ণে বরাদ্দ কমানো যায়। কেন্দ্রীয় সরকারের গুদামে ৬ কোটি টন খাদ্য শস্য পচে যাচ্ছে। সুপ্রিম কোর্ট সরকারকে নির্দেশ দিয়েছে খাদ্য না পচিয়ে গরিব মানুষের মধ্যে বন্টন করার। কেন্দ্রীয় সরকার এই নির্দেশ মানছে না। অজুহাত আর্থিক সংকট।

গত ৭ সেপ্টেম্বর '০৯ 'দি হিন্দু' পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদন থেকে দেখা যাচ্ছে গোটা বিশ্বের মধ্যে ভারতে মোট আভ্যন্তরীণ আয়ের অনুপাতে প্রত্যক্ষ করের অংশ সবচেয়ে কম, ভারতের আয়কর আইন অনুসারে কোনো কোম্পানির ম্যানেজিং ডাইরেক্টরের বেতন, বোনাস বাবদ বার্ষিক আয় যদি ৩০ কোটি টাকা হয় এবং ডিভিডেন্ড বাবদ আয় যদি বার্ষিক ১০০০ কোটি টাকা হয় অর্থাৎ বেতন ও ডিভিডেন্ড বাবদ সেই ব্যক্তির বার্ষিক আয় ১০৩০ কোটি হলে তিনি আয়কর দেবেন ১০ কোটি টাকা অর্থাৎ তার মোট আয়ের মাত্র ০.০১%। কারণ আয়কর আইনের ১০(৩৪) ধারা অনুসারে ডিভিডেন্ড বাবদ আয়ের উপর কোনো আয়কর দিতে হয় না।

কোটিপতি মন্ত্রীসভার সদস্যরা আজ দেশ চালাচ্ছেন। স্বাভাবিকভাবেই মুষ্টিমেয় শত কোটিপতিদের শ্রেণি স্বার্থরক্ষা করাই তাদের একমাত্র লক্ষ্য। তাই যোজনা কমিশনের সুপ্রিম কোর্টে পেশ করা হলফনামার বিরুদ্ধে যখন গোটা দেশে প্রতিবাদের ঝড় ওঠে তখনও মন্টেক সিং দম্ভের সাথে জানান "The fact is that Rs. 4824 per month for a family [of five] to define poverty is not comfortable but it is not all that ridiculous in Indian conditions" Mr. Ahluwalia said in a letter to Attorny General Goolam Vahanbati' [The Hindu 12.10.11]

অর্থাৎ ভারতের আর্থ সামাজিক পরিস্থিতিতে ৫ জন সদস্য বিশিষ্ট পরিবারে মাসিক আয় ৪৮২৪ টাকা হলে তা আরামদায়ক নয় কিন্তু তারা যে গরিব নন, একথা স্বীকার করা কোনোভাবেই হাস্যকর নয়।

কেন্দ্রীয় মন্ত্রীসভার ৭৭% কোটিপতি, দৈনিক ৫ লক্ষ টাকা আয়ের মন্ত্রীও মন্ত্রীসভায় আছেন। আর যাদের শ্রেণি স্বার্থ রক্ষা করতে এরা মন্ত্রী হয়েছেন তাদের প্রতি মিনিটে আয় কত! ২০০৭ সালের ৮ অক্টোবর Times of India-তে প্রকাশিত তথ্য অনুসারে 'In the last three months, Reliance Industreis chairman Mukesh Ambani increased his wealth by roughly Rs. 40 lakh every single minute'.... প্রতি মিনিটে আয় বৃদ্ধি ৪০ লক্ষ টাকা। তাহলে মোট সম্পদের পরিমাণ কত? যে 'আমআদমীর' প্রতি মিনিটে আয় ২.২ পয়সা, যোজনা কমিশনের হিসাব অনুসারে আজ তিনি 'খাসআদমী'। কাজেই সামাজিক সুরক্ষার কোনো কর্মসূচীতে তারা আর অন্তর্ভুক্ত হবেন না। এর চেয়ে নিষ্ঠুর রসিকতা আর কী হতে পারে?

বর্তমান সমাজের সামাজিক অবক্ষয় এবং তার প্রতিকার

অসিত মজুমদার

মানুষ সমাজবদ্ধ জীব। তাই তাঁর প্রতিটি মুহূর্ত সামাজিক কিছু নিয়মকানুন মেনে চলাই বাঞ্চনীয়। কিন্তু আমরা তার বিপরীত কিছু আচরণ সর্বদা করতে অভ্যস্ত। এই নিয়ম নীতিটা আমাদের মজ্জাগত দোষ ত্রুটির মধ্যে আবদ্ধ হয়ে পড়েছে। সমাজের বেশ কিছু বিধি আমরা বর্তমান সভ্যতায় মানতে নারাজ। যেমন বর্তমানে সারা দেশ, পৃথিবী সর্বপরি বৃহত্তর সমাজ আমাদের কিছু উপহার দিয়েই চলেছে, যেটা নাকি মানব জীবনকে কলুষিত করছে বারং বার। পিতা-পুত্রের কলহ, ভায়ে ভায়ে দাঙ্গা, পাড়া প্রতিবেশীর প্রতি হিংসা, বিদ্বেষ ক্রমান্বয়ে মাথা চাড়া দিয়ে উঠছে। এবং যার ফলে আমরা আমাদের মানবিক মূল্যবোধটুকু হারাতে বসেছি। সারাদেশ এবং পৃথিবীর বিভিন্ন প্রান্তে বিভিন্ন সময়ে

আচমকাই বিস্ফোরন-কুচক্রীদের দ্বারা প্রভাবিত হচ্ছে। সেখানে সাধারণ অগনিত মানুষের প্রাণহানী দেশ তথা সমাজের অমূল্য সম্পদের ধ্বংস, ক্ষয় হয়েই চলেছে। আর আমরা তার কতিপয় দর্শক শ্রোতার ভূমিকায় নির্বাক এক রাজনৈতিক পটভূমিকায় ভোটের হিসাব নিকাশ কষেই চলেছি। সামান্য স্বার্থের জন্য আমরা বিশাল ও মহৎ স্বার্থটাকে বির্সজন দিচ্ছি। ভোটের হিসাব নিকাশ ছাড়া আমরা এক পাও চলতে নারাজ।

তাই সেখানে যত বড় ক্ষতিই হোক না কেন, দেশ তথা সমাজের মঙ্গল কামনার চেয়েও বড় হ'ল আমাদের ভোট বাক্সের ভারসাম্য রক্ষা। আর সেটা করতে গিয়েই আমরা আমাদের মানবিক মূল্যবোধটুকুও হারাতে চলেছি। এখানেই প্রকৃত শিক্ষার একটা অভাব আমাদের মধ্যে প্রবাহিত। বর্তমান সমাজের মানুষ আমরা শিক্ষাকে প্রকৃত শিক্ষা রূপে গ্রহণ করতে পারিনি, পুঁথিগত শিক্ষা গ্রহণ করে শুধু certificate গলায় ঝুলিয়ে বড় ডিগ্রি অর্জন করেছি। কিন্তু শিক্ষাকে আমরা অঙ্গীভূত করতে পারিনি। আর তারই ফলশ্রুতি আমরা পদে পদে ভোগ করেই চলেছি। 'রবীন্দ্রনাথ' বলেছিলেন যে, ইংরেজদের দেওয়া এই শিক্ষানীতিতে আমরা office-এর clerk তৈরী হতে পেরেছি কিন্তু নতুন কোন আবিস্কার করার ক্ষেত্রে এই শিক্ষাকে কাজে লাগাতে পারি নি। তাই সমাজের প্রতি সামান্যতম দায়টুকুই আমরা বহন করতে ভুলে গেছি। শিক্ষা বিজ্ঞানের (Education) ভাষায় বলা যায় শিক্ষার দুটি ভাগ (১) জীবিকার জন্য শিক্ষা, (২) জীবনের জন্য শিক্ষা। জীবিকার জন্য শিক্ষা মানে সংকীর্ণ শিক্ষা আর জীবনের জন্য শিক্ষা মানে বৃহত্তর শিক্ষা, যে শিক্ষার কোন গন্ডি বা পরিসীমা থাকে না, যে শিক্ষা সমাজের বৃহত্তর কাজ করতে সাহায্য করে। সেই শিক্ষা দেশ তথা সমাজ থেকে বিলুপ্ত হয়ে, বর্তমান জীবিকার জন্য শিক্ষা অর্জনকারীরা দেশ তথা সমাজকে নোংরা রাজনীতি শেখাতে বদ্ধপরিকর ভূমিকা পালন করছে। হিন্দু, মুসলমান, খ্রীষ্টান, বৌদ্ধ পারসি, জৈন প্রত্যেকে আমরা মানুষের পরিচয় নিয়ে দেশ তথা সমাজে ভূমিষ্ট হয়েছি এবং প্রত্যেকের রক্ত আমাদের লাল। তাই হিংসা, বিদ্বেষ, মারামারি, হানাহানি ত্যাগ করে একই ছত্রছায়ায় নতুন পথ চলার দিগন্তে আমরা যদি নতুন সমাজ গড়ার শপথ গ্রহণ করে একই মন্ত্রে দীক্ষিত হই যে, আমরা, সুষ্ঠ, সুন্দর দেশ, সমাজ গড়ব এবং সেখানে আমাদের কোন রাজনৈতিক প্রতিহিংসা, দলাদলি, মারামারি কিছুই থাকবে না। থাকবে শুধু একটাই স্লোগান—নতুন একটা পরিচ্ছন্ন দেশ এবং সমাজ গড়তে আসুন সকলে এক হই এবং হাতে হাত মিলিয়ে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হয়ে রবীন্দ্রনাথের ১৯০৫ সালের রাখী বন্ধন উৎসবকে স্মরণ করে সমাজের প্রতিটি মুহূর্তের মূল্যবান সময়কে আমরা কাজে লাগিয়ে শান্ত সমাহিত বৈরাগ্যের এক পরিবেশ গড়ে তুলি, আর সেই পরিবেশে প্রতিষ্ঠা করি আমাদের সামাজিক মূল্যবোধের আপন-আপন সত্ত্বা, যে স্বত্তায় শেষ কথা—''জাতি কিন্তু একটাই —মানবজাতি''।

পুঁজিবাদের টানে সমাজের বিবর্তন

জগন্নাথ রায়

পৃথিবীর জন্মলগ্নে ভেদাভেদ, স্বার্থপরতা, হিংসা, পুঁজিবাদ এইধরনের যত রকমের অশুভ প্রভাব, কু-প্রভাব আছে তার কোনটারই প্রভাব ছিল না। কারণ প্রকৃতির অনুপম শ্রেষ্ঠ সৃষ্টি মানুষ তখন ক্ষুধা নিবৃত্তির জন্য বৃক্ষফল-মূল আহার করত, আশ্রয় নিত বৃক্ষ ছায়াতলে, পদচারণ করত তথাকথিত অতি অনুন্নত বনবৃক্ষ তলে। মানুষ তখন সঠিকভাবে আজকের মতো মনুষ্যত্বের বিচারে ছিল—'আদিম মানুষ'। কালের বিবর্তনের ফলে সেদিনের সেই আদিম মানুষের বংশধররা উন্নীত হয়েছে—'পরিণত মানুষে'। সৃষ্টির এই অমোঘ পরিবর্তনে আজও মানুষ তথা সভ্যতার বিকাশ চলছে অবিরাম এবং এটাই চিরন্তন সত্য। পাঠককূলের কাছে পৃথিবীর বিবর্তনের ইতিহাস অজানা নয়, এতদ্ সত্ত্বেও মানুষের বা মনুষ্যজাতির এই বিবর্তনের ধারাটি অতি সংক্ষেপে হলেও আমি এখানে উল্লেখ করলাম কেন? তার কারণ হল কোন বিষয়ের উপর আলোকপাত করতে হলে তার অতীত ইতিহাসটুকু একবার ঝালিয়ে নেওয়াটা জরুরী। যাইহোক,

আবার বিষয়ের মূল পর্বে প্রবেশ করি। আদিমকালে মানুষের জীবন ধারনের জন্য প্রয়োজন হয়—(১) খাদ্য (২) বস্ত্র (৩) বাসস্থান। তার ঠিক পরে মানুষের বেঁচে থাকার তাগিদে প্রয়োজন হল,—(১) খাদ্য, (২) বস্ত্র, (৩) বাসস্থান, (৪) আত্মরক্ষা, (৫) শিক্ষা-এই ভাবে বিবর্তনের প্রতিটি পর্যায়ে মানুষের জীবনধারনের চাহিদা দিনে দিনে বাড়তে থাকল। অবশেষে মানুষের ন্যুনতম চাহিদা একলাফে অনেকটা ধাপ বেড়ে মুখ্য চাহিদাতে ঠাঁই করে নিল, (১) অন্ন-বস্ত্র-বাসস্থান, (২) কাজ-শিক্ষা-স্বাস্থ্য, (৩) সম্পদ-সুখ ও ভোগ বিলাস, (৪) সামাজিক নিরাপত্তা, (৫) সম্মান-স্বীকৃতি ইত্যাদি। বিজ্ঞান ও প্রযুক্তির যত অগ্রগতি হয়েছে মানুষের বেঁচে থাকার লক্ষ্যমাত্রা ততই ন্যুনতম চাহিদার গন্ডি ছাড়িয়ে বৃহত্তর হয়েছে বিজ্ঞানের উদ্‌ভাবনি শক্তির দ্বারা যা যা সৃষ্টি হয়েছে তার নাগাল পাওয়ার জন্য। এইভাবে মানুষের আকাশচুম্বী জীবনযাত্রার মান রক্ষার চাহিদা দিনে দিনে তিলে তিলে বাড়তে বাড়তে অবশেষে গন্ডীর সীমা অতিক্রম করল। কিন্তু দুঃখের বিষয় হলেও সত্যি যে, এর ফলস্বরূপ মানুষের অগ্রগতির পথে ক্রমাগত উন্নতির ফলে মনুষত্ব ও সমাজের কক্ষপথে প্রবেশ করল অতি বিনষ্টকারী সব elements, শব্দের বিচারে বিশ্লেষণ করলে আমার বুদ্ধিতে যেটা দাঁড়ায় সেটা হল—(১) ভেদাভেদ, (২) স্বার্থপরতা, (৩) পুঁজিবাদ, (৪) মেরুকরণ ইত্যাদি। ফলস্বরূপ ভূ-গোলক আজ সংকটাপন্ন, অস্তিত্ব বিপন্নের পথে পা বাড়িয়ে দিয়েছে। বিচ্যুতি ঘটছে সমাজের প্রতিটি স্তরে। কেন একথা বলছি! তা জানতে অন্ততঃ আমার বিচার বুদ্ধির প্রয়োগের দ্বারা যেটুকু বুঝি তা বিশ্লেষণ করছি, সমাজের ও মনুষ্যত্বের কক্ষপথে প্রবেশ করা উল্লিখিত অংশগুলিকে নিয়ে—

ভেদাভেদ ঃ ধনী-দরিদ্র, উঁচু-নীচু, জাত-পাত ভেদাভেদ চিরকাল স্ব-মহিমায় বিরাজ করছে। আজও ঘটে চলেছে নিরন্তর ভারতের আর্থ-সামাজিক অবস্থার সংখ্যাতত্ত্বের বিচারে বিশ্লেষণ করলে দেখা যায় দেশের মোট জনসংখ্যার প্রায় ৪২ শতাংশ মানুষ দারিদ্রসীমার নীচে জীবনধারন করেন, বাকি ৫৮ শতাংশ মানুষের গন্ডীতে রয়েছেন মধ্যবিত্ত, ধনী ও উচ্চবিত্ত সম্প্রদায়ের মানুষ (প্ল্যানিং কমিশনের রিপোর্ট অনুযায়ী)। ধনী ও গরিবের এই আনুপাতিক হারের ক্ষেত্রে একটা বৈষম্য লক্ষ করা যায়। কারণ মনে রাখা উচিত, বর্তমান সভ্যদেশে সাধারণ মানুষও তাঁদের জীবনধারনের ন্যুনতম চাহিদাকে অনেকটা বাড়িয়ে ফেলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির দৌলতে। এ ব্যাপারে বিস্তারিত বিলাপে গিয়ে আমার লেখাটা অতিবর্ধিত করতে চাইনা বলে প্রসঙ্গটাকে এড়িয়ে যাচ্ছি। যাইহোক, উপরিউল্লিখিত শতকরা হারটা বর্তমান আর্থ-সামাজিক ভারতে তথা বিশ্বেও অসংগতিপূর্ণ এবং ক্ষতি কারকও বটে। কারণ এখান থেকে শুরু হয়েছে মানুষের ক্ষোভ, জ্বালা, দুঃখ, ঘৃণা ইত্যাদি ইত্যাদি।

স্বার্থপরতা ঃ স্বার্থপরতার করাল ছায়া ধীরে ধীরে গ্রাস করেছে গোটা সমাজ ব্যবস্থাকে, পঙ্গু করেছে অতিস্বার্থপরতার পদচারনায় গোটা বিশ্বকে। আসলে 'নিজেরটা যতটুকু বুঝি পরেরটা ততই কম বুঝি'। এই সারবত্তাটাই ধ্বংস করেছে মানুষের অন্তরের অন্দর মহলের মনুষ্যত্বনামক মানবিকতার হীরের টুকরোটিকে। এই ধরনের মানসিকতা গোটা সমাজের শিরায় শিরায়, ধমনী দিয়ে প্রবাহিত হয়ে মস্তিস্কে পৌঁছে গিয়েছে। ফলে ক্ষরণ অবধারিত। আবার এই অতিস্বার্থপরতা মানুষে মানুষে সীমাবদ্ধ নেই। রাষ্ট্রে রাষ্ট্রে ও এর ব্যাপ্তি সুদুর প্রসারী আকার ধারণ করেছে। ফলস্বরূপ, শুরু হয়েছে আগ্রাসন, যুদ্ধ-বিগ্রহ, বিশেষ কোন ক্ষেত্রের অধিকার কেড়ে নেওয়া, রাষ্ট্র ধ্বংস করা, ক্ষমতার আস্ফালন ও বিস্তার ইত্যাদি। এর ফলে জন্ম নিচ্ছে দ্বন্দ, নষ্ট হচ্ছে বন, চুরমার হচ্ছে সৃষ্টির কৃষ্টি, অতি স্বার্থপরতার ফলে সৃষ্টি হচ্ছে নানা অবাঞ্ছিত সব ঘটনা।

পুঁজিবাদ ঃ মানুষের এই বিজ্ঞানভিত্তিক সুখ-স্বাচ্ছন্দের চাহিদা ক্রমাগত বাড়ার সাথে সাথে প্রবেশ করেছে ভয়ঙ্কর পুঁজিবাদ। পুঁজিবাদী এই বৃহৎ জগতে প্রায় প্রতিটি দেশের মানুষ আজ দিশেহারা। কারণ পুঁজিবাদের ফলে আর্থ-সামাজিক ক্ষেত্রে ব্যাপক বৈষম্য পরিলক্ষিত হচ্ছে। বিশেষ কয়েকটি পুঁজিবাদী দেশ যেমন—আমেরিকা যুক্তরাষ্ট্র, ফ্রান্স, ব্রিটেন, অস্ট্রেলিয়া, চীন ইত্যাদি কর্পোরেট পুঁজির লালসায় অতি মুনাফার লোভে মরিয়া হয়ে উঠেছে। এই পুঁজিবাদের আকাশচুম্বী লোভে মত্ত প্রতিষ্ঠান বা প্রভুগন টাকা ও জীবন নিয়ে ছিনিমিনি খেলা শুরু করেছে, সৃষ্টি করেছে রাজনৈতিক শ্রেণি, মুনাফার জন্য বাস্তুতন্ত্র ধ্বংস করে ফাটকা খেলে যারা আমেরিকা তথা বিশ্বের ধনী দেশগুলির ট্রেজারী নিঃশেষিত করে ফেলেছে। এইসব প্রভুগণ, বাজার দেবতাকে পূজা করে। নিজেদের গুরুত্ব বাড়ানোর জন্য পুঁজিকে আঁকড়ে ধরে। লাগাম ছাড়া লোভের বশবর্তী হয়ে সুখ-ভোগ-বিলাসে আকৃষ্ট হয় আর সাধারণ মানুষের দুঃখ দুর্দশাকে বিন্দুমাত্র উপলব্ধি করে না। এইভাবে আজকের বিশ্ব অর্থনীতি একটি ক্ষুদ্রগোষ্ঠীর স্বার্থ চরিতার্থ করে মাত্র। বৃহত্তর স্বার্থের দিকে তারা পা বাড়াতে ভয় পায়, ফলে সাধারণ মানুষের জীবনধারনে

পরিবৃত্তের চাহিদাগুলি আজও বিশেষভাবে উপেক্ষিত হয়। ইতিমধ্যে এর প্রতিবাদে ১৭ই সেপ্টেম্বর ২০১১ 'ওয়াল স্ট্রিট্ দখল করো'—এই অভিযান শুরু হয় আমেরিকার নিউইয়র্ক শহরে এবং ক্রমে তা ছড়িয়ে পড়ে জার্মান, স্পেন, ইটালি, অস্ট্রেলিয়া, জাপান, হংকং এইভাবে দেশ থেকে দেশান্তরে। এই প্রতিবাদী স্ফুলিঙ্গ দাবানলের মতো ছড়িয়ে পড়েছে। গত ১৫ই অক্টোবর '১১-তে এই বিক্ষোভ-বিদ্রোহে দেশে দেশে ঐকতান সৃষ্টি করেছে, 'পুঁজিবাদের দপ্তরে আঘাত হানো-দুনিয়ায় সব রাস্তা দখল করো। দুনিয়ায় শ্রমিক ও নিপীড়িত মানুষকে এক হওয়ার মূলমন্ত্র জুগিয়েছে জোরালো ভাবে। আবার আমরা যদি ভারতে আর্থ-সামাজিক অবস্থার দিকে দৃষ্টিপাত করি তবে দেখা যাবে যে, ভারতের প্রায় ৭৮.২ শতাংশ মানুষ দিনে ২০ টাকার কম ব্যয় করতে পারে (অর্জুন সেনগুপ্ত কমিটির ২০০৪-০৫ এর রিপোর্ট অনুযায়ী)। ৬ কোটি শ্রমিকের মধ্যে প্রায় ৯৩ শতাংশ অ-প্রথাগত ক্ষেত্রে কাজ করে, মজুরি কম, সামাজিক নিরাপত্তা নেই বা অপ্রতুল। ১ কোটি ৭০ লক্ষ শিশু মজুরের কাজ করে। ২ কোটি শিশু শিক্ষার ন্যূনতম সুযোগ পায়না বললেই চলে। অথচ সারা পৃথিবীতে ১ শতাংশ লোকের আয় নীচের দিকে ৫৭ শতাংশ লোকের আয়ের সমান। এটা অতি পুঁজিবাদের পরিণাম। পুঁজিবাদ কী ভয়ানক হতে পারে তার জ্বলন্ত উদাহরণ ঢাকুরিয়ার AMRI Hospital-এর আগুন লাগার ঘটনা। ৯ই ডিসেম্বর ২০১১-র এই মারণ খেলা আমাদের চোখে আঙ্গুল দিয়ে দেখাল তার নৃশংসতম রূপ।

মেরু করণ ঃ রাষ্ট্রের চাহিদা পূরণের মধ্য দিয়ে প্রবেশ করেছে রাষ্ট্রে রাষ্ট্রে রেষারেষি, ক্ষমতা প্রদর্শন, আধিপত্য। আদর্শগত পার্থক্যের ফলে শুরু হয়েছে মেরুকরণ। সমাজবাদ ও পুঁজিবাদ এই দুইয়ের সমন্বয় কখনো সম্ভব হয়নি। ফলে পুঁজিবাদের আগ্রাসী মনোভাবের ফলে সমাজবাদীর সাম্যবাদের মনোভাবের প্রতিনিয়ত চলছে দ্বন্দ্ব। ফলে পৃথিবীব্যাপী মেরুকরণ স্পষ্ট হচ্ছে দিনে দিনে। ধর্ম-সংস্কৃতির বিপাকে পড়ে ও অনেক ক্ষেত্রে মেরুকরণ চলছে। এই অতি ক্ষতিকারক মেরু করণের ফলে তদানিন্তনকালে সোভিয়েত ইউনিয়নের মতো সাম্যবাদী দেশ ভেঙ্গে টুকরো টুকরো হয়েছিল পুঁজিবাদী দুনিয়া আমেরিকা যুক্তরাষ্ট্রের কাছে। বর্তমানে মেরুকরণের চরিত্র পাল্টেছে। এক ধনী দেশ আর এক ধনী দেশকে উপেক্ষা করছে অথবা সমীহ করছে না ফলে শুরু হয়েছে পুঁজিবাদের পুঁজিবাদী মেরুকরণ। ইতিমধ্যেই উল্লেখযোগ্যভাবে চীনের নাম এই তালিকায় উঠে এসেছে। কালের অমোঘ নিয়মে যদি নিয়তি থাকে তবে আবার একটা বিশ্বযুদ্ধ হয়ত অবশ্যম্ভাবী বলে আমার ধারনা। ফলে মেরুকরণ এই মুহূর্তে পৃথিবীর কাছে একটা বড় জটিল সমস্যার জন্ম দিয়েছে।

মন্তব্য ঃ বর্ত্তমান বিশ্বের দরবারে প্রবেশ করেছে অনেক কালো ছায়া। এরমধ্যে সবচেয়ে ক্ষতিকারক ছায়াগুলি হল—পুঁজিবাদ, সন্ত্রাস ও আগ্রাসন। পুঁজিবাদ থেকে পরিত্রাণ পাওয়া খুব কঠিন। ব্যাপারটা এমন যে পুঁজিবাদ থেকে গোটা বিশ্বকে মুক্তি দেওয়া মানে ক্ষুধার্ত অজগরের মুখ থেকে জ্যান্ত আগ্রাসী খাদ্যকে ছিনিয়ে আনা। অজগর যেমন তার আহারকে সড়াৎ করে গলাধকরণ করে, পুঁজিবাদ ও তেমন গোটা বিশ্বকে গলধকরণ করে ফেলেছে। এর থেকে পরিত্রান পাওয়া বড়ই কঠোর এবং এর জন্য বিশাল শুভ বুদ্ধিশক্তির প্রয়োজন। বিশ্বের ধনী দেশগুলি দাদাগিরি করার জন্য নিজেদের অজান্তে অনেক সন্ত্রাসবাদী সৃষ্টি করে ফেলেছে। তাদের দুধ কলা খাইয়ে সাপের মতো বিষধর করে তুলেছে। ফলে বিষের ছোবল মারতে তারা সভ্যতার অনুপম সৃষ্টিকে যখন তখন ধ্বংস করার খেলায় মেতেছে। মনুষ্যত্ববোধ বিষের নেশায় নীলবর্ণ ধারণ করেছে, ফলে মানুষ মারতে ওদের হাত কাঁপে না। লক্ষ্য ভ্রষ্ট হয় না ওদের তাক্ করা বিধ্বংসী বুদ্ধির জোর। সন্ত্রাস দমন হয়ত করা যাবে কিন্তু নির্মূল করা যাবে কিনা এতে আমার সন্দেহ আছে। আগ্রাসন একটি ভয়ঙ্কর শব্দ ও বটে এবং এই আগ্রাসনের ফলে গোটা একটা রাষ্ট্র বিপন্ন হয়, ধ্বংস হয় স্থাপত্য, সৃষ্টি, অর্থনীতি। স্তব্ধ হয় উন্নয়ন। তথাকথিত ধনীদেশ এই আগ্রাসন নীতি যতদিন না বদলাবে ততদিন এই আগ্রাসন গোটা বিশ্বকে কুরে কুরে খাবে উঁই পোকার মতো। অবশেষে একদিন হয়ত বিশ্ব অর্ধ-গোলকে পরিণত হতে পারে।

চুল নিয়ে চুলোচুলি

শ্যামল

চুল নিয়ে আমাদের চিন্তা আমাদের সকলের। বিশেষত মহিলাদের। স্তন্যপায়ী প্রাণীদের সারা দেহে চুল আছে। মনে রাখা দরকার চুল বা লোম একই জিনিষ। আমরা বিশেষ কিছু অংশের লোমকে চুল বলি। প্রথমেই জেনে নেওয়া যাক লোম কী? লোমের গোড়া দেহের ত্বকের ভেতরে একটি লম্বা থলির মধ্যে থাকে। যাকে আমরা লোমকূপ বলে থাকি। লোমকূপের নিচে থাকে একগুচ্ছ সক্রিয় ও সজীব কোষ, যাকে বলা হয় হেয়ার ম্যাট্রিক্স। এই কোষের মধ্যে আরো কিছু আছে যাকে মেলানোসাইট বলা হয়।

চুলের জীবনধারায় তিনটি স্তর বা ধাপ আছে। বৃদ্ধির স্তর বা অ্যানাজেন, পরিমিতির স্তর বা ক্যাটাজেন ও স্থিতিবস্থা বা টেলোজেন। বৃদ্ধির স্তর বা অ্যানাজেনকালে হেয়ার ম্যাট্রিক্সের কোষগুলির দ্রুত বৃদ্ধি ঘটে। এরফলে কোষগুলি ক্রমাগত লম্বা হয়ে ত্বকের বাইরে চলে আসে। যতদিন অ্যানাজেনকাল থাকে ততদিন চুল বৃদ্ধি হয়। এখানে জানিয়ে রাখি ট্রাইকো-কেরাটিন নামে এক প্রোটিন চুলকে শক্ত করে। লোমকূপে এক ধরনের কোষ থাকে, যা মেলানাসাইট নামে পরিচিত। এই কোষগুলির মধ্যে মেলানিন নাম প্রোটিন তৈরি হয়, যা চুলের কোষের মধ্যে ঢুকে যায়। মূলত এই মেলা নিনের জন্যই আমাদের দেশের চুলের রং কালো হয়। এখানে বলা প্রয়োজন যে এই প্রোটিনের কিছু হেরফেরের জন্যই কোন কোন ক্ষেত্রে আমাদের চুলের রং সোনালী হয়। সাদা নয় অর্থাৎ পাকা হওয়া। এর কারণ অন্য। সে সম্পর্কে পরে আসছি। একমাত্র অ্যানাজেনকালেই অর্থাৎ লোমকূপের ভিতরে চুলের নিম্নপ্রান্তের কিছু কোষ জীবন্ত। ক্যাটাজেন ও টেলাজেন স্তরের চুলের সব কোষই মৃত। তাই চুল কাটলে লাগে না।

কিন্তু বিজ্ঞাপনের দৌলতে মৃত কোষেও পুষ্টি জোগানোর নানা কথা আমরা শুনে থাকি। টি ভি বিভিন্ন চ্যানেলে শুধুমাত্র বিজ্ঞাপনের জন্য স্বাস্থ্য সংক্রান্ত অনুষ্ঠানে এইসব অবৈজ্ঞানিক প্রচার করা হয়। আর সবচেয়ে অদ্ভুত কথা হল এ বিজ্ঞাপনের দ্বারা প্রভাবিত হয় সমাজের পড়াশুনাজানা অংশের মানুষ। মোটা টাকা খরচ করে তারা বিউটি পার্লারে যান চুলের পুষ্টি যোগাতে। গল্পের গরুকে গাছে চড়িয়ে কিংবা বাঘকে দিয়ে ঘাস খাইয়ে বহুজাতিক কোম্পানীগুলো আমাদের মাথায় কাঠাল ভেঙ্গে কয়েক শ'কোটি টাকার তেল, শ্যাম্পু আরো কত কি বিক্রী করছে তার ইয়ত্তা নেই। বিশেষ প্রজাতির ডাক্তারবাবুরাও উপরি আয়ের জন্য আমাদের ভ্রান্ত পথে পরিচালিত করে। তেল বা শ্যাম্পু নিয়ে আলোচনা এখন থাক। আগে জেনে নেওয়া যাক চুল সম্পর্কে আরো কিছু খুঁটিনাটি।

প্রতিটি চুলের জীবনধারা অর্থাৎ চুলের তিনটি স্তর একই সময়ে শুরু বা শেষ হয় না। যদি হতো তাহলে প্রত্যেকটা চুলের দৈর্ঘ্য সমান হতো, মানে একই হারে বৃদ্ধি পেত এবং পড়ে যেত। একথা আমাদের মনে রাখতে হবে আমাদের দেহের সর্বত্রই চুল বা লোম আছে। বিভিন্ন স্থানের চুল বা লোম বিভিন্ন দৈর্ঘ্যর। এর কারণ জেনেটিক বা বংশানু। আমাদের বয়স বৃদ্ধির সঙ্গে বিশেষ বিশেষ হরমোন নির্গত হয় তার ফলে একটা বয়সের পর আমাদের দেহের বিভিন্ন স্থানে চুল বা লোম গজায়। এই জেনেটিক কারনেই আমাদের কারো চুল কোঁকড়ানো বা সোজা কিংবা পেচানো। চুলের স্বাস্থ্য, বৃদ্ধি ইত্যাদি নির্ভর করে দেহের স্বাস্থ্যর উপর। অর্থাৎ আমাদের দেহের পুষ্টি ও হরমোনগ্রন্থির কাজকর্ম ঠিক থাকলে চুলও ঠিক থাকলেও অপুষ্টিতে চুলের বৃদ্ধি আটকে যায়। সেই কারনে বড় কোন রোগ হলে আমাদের দেহের পুষ্টির অভাব ঘটে সেই সময় চুলের বৃদ্ধি আটকে যায়, অনেক ক্ষেত্রে চুল পড়েও যায়। বয়স বৃদ্ধির সাথে আমাদের দেহের বিশেষ বিশেষ স্থানে চুল গজায়, যাকে আমরা প্রাপ্তবয়স্কের লক্ষণ হিসেবে গণ্য করি। অ্যান্ড্রোজেন নামক হরমোনের জন্যই এইসব স্থানে আমাদের দেহে লোম বৃদ্ধি ঘটে থাকে। পুরুষ দেহে এই হরমোনের পরিমান বেশি থাকে। আবার এই অ্যান্ড্রেজেন হরমোনের পরিমাণ অধিক হয়ে গেলে পুরুষ দেহে লোমের পরিমাণ বেশি হয় আর মাথার চুল কমে যায়—টাক পড়ে। আর নারীদেহেও এই হরমোন আছে কিন্তু তার প্রভাব ব্যালান্স হয়ে যায় তাদের ঋতু প্রক্রিয়ার জন্য। একটা বয়সের নারীদের রজোনিবৃত্তির কারনে দেহে অ্যান্ড্রোজেন হরমোনের পরিমাণ বৃদ্ধি পায়। তখন বয়স্ক নারীদের দেহে (বিশেষত মুখ) লোমের পরিমাণ বৃদ্ধি পায়, মাথার চুল কমে যায়। আরো একটা ব্যাপার জেনে রাখি তা হল বিভিন্ন জাতি বা মানবগোষ্ঠির চুলের ও মেলানোসাইটের জন্য ভিন্ন নির্দিষ্ট বিশেষ বংশানু তাই আমরা বিভিন্ন জাতির ক্ষেত্রে বিভিন্ন ধরনের চুল দেখতে পাই। একই কারনে আমাদের দেহে বিভিন্ন স্থানে চুল বা লোম এক একক রকমের। অর্থাৎ বংশানুজনিত কারনেই মাথার চুল লম্বা আর দেহের চুল লম্বা নয়।

এবার কিছু সমস্যার কথা ধরে এগোনো যাক সমাধানের পথে।

প্রথমেই আমরা, 'চুল পড়া'-র সমস্যার কথায় আমরা আগেই জেনেছি চুল বৃদ্ধির তিনটি স্তরের কথা। অ্যানাজেনের সময়কাল ৩ থেকে ১০ বছর। অর্থাৎ এই সময় পর্যন্ত আমাদের দেহের চুল বৃদ্ধি পায়। ক্যাটাজেন ও টেলোজেনের সময়কাল পড়ে ৩ সপ্তাহ ও ৩ মাস। এইখানে মনে রাখা প্রয়োজন যে দেহের বিভিন্ন স্থানের ক্ষেত্রের এর তারতম্য ঘটে। সাধারণভাবে আমাদের মাথায় পড়ে ৩ লক্ষ চুল থাকে। কমবেশি ৩০ হাজার চুল টেলোজেন স্তরে থাকে। টেলোজেন স্তর কেটে গেলেই সেখানে অ্যানাজেন স্তর শুরু হয়। টেলোজেন স্তরে থাকা ৩০ হাজার চুল একদিনে পড়ে যায় না আবার অ্যানাজেন স্তরও শুরু হয় না। স্বাভাবিক নিয়মেই প্রতিদিন কিছু চুল পড়বেই আবার নতুন চুলও গজাবে। একদিনে ৫০টি চুল পড়ে গেলেও চিন্তা করার কোন কারণ নেই। চুল পড়া নিয়ে একটি তথ্য দেওয়া যাক। আমরা অনেক সময় শুনি বা বলি যে মাথার চুল পড়ে যাচ্ছে কারণ 'টাক পোকা' লেগেছে। অনেক সময় এটা লক্ষ্য করি যে অদ্ভুতভাবে মাথার একটা অংশে কিছুটা স্থানে চুল নেই, যেন টাক পড়েছে। এই ধরনের চুল পড়তে থাকাকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় অ্যালাপোসিয়া বলে। এই অ্যালাপোসিয়া দুই ধরনের হয়, (এক) স্থায়ী - এক্ষেত্রে লোমকূপই নষ্ট হয়ে যায় ফলে নতুন চুল গজায় না। যাকে আমার টাক বলতে পারি আর (দুই) অস্থায়ী - এক্ষেত্রে লোমকূপ ঠিক থাকে, কোন কারণে কিছু সময়কালের জন্য সেখানে চুল গজায় না। মনে রাখবেন এক্ষেত্রে কিন্তু চিকিৎসার প্রয়োজন। আর এই অ্যালাপোসিয়া কিন্তু শুধু মাথার নয় দেহের যে কোন স্থানে হতে পারে। টাকে (মানে স্থায়ী অ্যালাপোসিয়া) চুল গজানো স্রেফ ধাপ্পা ছাড়া কিছুই নয়। কিন্তু গ্রাফটিং করে টাকে চুলের বাহার ফিরিয়ে আনা সম্ভব।

এরপর খুস্কির কিস্‌সা। প্রথমেই জেনে নেওয়া যাক। যাদের সেবোরিয়া আছে বা যারা নিয়মিত তেল মাখেন তাদের মাথায় খুস্কি বেশি হয়। তেল লোমকূপের নালীমুখে ময়লার সাথে সেখানে জমা হয় এর সাথে মাথার মৃত স্খলিত কোষ মিশে খুস্কি তৈরি হয়। শ্যাম্পু বা সাবান ব্যবহার করে নিয়মিত পরিষ্কার করা উচিত। অতিরিক্ত খুস্কির ফলে মাথায় জটিল ধরনের চর্মরোগ হতে পারে। মহিলাদের লম্বা চুলের জন্য তাদের সমস্যা বেশি। কারণ তাদের চুল শোকাতে সময় বেশি নেয়। দীর্ঘ সময় ধরে ভিজে থাকার দরুন লোমকূপের কোষগুলি ক্ষতিগ্রস্ত হয়, ফলে সমস্যা তৈরি হয়। এই ব্যাপারে মহিলাদের সতর্ক থাকা প্রয়োজন। এইখানেই বলে রাখি চুল সেটিং প্রসঙ্গে দু-চার কথা। সাধারণত চুল সেটিং-এ চুলের কোন ক্ষতি হয় না। সাধারণভাবে থায়োগ্লাইকোলিক অ্যাসিড ব্যবহার করা হয়। এতে চুলের কোন ক্ষতি হয় না। কিন্তু কোঁকড়া চুল সোজা করার জন্য প্রধান ফরমালিন বা পারমাঙ্গানেট ব্যবহার করা হয়। বেশি ব্যবহার করলে ক্ষতির আশংকা থাকে। নানারকম বাহারির জন্য খুব টেনে চুল বেঁধে চুল সেটিং করা হয়, এতে চুলের লোমকূপের উপর চাপ পড়ে। এরফলেও চুলের কিছুটা ক্ষতি হয়।

এবার পাকা চুলের পাঁচালী। পাকা চুলের কথা বলতে গেলে প্রথমেই মনে আসবে সেই বিজ্ঞাপনের ডায়লগ, 'দিদি, পাকা চুল আই অ্যাম ফিনিশড্'। যাই হোক পাকা চুল কি? হেয়ার ম্যাট্রিক্সে মেলানাসাইটের পরিমাণ কমে গেলে বা তৈরি না হলে চুলের রং সাদা হয়ে যায়। আর এটাই পাকা চুল। পাকা চুল তুলে ফেললে সেই লোমকূপ থেকে আবার পাকা চুলই গড়াবে। পাকা চুলের কথা বলতে গেলেই একজনের কথা বলতেই হবে তিনি হলেন ইন্দিরা গান্ধী। আমরা সবাই দেখেছি উনার মাথার সামনের একগুচ্ছ চুল পাকা। এই পক্কতা প্রবীনতার জন্য নয়, বংশানুজনিত কারনে। অনেকেরই মাথায় এই ধরনের পক্কতা দেখা যায়। সেই স্থান মাথার যেকোন স্থানে হতে পারে। পাকা চুল কালো করার একমাত্র উপায় হল কলপ। অনেকেই বলেন অধিক চিন্তায় বা পেটের রোগের জন্য নাকি চুল পেকে যায়, এর কোন বিজ্ঞানসম্মত ভিত্তি নেই। এখনতো অনেকেই শখে চুলে বিভিন্ন রং করছে।

আমরা সকলেই জানি এবং আগেই বলেছি যে চুল হল মৃত কোষের সমষ্টি। একে বলা হয় কেরাটিন, এ হল এক ধরনের প্রোটিন। চুলের গোড়া থাকে চামড়ার নীচে অর্থাৎ লোমকূপে। এর পুষ্টি যোগায় রক্তবাহী নালিকা। এর পাশেই রয়েছে সিবোসিয়াস নামে এক বহিঃক্ষরা গ্রন্থি। যা থেকে নিঃসৃত হয় এক ধরনের তৈলাক্ত ধরনের পদার্থ। এই তৈলাক্ত পদার্থ চুলকে চকচকে ও নরম আমরা তাহলে আমরা বলতেই পারি চুলকে সজীব রাখার ব্যবস্থা আমাদের দেহেই আছে। চুলকে তেল দিয়ে আরো চকচকে করা হয় শুধু। চুলের পুষ্টি যোগায় না একথা জোরের সাথেই বলা যায়। উন্নত জীবের ক্ষেত্রে যে কোন কোষই খাদ্যগ্রহণ, পরিপাক বা বর্জন করতে পারে না। প্রত্যেকটির জন্য আলাদা আলাদা কোষ আছে। চুলের গোড়ায় প্রোটিন ঢেলে দিলে চুল সেই প্রোটিন হজম করে নেবে এমন ভাবার কোন কারণ নেই। প্রোটিন বা ভিটামিনের অভাবে চুল পেকে যায় এমন কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই। কিন্তু বিজ্ঞাপনের দৌলতে তেল বা শ্যাম্পু চুলের

প্রোটিন - ভিটামিন যোগাতে পারি। শ্যাম্পুর কাজ মাথার চুলের ময়লা সাফ করা। এই শ্যাম্পু থাকে মূলত ডিটারজেন্ট। যা দু রকমের (১) সাবান আর (২) সস্তার সিন্থেটিক পাউডার। এছাড়াও কিছু চর্বি জাতীয় পদার্থ। বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা হয় শ্যাম্পুতে আছে ডিম, লেবু, প্রোটিন আরো কত কি। প্রথমে বলি ল্যানোলিনের কথায়। ভেড়ার লোম থেকে এই চবি পাওয়া যায়। এটি শ্যাম্পুর সাথে মেশানো হয়। দাবী করা হয় এই মাথার চামড়া থেকে যে অল্প পরিমাণ ফ্যাট চলে যায় তা ফিরিয়ে দেয়। কথাটা খানিক পরিমানে সত্যি হলেও কিন্তু শ্যাম্পুতে ল্যানলিন ২ শতাংশ বেশি মেশানো সম্ভব নয়। এবার ডিমের কথায় আসা যাক। এগ-শ্যাম্পুতে কতটা ডিম থাকে? এগ-শ্যাম্পুতে ডিমই থাকে না। এ কথা ঠিক যে ডিমের হলুদ অংশ চুলকে তৈলাক্ত বা চকচকে রাখতে পারে। কিন্তু তা গরম জলের সঙ্গে ফেটিয়ে লাগানো যায়। তাছাড়াও ডিমে যে প্রোটিন আছে চুলের ক্ষেত্রে তার কোন প্রয়োজন নেই।

এছাড়াও আরো কত ধরনের শ্যাম্পুর কথা আমরা শুনি, যেমন ভেষজ। সেই প্রসঙ্গে সেই একই কথা বলতে হবে। তাই আর বেশি কিছু না বলে এখানেই শেষ করি। আর পরিশেষে বলি বিজ্ঞাপনের মহিমায় মোহিত না হয়ে যুক্তিবাদী মন গড়ে তুলুন।

The Importance of Communication

Ananya Chakraborty

Communication is an important facet of life. Communication skills are essential in all spheres of life, be it an interview or dealing with the project leader or working out a solution with a team or writing a report, precisely getting across the point effectively is what matters.

The success of an endeavour hinges on the ability to communicate effectively in today's fast paced life. In such a scenario effective communication holds the key. Effective communication centers round the usage of words, speed of delivery of words, pitch modulation and body language. Using the right tools to communicate the right messages at the right time can salvage crisis and motivate people to work towards success. In the existing globalization scenario, most of the Information Technology, I.T Enabled Services, Management Institutes, Public and Private Sectors, Multi-national Companies, Union Public Service Commission and State Public Service Commission are in search for right and suitable freshers for executive posts. Whatever be the recruiting criteria that I.T, ITES, Industry Giants have in their agenda, this is very clear that a first class degree will not serve the purpose, the candidates will have to satisfy the skill sets that the companies are looking for. And unanimously, the skill set that they are looking for is communication skills, followed by the rest.

